







ଶ୍ରୀ କର୍ଣ୍ଣାନାଥ

ପ୍ରକାଶକ ପତ୍ର

ଶ୍ରୀ କର୍ଣ୍ଣାନାଥ ପତ୍ର

ପ୍ରକାଶକ

ପ୍ରକାଶକ

ପ୍ରକାଶକ

ହାତୋ ।

ଦେଖିବାରୁ କାହା

ପ୍ରକାଶକ

ଶ୍ରୀ କର୍ଣ୍ଣାନାଥ ପତ୍ର

ପ୍ରକାଶକ

ପ୍ରକାଶକ

ପ୍ରକାଶକ



# শিক্ষাবিধায়ক প্রস্তাব ।

—::—

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায়ার

কর্তৃক

প্রণীত ।

—::—

হগলী ।

মুখোদয় ঘন্টে

—::—

শ্রীকাশীনাথ ভট্টাচার্যের হারা

৪ র্থ বার মুজিত ।

—::—

১২৭৬ মাল ।

মুজুল ১ এক টাকা ।



## প্রথম বারের বিজ্ঞাপন।

— 三 條 未 —

এই কুস্তি পুনৰ্মাণ থানি বঙ্গীয় বিদ্যালয়ের অধ্যাপক গণের সিনিভ প্রস্তুত হইল। ইহার অথবা, বিদ্যাশিক্ষার প্রয়োজনীয়তা এবং শিক্ষকবর্গের কর্তব্যতা তথা কিএকাব শিক্ষা একেন এতদেশীয় বালকদিগের প্রতি বিহিত হয়, তাহার সংক্ষেপ বিবরণ আছে। ইহার দ্বিতীয় ভাগে বালক শ্রেণী সকলকে বিদ্যালয়ে শিক্ষণ প্রদান করিবার উপরোগী ক্রতিপায় নিয়ম নিবন্ধ হইয়াছে; এবং সেই নিয়ম সকলের সুখাববেষ্ঠার্থ কয়েকটী উদাহরণও প্রদর্শিত হইয়াছে। পুনৰ্মাণের সর্বশেষ অংশে, পরিবার মধ্যে সন্তুষ্টবর্গের মে প্রকারে প্রতিপালন হওয়া আবশ্যিক, তাহার স্থূল স্থূল কিঞ্চিৎক কথিত হইয়াছে।

পুস্তক থানি অতি ক্ষুদ্র ; কিন্তু ইহার উদ্দেশ্য  
অত্যন্ত বিস্তীর্ণ ; অভিএব ইচ্ছাতে শিক্ষা শাস্ত্রের প্রথম  
প্রস্তাবনা মাত্রই হইতে পারে। পরন্ত, একগুলি  
দেশীয় ভাষায় বিদ্যা-বিজ্ঞানের নিমিত্ত যে একার  
এবত্ত্বারস্ত হইয়াছে, যদাপি এই নিবন্ধ দ্বারা তাহার  
কিঞ্চিম্বাত্রও সাহায্য হয়, তাহা হইলেই কৃতার্থস্মান্য  
হইব।

## ଦ୍ୱିତୀୟ ବାରେର ବିଜ୍ଞାପନ ।

শিক্ষাবিধায়ক প্রস্তাৱ অনেকাংশে পরিবর্ত্তিত হইয়া দ্বিতীয় বার মুদ্রিত হইল। ইহাতে থে সকল মূলন বিষয় সম্বিশিত কৰা গিয়াছে তাহা নিম্নবর্ণী পৃষ্ঠাপত্র দর্শনেই স্পষ্ট বোধ হইতে পাৰিবে।

# সূচীপত্র।

## প্রথম অধ্যায়।

অনসাধারণের মধ্যে বিদ্যা এচারের প্রয়োজনীয়তা—শিক্ষকের ব্যবসায়—বঙ্গীয় শিক্ষকদিগের প্রতি  
উপদেশ। .. . . . . পৃষ্ঠ ১৪

---

## দ্বিতীয় অধ্যায়।

শিক্ষকদিগের প্রতি বিশেষ উপদেশ—বিদ্যালয়ে  
শিক্ষা প্রদানের রীতি। .. . . . ঐ ৩৩

---

## তৃতীয় অধ্যায়।

লিখন এবং পঠন শিখাইবার রীতি—কাঠ ফলকের  
ব্যবহার—ধূমির ধারায় বঙ্গীয় বর্ণমালার শিক্ষা। \* ঐ ৪১

---

## চতুর্থ অধ্যায়।

গণিত বিদ্যা—কাঠফলকের ব্যবহার—‘গণিতক’ বক্সের  
ব্যবহার—সংখ্যা সম্বন্ধীয় বিবিধ পাঠ-শতিকা-নামতা  
—সংকলন, ব্যবকলন, পূরণ, হরণ—ট্রেরাশিক—পরি-  
মাণ সূত্র—ভিন্ন রাশি। .. . . . . ঐ ৬৮

---

পঞ্চম অধ্যায় ।

পাঠ বলিয়া দিবার রীতি—বিদ্যালয়ের ব্যবস্থত পুস্তক  
কতিপর হইতে তাহার উদাহরণ প্রদর্শন । পৃষ্ঠ ৭৮

ষষ্ঠ অধ্যায় ।

বস্তুবিদ্যা—বস্তুমণ্ডসী—কাচবিষয়ক কতিপয় আনু-  
ক্রমিক পাঠ প্রদর্শন—সরল বাক্য রচনা—শিশুকর  
রচনা—গদ প্ররূপ দ্বারা বাক্য রচনা । .. . এ ১৫

সপ্তম অধ্যায় ।

বাক্যরূপ—গদ এবং বাক্যের অনুয় করিবার রীতি—  
শব্দের বৎপত্তি—বিদ্যালয়ের ব্যবস্থত পুস্তক কতিপয়  
হইতে ইহার উদাহরণ প্রদর্শন । .. . এ ১১২

অষ্টম অধ্যায় ।

ক্ষেত্রতত্ত্ব—‘কাস্টিকাপাঠ’—যুক্তিদের প্রধান২ প্র-  
তিজ্ঞা কতিপয়ের কার্য্যাপর্যোগিতা প্রদর্শন—দূরত্ব  
এবং উচ্চতা পরিমাণের স্বত্র—বর্গপরিমিত—ঘন-  
পরিমিত । .. . . . . — . . এ ১২১

নবম অধ্যায় ।

বাচনিক শিক্ষা—পরীক্ষাবিধান—সামান্য বিবিধ

ଦଶମ ଅଧ୍ୟାୟ ।

गान्धीजि करण—डॉगोल—इतिहास। .. दि ३५९

### একাদশ অধ্যায় ।

বিদ্যালয়ে ধৰ্ম এবং শারীরিক শিক্ষার উল্লেখ—গচে  
সন্তুষ্টিগ্রহণের কি রূপ শিক্ষা হওয়া কর্তব্য, তাহার  
ক্ষেত্র বিবরণ। . . . . . ৫ ১৭২

# শিক্ষাবিধানক প্রস্তাব।

প্রথম অধ্যায়।

— —

[ সর্বসাধারণের পক্ষে বিদ্যা শিক্ষার অযোজনী-  
ষ্টত—শিক্ষা-শ্রণালী সংশোধনের তাইগৰ্হ্য—শিক্ষক-  
বিগের প্রতি উপদেশ।

— ১০০ —

“হাতাধারযুক্ত তপঃ” অর্থাৎ বিদ্যাজ্ঞানই  
বিদ্যার্দিগের অধান তপস্যা। তিনি এই কথার  
সম্পূর্ণ তাইগৰ্হ্যাবগত হট্টাছেন, তিনি কাহারও পক্ষে  
বিদ্যা শিক্ষা অযোজনীয় বোধ করেন না। তিনি  
জানেন, বিদ্যাজ্ঞানের অন্য কল আর বৃত্ত ইউক বা শা  
ইউক, তদ্বা মানসিক স্মৃতি সকলের অনেক সদ্বৃত্ত  
অযৌ—তিনি জানেন যে অধ্যয়নকপ তপস্যাপ্তারা ঘনের  
চাঁকলা দমন কইয়া দৈর্ঘ্য, সহিষ্ণুতা, পরোক্ষ-জ্ঞান এবং  
পরিগাম-দর্শন প্রতি গুণসকল অবশ্য বিহিন্নাকান্ত  
বৰ্ণিত হয়। ইহা জানিয়া তিনি কোন ব্যক্তির বিদ্যা  
শিক্ষার অতিরিক্ত হয়েন না—অতি নিষ্ঠাপ্রতি শোক-  
বিগেহও কিঞ্চিতও জ্ঞানবোগ থাকা প্রার্থনীর বোধ  
করেন। এই কুন্ত ই অন্যদেশীয় কোন অধাম পত্রিত

করিতেন, যদি কেহ সামাজিক বিকাশ করিতে হারি, তখনি একজপ ব্যাকরণ পড়িয়া যাওয়া চাল নাই, এবং সত্ত্বালে ইউরোপীয় এবং আমেরিকার সঙ্গ জাতি মত্তেরই সেইরূপ বিবেচনা নির্ভাবিত হইয়াছে। অ-  
বেদিক, ফটোগুলুসি, ইংলণ্ড প্রভৃতি রাজ্যে তত্ত্ব  
শাসনকর্তৃগণ সর্বসাধারণের বিদ্যা শিক্ষার্থ-সমূহ  
অবস্থা করিতেছেন। এই দেশের ইঞ্জিনিয়ার-  
টেকনিক প্রকৌশল কেবল প্রার্থশালী ব্যক্তিবর্গের  
বিদ্যা শিক্ষার্থ নাই কৃত এবং আবণীয় অথবা ইংরাজী  
পাঠশালা সকল সংস্থাপন করিতেন, প্রস্তুত তাঙ্গা  
কয়িতা হই তুট হয়েন না। যাহাতে কি সত্ত্ব, কি  
আচ্ছা, কি হৃষে, কি বশিক্তভিশালৈ সকলেই আনন্দ-  
গণ কিন্তু জ্ঞানসূত্র হইয় যাহার যে ভৱিত তাহার  
কর্তব্য নিষ্ঠাৰ করিতে পারে, সর্ব সাধারণকে দেশীয়  
ভাষার এমত শিক্ষা প্রদান করিতে রাখে শুধুবিগের  
অভীট হইয়াছে। তাহারা তদর্থে অর্থ ব্যয় করিতেও  
কাতুর নহেন। দেশীয় অনগণ স্বীকৃত রালক বালক-  
বিদ্যাকে সুগিজ্ঞ সক্ষম করিবার মানসে পাঠশালা  
সংস্থাপন করিলেই দ্রুতকোষ হইতে কথোচিত পরি-  
মাণে সাহায্য প্রাপ্ত হইতে পারেন।

বাজদেশের উন্নতি প্রাপ্ত হলে এমত কুবেগ আব  
কথা হত নাই। দেশীয় মহাশূরের বিবেচনা করন,  
নাই। ১৯১১ শেক বিজাপুর হইল দেশের কি পর্যন্ত

শিক্ষার প্রয়োজনীয়তা। যে সকল অভ্যাসারের জন্য লোক সকলকে একস্থে তাজমতে দণ্ডিত হইতে হইতেছে— যে সকল আমাক হেতু আমবদ্ধ বিদ্য কার্যে ব্যাপ্ত হইয়া শষ-অক্ষতি লোকের চাকুর্যে পুনঃ পুনঃ বিড়-বিড় হইতেছে— যে যবল যুর্ণতা দৌরে এতদেশীয় মহুবাহুল কৃপবশুকৰ দিগ্নীশ্বর শূন্য হইয়া রহিয়াছে; যে সম্মান্য না ইউক,— তাহার অনেক নিরাকৃত হইবে। তখন এই বঙ্গ দেশের মুখ কেমন উজ্জ্বল হইবে! দেশীর মহাশয়েরা এই সকল বিবেচনা করিয়া এমত বহু কর্মে উৎসাহ এবং অনুরাগ প্রকাশ করন।

আমাদিগের দেশে সর্ব সাধারণের বিদ্যা শিক্ষা যে কখন প্রচলিত হিল না এষত নহে। কেবল দেব ও যু-অভ্যতি তত্ত্ব কতিপয় অমৃ পাঠেই শ্রী শুভ্রা-বিহ অবধিকার আছে। অতি পূর্বতন কালেও সাধারণ লোকের ধর্ম জ্ঞান এবং বিদ্য বুদ্ধি সন্তুষ্টির্মার্ঘ মুনিগণ পঞ্চ লক্ষণ সুস্থ পুরাণ সকলের ব্যাখ্যা করিতেন। আর একস্থেও দেখিতে পাওয়া যায়, এই সুবিজ্ঞীর বঙ্গ ভূমির মধ্যে এমন একটি প্রথান আম নাই, দেখানে ভাল ইউক, বা যদ ইইক, একটি পাঠশালা নাই। অতএব বর্তমান রাজ্যে শরণদিগের যে সর্ব সাধারণকে যিনি ধিক্ষা বিবার প্রথা, তাহা আমা-বিশের পক্ষে নিতান্ত সূত্র ব্যাপ্তার নহে।

যদি বল তবে উহারা কি করিবেন, আমাদের ক

অকলই আছে। তাহার উত্তর এটি। ঐ সকল পাঠ-শাস্ত্ৰ একেন বিদ্যা শিক্ষা উত্তম হয় না। বহু কালা-বৰি ভিত্তি আভীয় রাজাদিগের এতদেশীয়ের বিদ্যার প্রতি দিৱাগ থাকাতে ঐ সকল বিদ্যালয়ের অধ্যাপনা কাৰ্য্য অতি অকৰ্ণনা সোকেৱ ইত্তগত হইয়াছে। পদাৰ্থবিদ্যা, মৰ্মনশাস্ত্ৰ প্রভৃতি অধ্যান বিদ্যার কথা দূৰে থাকুক, উহারা মাতৃজাতীয় বহুভাবা শিক্ষা কৰাই-তেও অক্ষম, আৰ তাহাতা যে আজ বিদ্যার গৌৱৰ কৱিয়া থাকেন, তাহাত কোচিং ‘কল্পিকবাৰ’ উচ্চে উচ্চে সা। কোন সৱিজ্ঞ কামৰূপ সন্তুষ্ট শুভ্ৰিগিৰি, গোমতাগিৰি অভৃতি কৰ্ত্ত কাৰ্য্য অশুভ হইলেই পৱিত্ৰে একটা পাঠশালা খুলিয়া ‘কুক-মহাশয়’ ইইয়া বহুলেন ! কে না জানেন, বে দীপ হীন কুমুদন কুমাৰ-দিগের বজ্মান হাজন অভৃতি জীবনেশ্বৰ কোথা ও কিছু না শুটিলেই অবশ্যে তাহার। কুক-মহাশয়ের প্রতি অবলম্বন কৰেন ?

হখন এমন অকৰ্ণনা সোক সকল অধ্যাপনা কাৰ্য্য নিযুক্ত হয়, তখন বিদ্যারঙ্গ গৌৱৰ কুমুদ হইবে, তা-চৰ্যা কি ? কিন্তু আমাদিগের দেশেৰ লোক সকল প্ৰাচীৰ বীতিৰ কেমন বশীভৃত ! ঐ সকল পাঠশালার সন্দৰ্ভগলকে প্ৰেৰণ কৱিয়া কোন কলোনৰ হয় না জানেন, তবোপি অনেকেই তনুজদিগলকে কিছুকামেৰ নিবিজ্ঞ কুক-মহাশয়ৰ গৰ্গেৰ অধীন কৱিয়া রাখেৰ। এমন দেশে

রাজা প্রজা উভয়ের একদা বিদ্যার অতি আগ্রহ দেখিতে পাইলে কাহার মনে স্মৃতি এবং সাহস না জন্মে ?

রাজ্যাধিরাজ্যের এমত অতিথার নয় যে, বর্তমান গুরু-মহাশয় সকলকে একবারে হত্তি হৈন করিয়া আপনারদিগের মনোনীত লোক সকল নিযুক্ত করেন । তাঁ-হারা উপদেশ এবং দৃষ্টিস্তু উভয় অকার উপায় অবলম্বন করাৰা গুরু-মহাশয়দিগের শিক্ষা-প্রণালী সংশোধন করিতে চাহেন । একথে বালকেরা পাঠশালার কোন উত্তম পুস্তক পাঠ করিতে লিখে না, এক খানি পুরু শুভকল্পে সাধু বক্ষ ভাষায় লিখিতে পারে না, বিশ্পোতা কর আশৰ্য্য নিরম সংস্কাপন করা স্বচ্ছ সংসাব প্রতিপাদন করিতেছেন, তাহার কিছুমাত্রও অবগত হয় না—এই সকল ক্ষমতা এবং জ্ঞানের উৎপাদন করাই শিক্ষা-প্রণালী সংশোধনের একমাত্র তাওপর্য ।

কিন্তু তদৰ্থ যে সকল শিক্ষক নিযুক্ত হইতেছেন তাঁহাদিগের বিশিষ্ট ষড় বাতিরেকে ঝঁ তাওপর্য সিদ্ধ হওয়ার সন্দৰ্ভে সুন্দর পরাহত । অতএব তাঁহাদিগকে কহি, হে অধ্যাপকবর্গ ! আপনারদিগের প্রতি অতি সুমহৎ তারাপর্ণত হইতেছে । অতি সাবধানে কর্তব্য-নৃষ্টান্মে গ্রহণ হউন—আপনারা ষড় করিলে এই দেশীয় সর্ব ব্যক্তির ঐতিক পারত্তিক মঙ্গলগ্রাম দর্শনের সৌপাল করিতে পারেন, মচেৎ নিরুত্পংগকে লিঙ্গ সাহ করিয়া আমাদিগের বর্তমান ছুরুবছাঁকে ক্ষেত্ৰে বৎসর অধিক স্থায়ী করিতে পারেন ।

ଅଧ୍ୟାତ୍ମ : ଆପନାଦିଗେର ଏই ବିଦେଶୀ କର୍ମ କ-  
ର୍ତ୍ତବ୍ୟେ, ଆପନାରୀ କି କେବଳ ବିଜ ପ୍ରାଣେ ଶିକ୍ଷକତା  
କାର୍ଯ୍ୟ ଆହୁ କରିଯାଇଲୁ, ଅଥବା ଅମ୍ବା ଲକ୍ଷ କର୍ମ ଅପେ-  
କ୍ଷ ଇହାତେ ମନୋବ ଅଧିକ ସମ୍ଭାବ ଏହି ବାବନୀରେ ପ୍ରାପ୍ତ  
ହେଇଯାଇଲୁ । ସମ୍ଭାବ ଅର୍ଥ ପ୍ରାଣେ ଆସିଯା ଥାକେଲୁ, ତଥେ  
ଶ୍ରୀମୁ ଏହି କର୍ମ ପରିତ୍ୟାଗ କରିଯା ଉପାୟାବ୍ସର ଅନୁମତାଦି  
କଳମ । ଯେ ହେତୁ ଶିକ୍ଷକର କର୍ମୀ ସମ୍ବନ୍ଧ କଥାରେ କୃପା ଓ  
ଧର୍ମଶାଖା ପରିପୂରଣ ହେଇବାର ମନୋବନ୍ଦୀ ନାହିଁ । ବର୍ତ୍ତମାନ ଦେଖି-  
ବେଳ ସେ, ଆପନାଦିଗେର ଅପେକ୍ଷା ଅନ୍ତରୁଦ୍ଧି, ଅନ୍ତାବିଦ୍ୟା,  
ଅନ୍ତ ପରିଅମ୍ବୀ ଏବଂ ଅନ୍ତ ବର୍ତ୍ତମାନ ଦୋଷକେ ଅକାମ୍ଯ ଗ୍ରାହକ-  
କାର୍ଯ୍ୟ ବା ଯବନୀରେ ବ୍ୟାପ୍ତ ହେଇଯା ଆପନାଦିଗେର ଅ-  
ପେକ୍ଷା ଧନଶାଲୀ ଏବଂ ଅନ ମନ୍ଦାଜେ ଅଧିକ ମାନନ୍ଦୀର ହେ-  
ତେହେଲୁ, ତଥବ ଆପନାଦିଗେର ମନୋବେଦନୀର ପରିମୀଳା  
ଥାକିବେ ମା । ତଥବ ଶ୍ରୀମ ବାବନୀରେ ଶ୍ରଦ୍ଧି ଅଜ୍ଞା ଅଜ୍ଞି-  
ବେ, ଏକାନ୍ତ ତାତ୍ତ୍ଵିଳୀ ହେଇବେ—କିନ୍ତୁ ଶିକ୍ଷକର କର୍ମ ଏମତି  
ଅନ୍ତପାରାସମାଧ୍ୟ ନହେ ସେ, ଇହାତେ ସମ୍ମିଳିତ ଅନୁଭାଗ ମା  
ଥାକିଲେ କାର୍ଯ୍ୟ ସିଫ ହୁଏ । ଅତଏବ ଅପ୍ରେଇ ଲାବଧାର  
କରି, ଯାହାର ଧନୋକାତ୍ମକ ବା ଅନ୍ତଃ-ପ୍ରକଳ୍ପି ଇତି ତାହାରୀ  
କଣାପି ଏହି କର୍ମୀ ପ୍ରାପ୍ତ ହେଇଥିଲା । ଏହି ବିଦେଶୀଗଲଙ୍କେ  
ଅଧିକ କି ସମ୍ଭାବ ? କୋମ ଦୁଃଖ ଜ୍ଞାନ-ମନ୍ଦର ଥାକି  
କହିଯାଇଲୁ, “ଇହ ଦୋଷକେ ମୁହଁରେ ଉପକାର କରା ଏବଂ  
ତଥାପିଲଙ୍କେ ତାହାର ପୁରୁଷାର ପ୍ରାପ୍ତ ହେଲା, ଶିକ୍ଷକ” ।  
ମହାଶୟାନ୍ତି ଇହାଇ ବିଧାକାର ଦିର୍ବଳ ।”

ମୈତଃ । ତେ ଶିକ୍ଷକ ବର୍ଗ । ସମ୍ଭାବନାରୀ-ନିଜ

## শিক্ষাদিগের প্রতি উপদেশ।

৭

ব্যবসায়ের প্রতি ঔডি-সম্পর্ক হইয়া ইহাতে প্রভৃতি  
হইয়া থাকেন, তবে আমিবেন বে শিক্ষা কার্যোর  
সুস্থিতালী সমূহার অঙ্গস্তুতি আপনারদিগের কলাত  
হইবে। বাস্তক বাস্তিকাদিগের সরস কলার ক্ষেত্রে বিদ্যা  
এবং ধর্মীব বীজ বগম করার—ও সেই বীজ সকল  
ক্ষমতা: অক্ষুরিত, পরিবর্ণিত, পূর্ণাত এবং ফলিত  
হইতেছে দর্শন করার বে, সাতিশয় আমোদ জন্মে তাহা-  
তেই শুঁড় হইয়া আপনারা হে কত পরিশ্ৰম, কত সহিষ্ণুতা  
স্বীকার করিবেন তাহা এফলে কি বলিব? যাহারা  
আপনাদিগের মনোনীত কর্ম অর্থ ব্যয় করেন, শারী-  
রিক ক্ষেত্রে স্বীকার করেন, নিজৰ পুরুষায় পৰ্যন্ত ধৰ্ম  
করিয়া ফেলেন তাহারাই কর্ম করিবার সমুদায় সুখ  
অনুভব করিতে পারেন। শিক্ষকতা কার্যোর প্রতি  
সমাধিক অনুবাদ থাকিলে কি একার ছাত্রবর্গকে সুশিক্ষা  
সম্পর্ক কবিবেন, তাহার উপায় অনুসন্ধান কৰিতে  
প্রয়োজন হইবে—তাহাদিগের নির্মল অঙ্গস্তুতি করণে পাছে  
কোন কুমৎস্তাৰ সংলগ্ন হয় এই তবে জীত হইয়া আপ-  
নারা স্বত্ব চিন্তনক্ষিব চেষ্টা পাইবেন—যদি কোন  
অযোগ্য শিক্ষা বশতঃ তাহাদিগের কদাপি কোন অনুভব  
হচ্ছে, এই জন্মা আপনাপল তথ সংশোধনের নিমিত্ত  
যত্থ করিবেন—শিশুগণের গ্রন্থ-জাজম স্ব। হইলে তাহা-  
দিগকে উত্তোলনে শিক্ষা সম্পর্ক কৰা যাব না ইহা  
অনুভূতি আগমনাদিগের আমোদ প্রযোগ তাহুলি বিশুদ্ধ

କରିବେମ—ଏହିକଟେ ଶ୍ଵୀର କାର୍ଦ୍ଦ୍ୟର ପ୍ରତି ଅନୁରାଗ ଥାକି-  
ମେଇ ଆମମାନିଗେର ମନ ବିମଦ, ବୁଦ୍ଧି ପରିଷ୍କର, ବିଦ୍ୟା  
ଅମାଦ-ଶୂନ୍ୟ, ଆମୋଦ ଅନିଜ୍ଞିତର ହିଲେ । ଏହି ସକଳ  
ଶୁଣ ଉପଚିତ ହିଲେ ମୁଖେରଇ ବା ଅଭାବ କି ?

ତୃତୀୟତଃ । ସେ ସମାଜର ଅଧ୍ୟାପକଗଲ ଶ୍ଵୀର ବ୍ୟବ-  
ସାରେର ପ୍ରତି ସର୍ବତୋତ୍ତାବେ ଶ୍ରୀର୍ଥି-ମନ୍ଦିର, ତୀହାଦିଗଙ୍କେ  
ଧନିଓ ଅଧିକ ବଲିବାବ ଆବଶ୍ୟକତା ନାହିଁ, ତଥାପି ଏତ-  
ଦେଶେର ପ୍ରଚଲିତ ଶିକ୍ଷା-ଅଧ୍ୟାପକ ବିବେଚନୀ କରିଲେ କିମ୍ବିଏ  
ଯୁଗ କବିଯା ଦେଓଯା ପ୍ରେୟୋଜନୀୟ ବୋଧ ହୁଏ । ଅମ୍ବଦେଶେ  
ଏହୁ ଅଭାସ କରାର ମାର୍ଗରେ ବିଦ୍ୟା ହଇଯାଇଛେ । ଅତେବେ ସେ  
ସକଳ ଅଧ୍ୟାପକ ଶ୍ଵୀର କାର୍ଦ୍ଦ୍ୟ ଏକାନ୍ତ ଅନୁରାଗ, ତୀହାରାଇ  
ଏ ଭରତୀୟ ସାଧାବନ ଶିକ୍ଷକଦିଗେର ଅପେକ୍ଷା ବିଶିଷ୍ଟ  
ମନୋବୋମ୍ପାଦି ହିୟା ଶିଶୁଗଙ୍କେ ଅଭିରିଜ୍ଞ ଏହୁ ଅଭାସ  
କରାଇତେ ଅହୁ ହିଲେ । କିନ୍ତୁ ବସ୍ତୁତଃ ଏହୁ ଅଭାସ  
କରାର ମାର୍ଗରେ ବିଦ୍ୟା-ଶିକ୍ଷା ନହେ । ପୁଣ୍ୟ ପ୍ରାଠ କରାଇବାର  
କାଳେ ଅଧ୍ୟାପକ ମାତ୍ରେର ଯୁଗ କରା ଉଚ୍ଚିତ ହେ, ଏହୁକାର  
ସକଳ ସେ ପ୍ରକାର ଶ୍ରୀର-ଧୀଶ୍ଵର-ମନ୍ଦିର ବ୍ୟକ୍ତି ଛିଲେ,  
ଆମାଦିଗେର ହାତବିଗେର ମଧ୍ୟେ ଓ ଅନେକ ମେଇ ରୂପ ହିଲେ  
ହିତେ ପାରେନ । ଅତେବେ ଏହୁକାରଦିଗେର ରୂପ ଏହୁ  
ସକଳ ଶିଶୁଦିଗେର କର୍ତ୍ତ୍ୟକୁ କରିଯା ଦେଓଯା ଅପେକ୍ଷା ଯା-  
ହାତେ ଉହାଦିଗେର ବୁଦ୍ଧିର ଫୁଲ୍‌କ୍ରି ହୁଏ, ଏମତ ସତ୍ତ୍ଵ କରାଇ  
ବିଧେୟ । ଏହୁମାକଲେର ନିନ୍ଦା କରା ଏହି କଥାର ତାଙ୍ଗର୍ଥ  
ନହେ । ସେବନ ଇନ୍ଦ୍ରଜି-ମଂଧ୍ୟୋଗ ଅଧି ପ୍ରଜ୍ଞାଲମେର ଏବଂ

বারি-দেচন উপরিলক্ষণের মতো পাঠও বুঝি বিশেষের এক অসাধারণ উপায়। কিন্তু যেমন অভিবিজ্ঞ কাঠামো সংবেগে অগ্রিমণি অভ্যন্তর না হইয়া নির্ধারণ আশ্চর্য হয় এবং অভ্যন্তর অসুস্থিতে বীক্ষ-সকল অসুস্থিত না হইয়া একেবারেই পচিয়া থায়, সেই-স্থগ অপরিমিত অন্ত অক্ষাংশে শিক্ষাদিগের কোমল বুঝি ধৰ্মতা আশ্চর্য হইতে পারে। অতএব বালকদিগকে শিক্ষণ প্রদান করায় সর্বদা সাবধান হইতে হয়, যেখ শিক্ষার দোষে তাহাদিগের আধুনিক বুঝির কোমল দোষ না আছে। তাহারা প্রতাহ যাহাই পাঠ করে, তাহা বেশ উত্তমরূপে বুঝে এবং অপনাদিগের জীড়াকলাপের সহিত মিলাইতে পারে। তাহা হইলেই দিন দিন তাহাদের বুঝির বল বৃদ্ধি হইবে, ধাৰণাশক্তি অধিক হইবে এবং পুনর পাঠের প্রতিও বিশেষ আশ্চর্য জন্মিবে। তখন শিক্ষকেরা-অন্যাংসে তাহাদিগকে অনেক পুনর পাঠ করাইতে পারিবন। কৃত্যার সময়ে আঁহার করিলে বেগেন কোমল কৃতি হয় না, প্রতুত শরীরের উপকার দর্শে, তেমনি সেই বিদ্যার্থকৃত্যা উপস্থিত হইলে যত পুনর পাঠ করাইবেন ততই মানসিক বল বৃদ্ধি হইতে থাকিবে। কিন্তু যত দিন সেইটি না হয়, ততদিন অত্যন্ত সাবধান হওয়া উচিত।

পুনর পাঠ করাইবার উপরিক আবশ্য কিঞ্চিং বজ্জ্বল্য এই হে, পুনর গুলিট কেবল সম্মান বিদ্যাক

আধাৰ নহে। অনেকে পুতুলৰ পত্তিয়াও কৃতকৰ্ম। এবং বিজ্ঞপ্তি বলিয়া বিধ্যাত হইয়াছিলেন। অভুত অসমা বিৱিচিত অসু অপেক্ষা প্ৰমেশৰ অণীত এই অগ্ৰগতি উৎকৃষ্টতাৰ প্ৰয়। তাহারা কেবল কাণ্ড-মিক পুস্তকসকল পাঠেই অহোৱাত বিষয় থাকেন এবং শিশুৰে গ্ৰন্থ সকল পুস্তক পাঠেৱ উপৰোগী বৰ্ণনাবলী শিক্ষা কৰেন, কিন্তু সৰ্ববিদ্যার আধাৰ এই জগতৰপ অসু যে বৰ্ণনাবলী এবং যে জ্ঞানায় লিখিত হইয়াছে তাহাশিক্ষা কৰেন ন। তাহারা কি চৰ্ত্বাগ্য ! তাহারা কেবল পুস্তকেৱ ভাষা শিক্ষা কৰিয়াছেন, সুতৰাং তাহারা বিজ্ঞপ্তি পুস্তক পাঠ কৰেন, ততকৰ্ত্তা শিক্ষা কৰিতে পারেন। সাংস্কৃতিক কাৰ্য্যালয়কে যখন তাহাদিগকে পুস্তক পৰিত্যাগ কৰিতে হয় তখনই তাহাদিগেৰ কিছাৱল বিৱাম পড়ে। কিন্তু যিনি কেবল পুস্তক পাঠ কৰিতে না শিখিয়া এই সৃষ্টিৰ বিবিধ বাপৰিৰ সহকে চিন্তা কৰিবার উপায় আশু হইয়াছেন, তিনি বেকাৰে কৰেন কৰন ন। সকলই তাহার শিক্ষাৰ সহকাৰী হয়।

চতুর্ভুজ : ১. বিদ্যাবৰ্দীৰ্ঘেৰ অস্তকৰণে এইজন প্ৰথাৰ বিদ্যাবলীয় উদ্বিদু কৰিতে পাৰিলেই শিক্ষক কৃতকাৰ্য্য হইলেন। ২. তাহাৰ পৱ শিক্ষণম স্বয়ং বিদ্যাবাহনে প্ৰযোৱান হইলে। ৩. তাহাদেৱ অন্য আমোদে উৎসুকতা থাকিয়েক ন। ৪. কিন্তু প্ৰথমে বেকাৰে অতাৎপৰ কাৰ্য্যেৰ মধ্যে বুলকৰিগেৰ ধৰ্ম-প্ৰযোগিসকল বলৰাজ

তয়, বুদ্ধি-শক্তি বিকশিত হয়, এবং কার্য্যাপনেগী দিয়া-জ্ঞান হচ্ছি হয়, এমত যত্ন করা উচিত। কারণ বঙ্গীয় বিদ্যালয় সকলে যাহারা সন্তোষগণকে বিনামূল্য-নার্থ কিন্তু করিবেন, তাহারদিগের অনেকেরই এমত ক্ষমতা নাই যে তরুজগণকে বহু বৎসর পাঠশালায় রাখেন। দেহস্থান নির্বাহের সাহার্যার্থ অতি শীঘ্ৰই তাহাদিগকে বিদ্য কার্য্যে ব্যোপৃত করিতে হইবে। অঙ্গের হে অধ্যাপকবর্গ ! তোমরা স্বয়ং ইংরাজী বিদ্যালয়ের ছাত্র ইও বা কেবল সংস্কৃত শাস্ত্রে শিক্ষা গ্রান্ত হইয়া থাক, এদানি পাঠাবছার পর বিষয়-জ্ঞান হারিলা করিয়া থাক, তবে এইকলে যে কর্মে অনুভূত হই-তেছে সর্বোত্তমাত্মে তাহার বেগ হও নাই। যদি পুরো ইংরাজী পড়িয়া থাক, তবে কোন্ত দেশে কোন্ত ইংজিনিয়েলেন কে কি নিয়ম সংস্থাপন করিয়াছিলেন; তদ্বারা প্রজাদিগের কি মঙ্গলামঙ্গল হইয়াছিল, ইত্যাদি কামক বিষয়ে তোমাদিগের অবগতি আছে। তোমরা শুভন্দেরের অনিচ্ছিত অঙ্গসকল ও অন্যান্যসে সাধন করিতে পার। তোমরা ক্ষেত্রব্যবহার কাণ্ডেও কিছু মাত্র সূচ নহ। আর অমুহান হয়, পদাৰ্থ তত্ত্বেও তোমাদিগের কিঞ্চিৎ দৃষ্টি আছে। তোমরা এইসকল শুধু বিদ্য আমি বটে, কিন্তু শক্তি হয়, ‘হওম পঞ্চম’ কাহাকে বলে, কর বুড়িতে কাহম হয়, জগীপোর রীতি কি প্রকার এবং কোম্পন্যের কোম্পন্যের চাম হয়, এই সকল অতি

সামান্য বিদ্যু তোমৰা কিছু গাত্র আন না।” বলি বল,  
 এই সকল জানিবার প্ৰয়োজন বি; হালিকেৱা গাঁটশালী  
 হইতে বিগত কইয়া কে কোন কৰ্ত্তৃ অহত ইইবে  
 তাহার নিশ্চয়তা নাই—আৰ আপনাপন কৰ্ত্তৃ বাপুত  
 হইলেই তাহার এমত সকল বিদ্যৰের মধ্যে যাহার যাহা  
 আন। আবশ্যিক তাহা অতি শীঘ্ৰই অপগত হইতে  
 পাৰিবে। এই কথা সত্য বটে। কিন্তু তৎ বিদ্যুত-  
 তাৰ নামা ফল। প্ৰথমতঃ এই সকল বিদ্যু কিছুৰ জৰু  
 থাকিলে তোমৰা ছাত্ৰবৰ্গেৰ পিতৃ শিতুবণ্ডিৰ বিশিষ্ট  
 অনুস্থান হইবে, ইহা ও অল্প জাত ময়—আৰ হিতৌ-  
 যতঃ বালকদিগকে কথা অন্মদে আমাৰাসে অনেক  
 সুশ্ৰীকা প্ৰদান কৰিতে পাৰিবে। সামান্য বিদ্যু সহ-  
 নিত যাহাৰ শিক্ষণ কৰাইবে তৎসমূদায় অতি শীঘ্ৰই  
 কাৰ্য্যকাৰী হইবে। সেই সকল সুসংস্কৃত বাবজীৰ  
 অপগত হইবে ন। আৰ তোমাৰে মধ্যে যাহাতা  
 সংস্কৃত বিদ্যাসম্পন্ন, তাহাদিগকে কহি, আপনাদিগেৰ  
 সংস্কৃত শাস্ত্ৰ সকলে জ্ঞান থাকাতেই আপনাৰা এত-  
 দেশীয় হিন্দুধৰ্মাবলম্বী জনগণেৰ বিশিষ্ট মাননীয়  
 হইতে পাৰেন। কিন্তু তাৰিয়া দেখুন, আপনাৰা  
 বিদ্যাভূতিত প্ৰযুক্তি বিদ্যু লোকেৰ নিকট এইকলে  
 অধৈষ্ঠ সমাদৃত নহেন। বে বিদ্যালয়ৰ দ্বাৰা লোকেৰ  
 জ্ঞানকাৰ মা কৰ, সেই বিদ্যার নিয়ত উন্নতি ইহ না  
 অৰ্হত এব লোকে তাহীৰ সহাদৰণ কৰে ন।

**পঞ্চমতঃ।** বিষয়জ্ঞান বিজ্ঞানের আব এক অধ্যাত্ম ফল এই যে, তদ্বারা বাহ্যবস্তু পরীক্ষায় অভিকৃচি জয়ে। এতদেশীয়লোক স্বত্ত্বাবতঃই তৌঙ্গ-বুদ্ধি-শালী। ইহারা অন্যাংসে পরচিক্রম হইতে পারেন। ইংরাজ, মুসলমান এবং হিন্দু এই তিনি জাতির বলকের মধ্যে হিন্দু শিক্ষাদিগকেই দর্শনশাস্ত্রের তথ্য সকল স্বল্পতর প্রয়োগ করা হইতে পারা হায়। অন্যদেশীয় লোকের বিগ্নিত নায় এবং বেদান্ত দর্শনাদি শাস্ত্র ও বুদ্ধি-স্থানের পরাকাণ্ঠা প্রদর্শন করিতেছে। কিন্তু ইহাদিগের একটিত ভূগোল, পদাৰ্থ-বিদ্যা, অৰ্থ-শাস্ত্র, ইতিহাস-আনুকূল উভয় নাই। শিক্ষার মুখ্য তাৎপর্য এই যে, ইহা দুর্বল মনোৱতি সকলকে বলবান কণিবে এবং বাহ্যারা স্বত্ত্বাবতঃ বলবান তাৎপর্যের কণিকে তদবস্তু রাখিবে। অতএব এই দেশীয় লোকের অনুবিজ্ঞয় স্বত্ত্বাবতঃ অধিক অনুরূপ, সাহাতে তাহা কার্য্যাপন্যাগী উভয়-মুখ্য হয়, শিক্ষা-প্রণালী এমত করা নিতান্ত আবশ্যিক।

**ষষ্ঠতঃ।** বিষয়জ্ঞান বিজ্ঞান করার অপর একটী প্রয়োগ ফল দর্শিতে পারে এবং সর্ব বিধায়ে যাহাতে মেই ফলটী ফলে, শিক্ষক নর্গের এমন করা কর্তব্য। এতদেশীয় অনগণ অনেকেই চাকুরী-প্রয়োগী হইয়াছেন। বিজ্ঞাতীর একাধিপতি নৃপালদিগের সময়ে অতি সামান্য রাজ-কার্য্য নিযুক্ত হইলেও বাস্তুবর্গ অন্য সর্ব বাসন হী লোক অশেক্ষ, অধিক অভূত-শক্তি-

ମନ୍ଦର ହିଁତ । ଶୁଭରାତ୍ର ରାଜକର୍ମ କରିଯାଇ ଉତ୍ସତି-ପରାମର୍ଶ ଥାବେର ଏକମାତ୍ର ଅର୍ଥମୌର ହିଁଯାଇଛି । କିନ୍ତୁ ଆର କିନ୍ତୁ-କାଳ ପରେ ଏହି କ୍ଲପ ହିଁବେ ନା । ଦେଶ ସାଧାରଣେ ବିଦ୍ୟା ଅଚାର ହିଁଲେ ରାଜ ପୁରୁଷଦିଗେର ଡାମୃଶ ଗୌରବେର ଅନ୍ତେକ ହାଲି ଏବଂ ଅର୍ଥାଗମନେର ଖର୍ବତା ହିଁବେ । ଚାକୁବୀଦୀରୀ ବିଶିଷ୍ଟ ଅଭ୍ୟୁଷ ହୟ ନା, ଅର୍ଥାଗମନ ଅଧିକ ହୟ ନା, ଦେଖି-ଲେଇ ଲୋକେ ହତ୍ୟାକୁରେ ନିର୍ଭର କରିବେ—ଏବଂ ଅନ ସାଧା-ରଥ ଆପନାମନ ପରିଆମଦ୍ଵାରା କ୍ଷମ ଜୀବିକା କରିତେ ପାରିଲେଇ ସ୍ଵାଧୀନ-ସ୍ଵଭାବ ଉଦ୍ବାର-ପ୍ରକଳ୍ପି ଏବଂ କାର୍ତ୍ତ୍ତ୍ଵ ଶ୍ରେଷ୍ଠପରମତି ହିଁବେ । ଶିକ୍ଷକବର୍ଗ ମେହି ଶୁଭ ଦିନ ଆପନା-ବ୍ୟବଦିଗେର ନିକଟାନ୍ୟନ କରିତେ ପାରେନ । ବିଶିଷ୍ଟକ୍ଲପ ଆତ ବିଷୟେଇ ଲୋକେର ପ୍ରହରି ହୟ; ଅଜ୍ଞାତ ବିଷୟେ କଥିବ ଅହରି ହିଁତେ ପାରେ ନା । ଏହିକଣେ ବିଦ୍ୟାମର୍ମରେ ବାଲକ ମୟୁଢ ଶିକ୍ଷକଦିଗେର ପ୍ରାମାଣେ କୋନ ପ୍ରୋଜନ୍ମୀଯ ବିଷୟେର ଶିକ୍ଷା ପ୍ରାଣ ହୟ ନା । ଏଇ ଜନାଇ ତାହାରା କୋନ ବ୍ୟା-ପାରେ ଆପନାରବିଗେର ଅର୍ଥତି ପ୍ରକାଶ କରିତେ ପାରେ ନା । ବିଲାଙ୍ଗ ପରିତାଗ କରିଯାଇ ଚାକୁବୀରର୍ଜନ୍ୟ ଜା-ନ୍ୟାଯିତ ହିଁଯା ବେଡ଼ାଯା । ସମି ବାଲକ କାଳାବଧି ବାଜା ଶ୍ରଦ୍ଧାର ବିଷୟ ଦୁର୍ବିତେ ଥାକେ, ତବେ କେବଳ ଭୂତିଭୂତ ହିଁ-ବାର ହତ୍ୟା ମୂଳକରିଯା ହେ ସକଳ କର୍ମୀ ଅର୍ଥ ଅସବ ହୟ ତା-ହାତେ ମିଳୁକ ହିଁତେ ପାରେ ।

## বিভীষণ অধ্যায় ।

[ পাঠশালায় শিক্ষকদিগের অতি বিশেষ উদ্দেশ  
— শিক্ষাশাস্ত্রের কতিপয় বিশেষ সূচৈ । ]

— ● ● —

পূর্বাধায়ে অস্থানেশীয় শিক্ষকবর্গের কি কি স্মরণ  
করিয়া কর্তৃ করা উচিত তাহা সাধারণজনপে কথিত  
হইল । এইকলে শিক্ষা-কার্য্যের করেতটি সঙ্গীয়ার  
সবিশেষ বর্ণন করা যাইতেছে । কোন অস্থুকার বিশে-  
ষের মতোজ্ঞেখ করা এ স্থলের উদ্দেশ্য অহু । সৈকল  
অস্থুকারের মতই দোষ গুণ উভয় মিথিত । ব্যক্তঃ  
শিক্ষা-বিধায়ক শাস্ত্রসকল পাঠের সর্বাধান গুণই  
এই সে, তদ্বিষয়ে মনোযোগ হওয়াতে আপন আপন  
বুদ্ধি পরিচালিত হইয়া শিক্ষার সুগ্ৰনালী সমুদায় আ-  
বিক্ত হয় ।

কলতা, শিক্ষক মাত্রেরই কর্তৃব্য তাহারা শিক্ষা-  
বিধায়ক অস্থু সকল লইয়া সর্বদা আলোচনা করেন ।  
যাহারা ইংরাজী জানেন, তাহাদিগের পক্ষে এই কর্তৃ  
অতি সহজ হইবে, বেহেতু ঐ ভাষায় তামুশ আদৃ  
যথেষ্ট পরিমাণে আপ্ত হইবেন । কিন্তু যাহারা ইং-  
রাজী আমেন না, তাহাদিগের কর্তৃব্য আপনাগুলি স্থানে  
এক এক খালি বাহি বাস্কিয়া রাখেন— শিক্ষা সহজে বখন  
যাহা কিছু মনে উঠিবে, ঐ বহিতে মিথিবেন— এবং যাঁ-

তারা এই বিষয়ে উত্তম বুঝেন, এমত কাহারও সহিত  
সাক্ষাৎ করিলে এই কথা উপাপন করিয়া তৎসমষ্টি জাত-  
হার পরামর্শ গ্রহণ করিবন। যাঁচারা ইংরাজীতে  
শিক্ষা-বিধানক-পৃষ্ঠক পাঠ করিয়া থাকেন, তাহারা এই  
এই কথা করিলে বিশিষ্ট উপকার প্রাপ্ত হইবেন। সম-  
কল্প বাক্তিদিগের সহিত একত্র হইয়ে এই সকল বিষয়ের  
গুরু বিতর্ক করাও সমূহ ফলোগ্যায়ক।

প্রদিন যে পাঠ পড়াইতে হইবে, পৃষ্ঠে দেই পাঠ  
দেখিয়া রাখা উচিত। যদি অন্য পৃষ্ঠক হইতে, অথবা  
কেনি স্ব-বিহারি ব্যক্তির স্থানে তরিষয়ের কিছু অধিক  
জানিতে পারা যায়, তাহাও জানা কর্তব্য। অতিশায়  
বোধসূলক পৃষ্ঠক পাঠ করাইতে "হইলেও এই নিয়ম  
প্রতিপালন করিয়া চলা উচিত। তাহা করিলেই ছাত্র-  
গণ অল্প কালের মধ্যে অধিক বিদ্যা-সম্পদ হইতে  
পারেন।" বাস্তক কালে শিক্ষকের অযুক্তি অন্তের  
বাখ্যা শ্রবণ করিতে যেমন প্রয়োগ হয়, কেবল পৃষ্ঠক  
পাঠ করিয়া কোন বিষয় শিক্ষা করিতে কদাচিৎ তেমন  
কৌতুহল জন্মে না।

বাস্তকের অযুক্তি মানা বিষয়ের কথা  
শুনিতে আলি বাসে ব ট, কিন্তু তাহারা অত্যন্ত চঞ্চল-  
মতি, অতএব শিক্ষকের কথায় তাহাদিগের মনোযোগ  
আছে কি না, মধ্যে মধ্যে পরীক্ষা করিয়া দেখিতে হবে,  
তজন্য শিক্ষকের কর্তব্য আপনি কথা কহিতে কহিতে

পুনঃ পুনঃ তাহাদিগেৰ অতি গ্ৰন্থ কৱেন। । ঈ সকল  
গ্ৰন্থ এমন হইলে ভাল হয় যথে, যদ্বাৰা বালকদিগেৰ  
অনোয়োগ আছে কি না, এবং তাহারা কথিত বিষয়  
বুঝিতেছে কি না, এই দুই একেবাৰে পৰীক্ষিত হয়।

কোনৰ ক্ষেত্ৰ এমত আছে যে, তাহাতে দুই তিন  
বৎসৰ উপর্যুপৰি এক প্ৰকাৰ ফসল উত্তম হয় না।  
এক বৎসৰ ধান্য উত্তম হয়, তাহার পৰ বৎসৰ সৰ্বপৰা  
কলায় উত্তম হয়, কিন্তু পুনৰ্বাৰ তৃতীয় বৎসৰে ধান্য  
উত্তম হইতে পাৰে। ক্ষয়কেৱা এইটি জানে। কিন্তু  
অনুযোগ মনেৱও যে ঈ প্ৰকাৰ একটি গুণ আছে, তাহা  
অনেক শিক্ষক আনেন না। তাহারা কোন এক বিষ-  
য়েৰ কথা লইয়া অনেক ক্ষণ দয়িয়া বালকদিগেৰ সমক্ষে  
কহিতে থাকেন, এবং শিশুৰা তচ্ছুবণে অমনোযোগী  
হইলেই ক্রোধাবিষ্ট হয়েন। তাহারা বিবেচনা কৱেন  
না যে, এক কথা এক শাৰ শুনিতে শিশুদিগেৱও বি-  
ৱৰ্জিত জন্মে। বজ্ঞতঃ কোন শাস্ত্ৰ-বিশেষ সহকৰীয় কথাৰ  
কেবল বিশেষ বিশেষ কতিপয় মনোহৃতিৰ, চালনা হয়,  
সুতৰাং সেই হৃতিশুলি শীঘ্ৰ ক্লান্ত হইয়া পড়ে। বদি  
সেই সময়ে অন্য কথাৰ উপায়ম আৰা অন্য মনোহৃতিৰ  
ড়েক কৱা যায়, তাহা হইলেই ঝাঁকি বোধ হয় না।  
যেমন মধু-ঘৰ্ষিকাগণ একেবাৰে একটি পুঁজিৰ সমুদায়  
মধুশোষণ কৱিয়া লৱ না, কথন এ কুলে কথন ও কুলে  
ৱসিয়া মধুপাল কৱে, সুকুমাৰ-মতি' শিশুগণও সেই

রূপ শীঘ্ৰ শীঘ্ৰ বিবিধ বিদ্যার বিবিধ রসায়ন কৰিতে চাহিব। অতি হইতে কার হৎসোৱাই অগাধ জলে নিবাস কৰে, শক্তী অগতীৰ অহুপৰি আনন্দ সহকাৰে সন্তুষ্ট কৰিবা বেড়ায়।

সকল বালকের বৃদ্ধি সমান নয়। সকলের স্মৃতি-শক্তিও এক প্রকার নয়। এই অন্য শিক্ষকদিগের কর্তৃত্ব, এক অভিপ্রায় মান। একারে বাস্তু কৰিতে শিখেন। তাহা মা কৰিলে এই এক দোষ স্পষ্ট দেখিতে পাওয়া যাব বে, ছাত্রেরা সকলেই এক প্রকারে অপমানিগের মনোগত ভাব প্রকাশ কৰে, তিনি তিনজনপে বাক্য রচনা কৰিতে সমর্থ হয় না। কিন্তু পুরুষেই কছিবাছি, শিক্ষদিগকে এমন কবিয়া শিক্ষা দেওয়া উচিত, যাহাতে তাহাদিগের আকৃতিক বৃদ্ধি বিকল বা খর্ব না হয়। অতএব মান। একারে নিজ মনোগত ভাব প্রকাশ কৰা সুশিফটকের একটি প্রধান সম্মত।

বালকদিগকে কোন প্রশ্ন কৰিলে তাহারা বেল কৈবল না হিঁ দিয়াই উত্তৰ শেব না কৰে। তাহারা বে কোন উত্তৰ কৰিবে, তাহা কৰ্তা কৰ্ম ক্রিয়া বিশিষ্ট একটি বা তদৰিক সম্পূর্ণ বাক্য হওয়া আবশ্যিক। যাহারা সর্বদা নাইটেই উত্তৰ সমাপন কৰে, তাহারা কখন বাক্তপটুতা প্রাপ্ত হয় না। সহস্র বিদ্যা ধাকিলেও তাহারা কখন আপমানিগের মনোগত ভাব সুজর কৈপে প্রকাশ কৰিতে পারে না।

বালকেরা কোন প্রশ্নের উত্তর করিতে তেক্ষণে  
শিক্ষক ডংগোছ অপর, বালকগুলিকে সেই প্রশ্ন  
জিজ্ঞাসা করেন, এবং বেকেছ তাহার সম্ভব করিতে  
পারে, তাহাকে উচ্চ স্থান প্রদান করেন। এই রীতি  
বন্দ নহে। কিন্তু শুন্দ এই পর্যামুক করিয়াই নিম্নস্ত ইঙ্গুল  
উচ্চিত নয়। যে প্রশ্ন বালকের ভ্রম হইয়াছিল, তাহা  
পুনর্বার এমন করিয়া জিজ্ঞাসা করা কর্তব্য, যাহাতে  
ঐ ভ্রম আপনা হইতেই দূর হয়। অর্থাৎ ঐ প্রশ্নে  
বিষয় সক্ষিত, তৎসংশ্লিষ্ট আৰু শত শত বিষয় আছে।  
এমত কৌশল করিয়া সেই সকল বিষয় জিজ্ঞাসা  
করিতে হয়, যাহাতে বালক আপনার ভ্রম আপনি  
দেখিতে পার। এই রীতি অবলম্বন না করিলে শিক্ষা-  
দিগের স্মৃতিশক্তি মাত্রের প্রাপ্য অধিতে পারে, কিন্তু  
বুদ্ধি-স্ফুর্তি উত্তম হয় না।

বালকেরা কথা কহিতে কহিতে কোন অশুভ অযোগ  
করিলে তাহা অশুভ হইয়াছে, সর্বদা এমত একাশ  
করিয়া বলিবার আবশ্যকতা মাই। শিক্ষক আপনি  
শুন্দ করিয়া সেই অযোগ করিলেই সম্পূর্ণ কল দর্শে।  
মনুষ্য মাত্রেরই অশুকরণ হজি অত্যন্ত বলবত্তী, উপরে  
অহংকৃত্ব তানুশ প্রবল নয়।

পেটালোজাই নামক কোন সুবিধ্যাত শিক্ষা-শাস্ত্ৰ-  
কাৰ কহেন, বালক সকলকে কৌশল কৃষে বিদ্যার্থী  
করিবার বচু কৰা বিধেয়। বিদ্যাভ্যাস কৰাইবাৰ

মিশনিত ভয় প্ৰদৰ্শনাদি কক্ষ উপায় অবলম্বন কৰা বিহিত নহে। রিখ্টের নামক অপৰ কোন মহামহোপাধ্যায় কহিয়াছেন সে, শিশুদিগের মনেও কৰ্তব্যাকৰ্তব্য বোধ জন্মাইবাৰ চেষ্টা কৰা আবশ্যক। অতএব সৰ্বদা ছলে কলে কৌশলে বিদ্যা শিক্ষা কৰাইবাৰ চেষ্টা কৰা বিহিত নহে। এই পাঠ্যভ্যাসটী তোমাৰ অবশ্য কৰ্তব্য অতএব তোমাকে কৱিতে হইবে, এইক্ষণ তনুজাদ্বাৰা বিদ্যার্থীদিগকে বিদ্যাভ্যাসে নিযুক্ত কৰা সুস্থিতিসিদ্ধ, অনুমান কয়, ইইঁদিগের প্ৰদৰ্শিত উভয় পথেৰ কোন-টিই সম্পূৰ্ণ পৱিত্ৰ নহে। পাঠেৰ প্ৰথমাবস্থায় পেঁচালোজাই মহাশয়েৰ রীতি অবলম্বন কৰা একান্ত আবশ্যক—কৰ্মশঃঃ রিখ্টের মহোদয়েৰ নিয়মানুবয়ী হইতেওপাৰা যাব। কিন্তু শিক্ষক, শিশ্যবৰ্গেৰ সম্পূৰ্ণ প্ৰীতি ভজি ও বিশ্বাস তাৰেন মা হইলে এই উভয় উপায়েৰ কেহই কোন কাৰ্যাকৰী হয় মা।

অপৰক্ষ ইহাও বিবেচনা কৰা উচিত যে, সংগীত বেদন আৰাদিগেৰ শ্ৰবণেন্দ্ৰিয়েৰ প্ৰীতিকৰ, আলোক সৰ্পমেন্দ্ৰিয়েৰ আনন্দকৰ, পৰিমিতাহাৰ সমুদ্বায় শৱী-ঘৰেৰ ভূষিজনক, তেমনি জ্ঞানোপার্জন এবং জ্ঞানালোচনা ও অন্তৰিমেন্দ্ৰিয়েৰ সম্পূৰ্ণ আনন্দদায়ক হওৱা। উচিত। অতএব যে স্থলে দেখ। সার, কোন বালক পাঠ্যভ্যাসে অনিজ্ঞা শ্ৰীকাশ কৱিতেছে, তথায় তাহাৰ দৃষ্টতা বিবেচনা কৱিয়া তাৰুশ অলৈসৰ্গিক প্ৰয়ত্নিৰ কাৰণান্তৰ

অনুসন্ধান করা বিধেয়। সেই কারণানুসন্ধান করিতে গেলে প্রারম্ভ দেখা যাব বে; শিক্ষক সেই বালকের ব্যাখ্যা প্রতি অনুভব করিতে পারেন নাই, কিন্তু তাহাকে অধিক কর্তব্য পাঠ্যান্তরে নিযুক্ত করিয়া ছিলেন, অথবা অন্য কোনোরূপে শিক্ষকের প্রমাদ-উপস্থিত ছই-যাইল; সেই প্রমাদ নির্বাচন করিয়া পুনর্বার দুঃখিয়া চলিতে পারিলেই শিশু অতিশয় সন্তোষ প্রকাশ পুরণ-সর কর্তব্য সাধনে অনুভূত হইব।

বালকদিগকে কোন কিছু শিক্ষা করাইয়া, সেই বিষয়টি জানিবার প্রয়োজন বুঝাইয়া দেওয়া আবশ্যিক, এইরূপ বুঝাইয়া দিলে পাঠ অঙ্গেন সমধিক আগ্রহ হব, এবং বিঅংরোজনীয় কর্মে সমর্পিতাত করা অনুচিত বেঁধ হইতে থাকে। যাহাতে আপনার বা অন্যের উপকার দর্শ, এমত সকল বিষয়েতেই কি শিশু, কি শুধু, কি হৃদ, যন্মা মাত্রেই বিশিষ্ট মনোবোগ হইয়া থাকে।

কোন রঞ্জ, মৃত্যুকালে আপনার অধিক্তবারী সন্তুষ্টি-নকে কহিয়াছিলেন “বাপুবে ! অতাহ যের প্রচেরে থাকা থানি দেখিও”। কথিত আছে, তাহার সন্তোষ নিষ্ঠ পিতৃআজ্ঞা প্রতিপালন করিয়া অংশকালেই অতি সুমতিবারী হইয়াছিল। অর্থবায়ের থাকা অব্যক্তেই দেখে। কিন্তু যাহা হইতে ধর্ম-অর্থ-কাম-বোক্ষ চতুর্দশ উৎপন্ন হয়, যন্মের এমত “অমূল” জীবন হে

কি শর্কারে ব্যয়িত হয়, তাহার খাতা কেহই রাখে না।

অতএব বাস্তবাবধি সময়ের শিক্ষায় রিতার শিক্ষা প্রদান করা অত্যন্ত অরোজনীয় হইয়াছে। তজন্য পৃষ্ঠাতরে ‘আজ পরীক্ষা’ নামক একখানি দৈনন্দিন পুস্তকের আদর্শ প্রস্তুত হইল যাহা পূর্ণ হয়, শিক্ষকেরা বাস্তব-দিগকে ঐক্যপ এক এক খানি পুস্তক অদান করিবেন; এবং তাহাতে ঐ আদর্শের অনুরূপ লিখাইবেন।

এখনেই এইক্যপ ‘আজপরীক্ষা’ পুস্তক না দিব। ইহার কিঞ্চিৎ পরিবর্ত্ত করিয়া দেওয়া ভাল। অর্থাৎ একে-বারেই শারীরিক ও মানসিক সমুদায় নিয়ম অতিপালন-থের প্রতি শিশুদিগের মনোহোগ হওয়া সম্ভবসিষ্ট থাহে। অতএব শ্রেণ্য কোন একটি বা দুইটি নিয়ন্ত্রণ কর্তব্য অতিপালিত বা অভিষত হইয়াছে, ইহাই শি-খান সংপরামর্শ। ক্রমে ক্রমে নিয়মের সংখা বৃক্ষ করিয়া দেওয়া যাইতে পারিবে, এবং তাহা হইলে সমুদায় নিয়ম সূচাকর্তৃপে সন্দাত হইয়া আসিবে। একেবারে অনেক ব্যবস্থা অতিপালন করিবার চেষ্টা ক-রিসে সেই চেষ্টা বিফল হইকার বিস্কল সন্তোষনা হয়।

ইহাতে কেবল সময়ের সম্ভাব্য করিতে শিক্ষা হইবে এবত নহে। শৈশবাবধি নিজ নিজ অন্তঃকরণ-হত্তি পরীক্ষা করাও অভ্যন্ত হইয়া আসিবে। যে সকল বাস্তব লিখিতে শিখে নাই, তাহাদিগকে উচ্চ পুস্তক দেওয়া নিষ্কল। শিক্ষক আপনি ঐ ক্ষপ এক খানি

পুনরুৎসবে, ইহা আমিতে পারিলেই তাহাদিগের সম্মত কল্পনা পর্যবেক্ষণ। সেমেরু সাক্ষ এবং ক্রান্তিশিল্প ইহারা সকলেই একমত হচ্ছেন। এই অকার বহি প্রস্তুত করিয়া রাখিবার বিধি দিয়াছেন। বিশেষতঃ, পূর্বোক্ত অবস্থার অর্থ ক্রমকর্ত্ত্ব হইয়া ইহার গুণ বুঝিয়া-ছিলেন। বিমাতৌর-সামরিকশিক্ষা-পত্রিকাতেও বি-দ্যার্থী বালকদিগকে এই রীতি কর্তৃপক্ষ শিক্ষা প্রদান করিবার উপদেশ আছে। অতএব অনুমতি হয়, বিবেচক ও সুধীরস্থভাব শিক্ষককর্ত্ত্ব এই উপার্যারা অপ-রিমিত উপকার পর্যবেক্ষণে পারে। কিন্তু ইহা আনুষ্ঠানিক তেজস্ব নহে যে, এক বার ব্যবহার করিলেই উপকার বোধ হইবে, ইহা সেব্য উৎখনের ন্যায় মিত্য ব্যবহার্য।

পূর্বোক্ত দৈনন্দিন পুনরুৎসবক্ষে আরও বক্তৃত্য এই যে, বাসকেরা অনেকেই স্বভাবতঃ পরিহাসপ্রিয় হয়, অতএব শিক্ষক এই বহি লইয়া যেমন গাঞ্জীর্য অবলহন করিবেন, শিশুগণ প্রথমতঃ সেকল মা করিলে মা করিতে পারে। কিন্তু এই বৈষম্য দেখিয়াই উক্ত কার্য পরিত্যাগ করা অনুচিত। অতি সপ্তাহে তাহাদিগের পুনরুৎসব সহিয়া এক এক বার সংগোপনে, পরীক্ষা করিলে ভাল হব। যদি কেহ কোন দিবস কিছু মা লিখিয়া থাকে, তবে যত স্মরণ হয়, তদ্দিবসের কর্ত্ত্ব সেই কলে তাহাকে লিখান উচিত। আর কেহ কোন বিষয় যদি লিখিয়াছে বোধ হয়, তবে অতি সাধারণে সংগোপনে

তাহার সামে ঐ বিষয়ের তথ্যানুসন্ধান করা আবশ্যিক ।

বালকবিটগীর কোম দোষ জানিতে হইলে বা ডজন্বন্যা তাহাদিগকে উপদেশ দিতে কিম্বা র্তৎসনা করিতে হইলে আর সর্বসাইতেকার্য সংগোপনে করা বিধেয় । অজ্ঞাতয় অনেক ছুকর্মের নিরারক, অতএব শাশ্বতে সেই কর্তৃতি না ভাবে, এমন করিয়া চল্য আবশ্যিক । অপিচ, যদি বালক কোন ছুকর্ম করিয়া আপনার দৈনন্দিন পুস্তকে লিখিয়া থাকে, শিক্ষক ঘেন মেই ছুকর্মের উপলক্ষে তাহাকে কোন তিরস্কার না করেন, এভূত ডজন্বন্যা বালকের যে অনুভাপ হইয়াছে, তাহা মিষ্টি বাকা থারা উপশান্ত করিবার চেষ্টা করা উচিত ।

ছাইটি বালকের দৈনন্দিন বহু মত্ত্বা পরম্পরারের তুলনা করা অতি অকর্তব্য । এক ডজনেরই ছাই বহু লইয়া তুলনা করিলে হালি নাই বুঝিয়া করিতে পারিলে বরং তাহাতে উপকার দর্শে ।

কোম কোম শিক্ষক ছাত্রবর্গকে কোর বিবর একধরের উর্জা অধিক বার দ্রুতাইয়া দিতে হইলেই বিশ্বাস হল । তাহারা স্মরণ করল যে, ইউরোপ ও আমেরিকা খণ্ডে অঙ্গ বহির মূক প্রভৃতি বিকলেস্তির সকলেরও অধ্যাপনার্থে অনেকানেক পাঠশালা আছে, এবং ছাত্রবর্গ মেই সকল পাঠশালায় শিক্ষা প্রাপ্ত হইয়া আপনাপর পরিবার প্রতিপালনের ক্ষমতা প্রাপ্ত হইতেছে । ঐ সকল বিদ্যালয়ের অধ্যাপকগণ কেবল সহিষ্ণু !

আমাদিগের হাতবর্গকে কোন সামাজিক বিষয় ন্যূনতম। ইবাব নিমিত্তেও কত যত এবং কত পরিঅথ করিতে হচ্ছে। আমাদিগের কাহাকেও তাহার সহস্রাংশের একাংশ করিতে হয় না। তথাপি আমরা বিরক্ত হই। আমা-দিগের সহিযুক্তাকে ধিক্ঃ: যখন কোন কথা ছাই বাব চাবি বাব বলিলেও বালকেরা বুঝিতে না পাবে, তখন আপনার দিগের ব্যাখ্যার মৌল হইতেছে ইহাই বিবেচনা করিয়া ভিষ কল্পে ব্যাখ্যা করা উচিত। বালক-দিগকে নির্বাচ বলিয়া ভিরঙ্গার বা উপেক্ষা করা বিধেয় নহে। আর যদি তাহারা নির্বাচ হয়, তথাপি তাহাদিগের বুদ্ধি-স্ফূর্তি করিবার অন্যই তাহারা আমাদিগের হচ্ছে ন্যস্ত হইয়াছে, অতএব বিরক্ত হইলে অবশ্য কর্তব্যেরই অন্যথাভাব হয়।

কখন কখন বিদ্যালয়ের বালকদিগের পরম্পর বিবাহ উপস্থিত হয়। তখন অধ্যাপকের মুক্তি অভিযোগ হইয়া থাকে। অধ্যাপকের কর্তব্য বিশ্লিষ্ট অনুসংস্কোগ পূর্বক ঐ সকল বিবাদের ঘীরাংসা করেন। ‘ছেলের ছেলের বাগড়’ বলিয়া তাহাকে উপেক্ষা করা উচিত নহে। কোন শিক্ষাশাস্ত্রের মতে যদি প্রতিবাদিত সমকক্ষ দল হইতে ‘জুরি’ নির্দ্বাবণ করিয়া ঐ সকল বিবাদের নিষ্পত্তি করা বিধেয়। কিন্তু অনেক ছেলে দেখিয়াছি ঐ সকল বালক-জুরি, ধর্মাধিকরণ ছেলের বয়েসের জুরিরিদিগের অপেক্ষা অধিক কার্যকারী

নহে ! অতএব অনুমান হয়, বালকদিগের সাক্ষাতে শিক্ষক আপনি বিচার কৰিবেন ইহাই সংপৰামৰ্শ। জুড়ি নির্ণয়ণের যে ফল তাহা বালক সমূহের সাক্ষাত্কারে বিচার কৰিলেই সম্পূর্ণ ফলিবে।

শিক্ষকবর্গকে যেমন ‘যজের’ কর্ত্তৃ কৰিতে হয় তেমনি কথন কথন তাহাদিগের প্রতি ‘মেজেফ্টেটুটী’ ভাবও পড়ে। অর্থাৎ সময়ে সময়ে অপ্রযুক্তি বালকদিগের প্রতি দণ্ড বিধান কৰিতে হয়। এ গুলি বড় কঠিন সময়। বালকদিগের প্রতি কথন দৈহিক দণ্ডের আবশ্যিকতা হয় কি না ইহা নিশ্চয় কৰা ছাঃসাধ্য। বস্তুতঃ যে মে প্রকার দণ্ডের রৌতি দেখিয়াছি বা শুনিয়াছি তাহার কেহই সম্পূর্ণ দোষ শূন্য বোধ হয় নাই। পরন্তু আয় সকল শিক্ষা-শাস্ত্রকাৰই দৈহিক দণ্ডের নিম্না কৰিয়াছেন—আৱ ইহাও দেখিতেছি যে, যে বাসককে এক অন্য অধ্যাপক অতি হেয় বোধ কৰিয়া পরিয়াছেন, সেই বালকই আবাৰ অন্য অধ্যাপককের নিকট স্বশিক্ষ্য সম্পূৰ্ণ ও উচ্চীস হইয়াছে। অতএব যেখানে দৈহিক দণ্ড ন কৰিলে হয় ন। এমন বোধ হইবে তথ্যায় শিক্ষকের কৰ্ত্তব্য আপনাৰ পৱিত্ৰ বোকাৰ কৰিয়া। বালককে অন্য পাঠশালায় প্ৰেৰণ কৰিবাৰ পৰামৰ্শদেম।

যদি অনেক গুলি শিক্ষ এক সময়ে এক প্রকাৰ দোষে দোষী হইয়া থাকে, তবে শিক্ষক অতি সাবধান

হইয়া তাহাদিগেৰ অতি দণ্ড অগ্যনে প্ৰদৃষ্ট হইবেন।  
অনেকে বাহা কৰে মেই কৰ্য্য কৰিতে কাহাৰ অধিক লজ্জা  
হয় না। অতএব অগ্রাধী বালকেৱা যেন আপনাদি-  
দিগেৰ দল অতি মুহূৰ এমনটি কোন প্ৰকাৰেই আনিকে  
না পাবে। কোন বিদ্যালয়ে একটি শ্ৰেণীৰ বালক শুলি  
অনেকেই একেবাৰে গোলমাল কৰিব। উঠিবাছিল  
শিক্ষক ক্ৰুৰ হইয়া তাহাদিগেৰ সকলকে দণ্ডায়মান  
হইয়া থাকিতে আদেশ কৰিলেন। বালকেৱা ঐ  
দণ্ডাজ্ঞ অবণ মাৰ বে প্ৰকাৰ আনন্দসৃষ্ট হইয়া গাতো-  
থৈন কৰিল এবং দীড়াইয়া পৱন্পাৰেৰ মুখ নিবীক্ষন  
কৰিতে লাগিল তাহাতে ঐ দণ্ড-বিধান হওয়াতে  
তাহাৱা সে আপনাদিগকে কিছুমাত্ৰ অবদানিত দোখ  
কৰে নাই, ইহাৰ কোন সন্দেহ রহিল না। বৰং ঐ  
শ্ৰেণীৰ মধ্যে যে কএকটি শিশু গোলমাল কৰে নাই অত-  
এন দীড়াইতেও পায় নাই; তাহাৱাই কিঞ্চিৎ বিষম  
হইয়া বসিয়া রহিল। এবলুকাৰ দণ্ডেৰ কিছু মাৰ ঘো  
নাই, আত্মাত অনেক দোষই আছে।

শ্ৰেণীৰ মধ্যে যে বালক শুলি শুশীল ও মনো-  
যোগী, শিক্ষক স্বভাৱতঃই তাহাদিগেৰ অতি অধিক  
শ্ৰেণীৰ হন। ঐ শ্ৰেণ প্ৰকাশ কৰা কৰ্তব্য নহে।  
কন্তু বাহাৱা শিক্ষা কাৰ্য্য, কুকুৰতোগী তাহাৰা বিস্কুন  
জানেন যে, উহা গোপন বাধাৰ অতাৰু কঠিন। যদি  
কথাৰ নাহয় তথাপি ঐ শ্ৰেণ কাৰ্য্য ভাৱা অকাশিত

ହଇଯା ଥିଲେ । ଏହାତେ ଶିକ୍ଷକବର୍ଗର ଶ୍ୟାମ କରା କର୍ତ୍ତବ୍ୟ ଯେ, ତୌଳୁ-ବୁଦ୍ଧି ପରିଅମ-ଶାଲୀ ବାଲକ ଗୁଣ ଆପଣା ହଇଲେ ତେହିଁ ଅମେକ ଶିଖିତେ ପାରେ । ଅତଏବ ତାହାଦିଗେର ଅଭିଭ୍ୟକ୍ତି ଅଧିକ ମନୋଯୋଗୀ ନା ହଇଯା ଯେ ଅକାରେ ଅଳ୍ପ-ବୁଦ୍ଧି ତୀର୍ତ୍ତ୍ତ୍ଵାବ୍ୟ ଗୁଣକେ ସୁଶିକ୍ଷିତ କରିତେ ପାରେନ, ତାହାର ହିଁ ଚେଷ୍ଟା କରା ଉଚିତ । ମର୍ବଦୀ ଏହି ସଂକଳ୍ପ ମନୋକୁଳ୍ଯ ଆଗରକ ଥାକିଲେ, ଶିକ୍ଷକବର୍ଗ ଦେମମ ଅନୁକ୍ରମ କୁର୍ବେଶ ବାଲକଦିଗେର ଅଭିଭ୍ୟକ୍ତି ମନୋଯୋଗୀ ହଇଲେ ଆର ମେଟ୍‌ର୍କପ ହଇବେଳ ନା । ସାହାଦିଗଙ୍କେ ନିର୍ବୋଧ ବ୍ୟା ଦୁର୍ବୋଧ ଭାବିତେଲ କ୍ରମେ କ୍ରମେ ତାହାଦିଗେର ମଧ୍ୟେ ଅମେକ ଗୁଣ ଦେଖିତେ ପାଇବେଳ । ଅପରି ଇହାଦିଗେର ବିଦ୍ୟାବୁଦ୍ଧି ମନ୍ଦରୀ ସମ୍ପୂର୍ଣ୍ଣରୂପେ ଅଶ୍ରୁକାଶିତ ବୋଦ୍ଧ ହେଉଯାଏ ବିଶିଷ୍ଟ ଆନନ୍ଦାନୁଭବ ହଇବେ ପ୍ରତରାଂ ଏହା ଶିକ୍ଷକବର୍ଗଙ୍କ କଥନ ପକ୍ଷପ ତୀ ହଇତେ ପାରିବେଳ ନା ।

ବାଲକେରା ଶ୍ରେଣୀବର୍କ ହଇଯା ବମିଲେ ପ୍ରାସାଦ ତାହାଦିଗେର ମଧ୍ୟେ ଅନେକକେ ବନ୍ଦୁକଳ ଅଧୋବଦଳ ହଇଯା ଥାଏକ । ତୁହିଁ ଏକଟି ଅତ୍ୟାନ୍ତ ମୃଦୁବ୍ରତାବ ଅଶ୍ରୁକ ଏହିରୂପ ହୟ; କିନ୍ତୁ ଅଧିକାଂଶେରାଇ ଇହା ଆନାମନନ୍ଦତାର ଚିହ୍ନ । ବିଶେଷତଃ ଅଧୋବଦଳ ହେଉଯା ନିର୍ଦ୍ଦେଶ ବାଲକେର ସଭାବ-ମିଳ ନହେ । ଏହି ଦୋଷ ସଂଶୋଧନାର୍ଥ ଶିକ୍ଷକଙ୍କେର କର୍ତ୍ତବ୍ୟ କେବଳ ଏକଟି ବା ତୁହିଁଟି ବାଲକେର ଏବି ଦୃଢ଼ି ବାଧିଯା କଥୋପକଥନ ନ କରେନ । ଅମେକ ଉତ୍ତମ ଅଧ୍ୟାପକଙ୍କେରୁ ଏହି ବିଷୟେ ବିଶେଷ ଅବସାନତା ନାହିଁ । ତଜ୍ଜନ୍ୟ ତାହାଦିଗେର ଶିକ୍ଷିତ

কঙ্গিপুর চাতুর অতি সুরূপ হয়, এ বে গুলির কিছুই হয় না। যদ্যপি শিক্ষকেরা, সর্বজন গৌমণে উপবিষ্ঠ ন্যায়াকিয়া বালক শ্রেণীর মধ্যে বে ১০০ বেড়ান, তাহা-হইলে তাহাদিগের এই দোষ দাঙ্গামন হইতে পারে। এইরূপ চংক্রসনের আরও অনেক গুণ আছে।

অনামনস্কতা দোষ শিখারণের জন্ম এবং ভৌক প্রভাবে ও কুর্বন শিশু গুলিকে সাহসিক এবং প্রদল বালকগণের সহিত একত্রে শিক্ষা-সম্পদ করিবার জন্ম উচ্চালিপি প্রচৃতি মেশে আৰু একটী উচ্চাদারণ হইয়াছে। অস্থ-দেশেও সেই বীতি প্রচলিত ছিল। এখন ইংৰাজি বিদ্যালয়ের প্রথম সন্দর্ভে তাহা একটো মনেক প্রচল অনাদৃত হইতেছে। গুরুদিনে মেটে ১০০ অদলস্থল কৰা বিধেয়। উচাকে একবিংশ পাঁচাশে ১০৮ দল; ধা-ইতে পারে। উচাকে অনুমানী হইয়া। সু ১০০ একক একেবারে পাঠ বলে, একেবারে পথের উচ্চত করে, একেবারেই আপিমাদিগের অন্ত ব। তিনিপি শুন গুণ করে—কেহ অগ্রে কেহ পশ্চাতে করে না। তানিমুরে বে কএকটী পাঠ অহনের আদর্শ প্রস্তুৎ কৈয়াছে তাহা এই ধারার অনুকরণে সিদ্ধিত হইয়াছে।

কোন কোন শিক্ষক এমত উচ্চ প্রভাব বা দক্ষিণ তৎপর যে, তাহারা নির্বোধ বা অনন্ত চাতুবর্ণের প্রতি একেবারে দ্বেষভাব-সম্পদ হইয়া উঠেন, তাহাদিগের অঙ্গ সর্বদাই কটু বাক্য অরোগ করেন, এবং পাঠ-

কালে ডাইনিগের ভ্রম হইলে কখন কখন ব্যবহার করিয়া থাকেন। এই গুলি অত্যন্ত দোষ। শিক্ষকের অমন সামগ্র্য স্বত্ত্বাব হওয়া আবশ্যিক যে, কদাপি তেজুর অকাশ না হয়। মধুর, অনুচ্ছ, প্রীতি-অনক তারিখ ব্যবহার করা অচার্য্যদিগের প্রতি সর্বদেশে সর্বকালে বিধেয় হইয়াছে।

পূর্বেই কহিয়াছি বালকদিগের সহিত শিক্ষকের অণ্টয় করা কর্তব্য। এই কথা সকলেরই অনুমত বটে। কিন্তু ইহা প্রয়োগ মেই জন্ম হওয়া উচিত, কিন্তু এখনও এই দেশে পিতা পুত্রের মধ্যে পরস্পরের অণ্টয়সাধন চেষ্টা অতি অল্প কর্তৃতে দেখিতে পাওয়া যায়। পাঠে পুত্রের নিকট কিছু সন্তুষ্টির ক্রটি হয় এই ভয়ে অনেকেই স্ব সন্তানগণের সহিত অধিক মিলিত হইতে চাহেন না। অমার কাছে বসিরঞ্চ পড়া শুনা করক, এবং চক্ষু বাহির হইয় খেলা দেলা যাহা করিতে হয় করক, অধিকাংশ মোকেই সন্তান এবং শিশুবর্গের ইহা পথ্য বিবেচনা করেন। কিন্তু এই জন্ম বিবেচনা করেন বলিয়াই বালকদিগের জীড়া ডাইনিগের পাঠের অতিবন্ধক হয়, এবং ঈশ্বরাবাস্তাতেই এত কুসংস্কার জন্মে। বদি শিক্ষকেরা বালকদিগের জীড়ার সংসর্গ হন তাহা হইলে ঐ সকল দোষ কিছুই হইতে পারে না। জীড়াও মাঝে সুশিক্ষার সহকারিণী

হয়, এবং বাল্যাবধি তৃপ্তি দমনের ক্ষমতা অর্থে।

কথার বলে হেলের সঙ্গে থেকে ছেলে হইতে হস্ত। এই কথা অতি যথোর্থ, এবং 'ষে শিক্ষক' সর্বজ্ঞাতাবে আপনি 'ছেলে মানুষ' হইতে পারেন তিনিই অ-কার্য নির্বাহ করার সর্বাপেক্ষা সক্ষম হন। অনেক স্থলেই দেখা গিয়াছে যে, বড়ু পশ্চিমের সুশিক্ষা প্রদান করিতে পারেন না। বরং ছোট কথা ঝাঁহাদিগের মুখে বড় হইয়া উঠে। কিন্তু বালকদিগের কোন বিষয় শিক্ষা করাইতে হইলে আপনাকে সেই বালকের স্থানীয় হইয়া দেখিতে হয় যে, ইহার ম্যার অল্প বুদ্ধিকে কি প্রকারে তাদৃশ বিষয় শিক্ষা দেওয়া বাইতে পারে। এই কথা বিবেচনা করিয়া ও কঠিন বিষয়টা ভঙ্গিয়া অল্পেই শিশুর জন্মত করিয়া দিতে হয়। ইহাই সুশিক্ষকের অতি বিচিত্র শক্তি। এই শক্তিটা স্বাভাবিক, ইহা শিক্ষা এবং বড় সারা বর্ণিত হইতে পারে, কিন্তু সাহার নাই, তাহার মনোমধ্যে কদাপি মুক্তন শক্তি হইতে পারে না।

ক্লীড়া কালে বা অন্য সময়ে বালকদিগের কোন দোষ দেখিলে তাহার নিষেধ করা তৎক্ষণাত্ম বা সময়স্থানে কর্তব্য? কতক দোষ এমত যে তৎক্ষণাত্ম নিষেধ না করিলে বর্ণিত হয়, কিন্তু অধিকাংশই কি-ত্থিতে কাল বিলম্বে নিষেধ করিলে ভাল হয়।

শিক্ষকদিগের কর্তব্য আপনারা ঠিক সময়ে আইসেন

ଏବଂ ଉଚ୍ଚ ସମ୍ବରେ ଯାଇ । କମାଟିକ ସମ୍ବରେ ବ୍ୟାକ୍ୟାଯ ନାହିଁ । ବାଲକମିଶେର ହାତିଆ ମଈଦାର ଓ ଅନ୍ୟାନ୍ୟ ଆତା-  
ହିକ କର୍ମ କରିବାର ଓ ସମ୍ବ ମିର୍ଦ୍ଦିଷ୍ଟ କରିଯା ରାଖ୍ୟ ଉଚିତ ଏ

ବିଦ୍ୟାଲୟରେ ବହି ଗୁଲି ଓ ଅନ୍ୟାନ୍ୟ ଉପକରଣ ସମ୍ବନ୍ଦ ବେଳ  
କିଛୁଇ ବିଶ୍ୱାସ ନାହିଁଯା ଥାକେ । ଫଳତଃ ଶିକ୍ଷକଙ୍କେରା  
ଛାତ୍ରବର୍ଗକେ ସେ ବେ ଗୁଣ ସମ୍ପଦ କରିତେ ଚାହେମ ଆପନାରୀ  
ମେହି ସମୁଦ୍ରାଯ ଶୁଣ ପଞ୍ଚକୁ ହଇବାର ଚେଷ୍ଟା କରିବେ ।

ସକଳ କର୍ମଛେ ମିଶ୍ରମ ହିଁଯା କରା କର୍ତ୍ତବ୍ୟ, କିନ୍ତୁ  
ମେହି ସକଳ ମିଶ୍ରମର ସତ ଅନ୍ତି ଆତ୍ମଶ୍ଵର ହ୍ୟ ଏବଂ ଅନ୍ତି  
ସଂଖ୍ୟା ହ୍ୟ, ତତ୍ତ୍ଵ ଉତ୍ତମ । ନିଯମ ଗୁଲି କଥମ ଲଜ୍ଜମୀର୍ଯ୍ୟ  
ହ୍ୟ ନ୍ୟ ଏହି ସଂକ୍ଷାର କର୍ମାଇବାର ଚେଷ୍ଟା କରାଏ ଏକାଳେ  
ଓହୋଅମୀର । ତତ୍ତ୍ଵନ୍ୟ ତତ୍ତ୍ଵନ ଗର୍ଜନ କରା ବିଶିଷ୍ଟ କଲୋ-  
ପଥାରକ ନହେ, ସର୍ବ କୋନ ମିଶ୍ରମର ଲଜ୍ଜନ ହିଲେ ମେହି  
ମିଶ୍ରମଟି ପ୍ରତିପାଳନ କରାଇଯା କାର୍ଯ୍ୟ କରାନ ଉଚିତ ।  
ମର୍ବଦା ଏହି କଳେ କୋନ ବାଲକ ଆର ଦେବତାତିଃ  
ନିଯମ ଲଜ୍ଜନ କରେ ନା, ଏବଂ ସମ୍ବ କେହ ଭ୍ରମ ପ୍ରସ୍ତୁତ କରେ,  
ତୌହାରଙ୍କ ମିଶ୍ରମ ପାଳନ କରା ତମଶଃ ଅଭାନ୍ତ ହିଁଯା ଯାଇ ।

ସାହାରା ‘ଗର୍ବନମେନ୍ଟ ସ୍କୁଲ’ ସକଳେର ଶିକ୍ଷା-ପ୍ରଥା ଦେଖି  
ଯାହେମ, ତୌହାରା ଆମେନ୍ୟ, ଏହି ସକଳ ବିଦ୍ୟାଲୟର  
ଶିକ୍ଷକଙ୍କ ମ୍ସ ଏବଂ ଶ୍ରେଣୀଭୂକ୍ତ ଛାତ୍ରଗର୍ଗକେ ଏକଟି ଏକଟି  
ପାଠ ଦେଖାଇରା ଦେଲ ଏବଂ ପାଠଦିବମ ଛାତ୍ରରେ ପାଠ ଅଭାନ୍ତ  
କରିଯା ଆସିଯାହେ କି ନା, ଅନ୍ୟାନ୍ୟ ପରୀକ୍ଷା କରେଲ ।  
ଓହି ବ୍ରୀତି ଅବଲମ୍ବନ କରାତେଇ ଉଚ୍ଚ ପାଠଶାଳା ସକଳେ

অধিক কোল না পড়িলে প্রায় কিছুই শিক্ষা হয় না ! অতএব বঙ্গীয় বিদ্যালয় সকলের শিক্ষকদিগের অবশ্য কর্তব্য তাহারা বালকগণকে তাহাদিগের পাঠ বলিয়া দেন এবং পরদিনস সেই পাঠ অভ্যাস হইতেছে কি না পুনর্জ্ঞার পরীক্ষা করেন—আপিচ যাহাদিগের পাঠ অল্প তাহাদিগকে পাঠশালাতেই প্রত্যহ ছুইত্তে পাঠ অভ্যাস করাইতে বক্তৃ করেন।

পরিশেষে আর্গেড নামক কোল প্রসিদ্ধ অব্যাপক শ্বীর ব্যবসায়ে ঘেৰে গুণের বিশিষ্ট প্রয়োজনীয়তা অনুভব করিয়া লিখিয়াছেন তাহার সেই লিপ্যর্থের অনুবাদ করিতেছি। তিনি কহেন “ধর্ম-পরায়ণতা, কার্য্য-তৎপরতা, শারীরিক এবং মানসিক বল, বাসকের স্বাস সারলা, তথা গান্ধীর্ষা, মুক্তা, বিদ্যা এবং দাঙ্কিণ্য এই সকল শুধু থাকিলে কোন ব্যক্তি সুশিক্ষক হইতে পারেন না। কিন্তু এই সমুদায় সন্মুগ্নালভ্যত পুরুষ প্রায় গান্ধীরা থারেন না। এমত শোক অভ্যন্ত ছুআপ্য বটে, তথাপি যাহারা শিক্ষকের কর্মে প্রহৃত হইতেছেন তাহাদিগের অবশ্য কর্তব্য থে, আপনারা এই সমুদায় গুণ-সম্পদ হইবার স্থায় সাধ্য চেষ্টা করেন”।

ତୃତୀୟ ଅଧ୍ୟାୟ ।

—●●●—

[ ଲିଖନ ଏବଂ ପଠନ ଶିକ୍ଷାର ରୀତି—ତହିଁରେ  
କାନ୍ତକଳକେର ସ୍ୟବହାର—ଧୂନିର ଥାରା ! ]

ବାଲକେରା ପାଠଶାଳାର ‘ଲେଖ୍ୟ ପଡ଼ା’ ଶିଖିତେ ଥାର । ତାହାଦିଗଙ୍କେ, ଛୁଗୋଳ ଇତିହାସ ପ୍ରକୃତି ଆର ଯାହା ସାହା ଶିକ୍ଷା ଦେଓଯା ଯାଇକ, ସକଳଇ ଏହି ‘ଲେଖ୍ୟ ପଡ଼ାର’ ଅନ୍ତର ଅଥବା ତାହାର ପଞ୍ଚାହର୍ତ୍ତୀ । ଅତଏବ ଶିଶୁଦିଗଙ୍କେ କି ପ୍ରକାରେ ଉତ୍ସବକଟପେ ପଡ଼ିତେ ଏବଂ ଲିଖିତେ ଶିଖାଇତେ ପାରା ଥାର, ତାହା କିମ୍ବିଂ ବାହ୍ଲାଙ୍କଟପେ ବର୍ଣନ କରିବେ ପ୍ରହୃଷ୍ଟ ହେଉଥାଇଛେ ।

ବାଙ୍ଗାଲାର ପଡ଼ା ଏବଂ ଲେଖ୍ୟ ଏକେବାରେଇ ଶିକ୍ଷା ଦେଓଯା ବିଷୟ । ଏତଦେଶୀୟ ପ୍ରାଚୀନ ପାଠଶାଳା ସମନ୍ତ ଏହି ରୀତି ପ୍ରଚଲିତ ଆଛେ । କିନ୍ତୁ ଯାହାରୀ ଇଂରାଜୀ ବିଦ୍ୟାଲୟରେ ପ୍ରଥାରଇ ଏକାନ୍ତ ବଶବନ୍ତୀ ତୋହାରୀ କ୍ରମେ ଏହି ରୀତି ପରିତ୍ୟାଗ କରିଯା ଇଂରାଜୀ ରୀତି ବେ, ଅଥମତଃ କେବଳ ପଡ଼ିତେ ଶିକ୍ଷା ଦେଓଯା ତାହାଇ ଅବଲମ୍ବନ କରିବେ—ହେଲ । ତୋହାରୀ ବିବେଚ୍ନା କରନ, ଇଂରାଜୀତେ ଛଇ ଏକାର ଅକ୍ଷର ପ୍ରଚଲିତ ଆଛେ । ଇଂରାଜଦିଗେର ପୁନ୍ତକ ସମନ୍ତ ଏକ ଏକାର ଅକ୍ଷର ମୁଦ୍ରିତ ହେଯ, ଆର ତୋହାଦିଗେର ହାତେରୁ ଲେଖ୍ୟ ଅନ୍ୟ ଏକାର । କୁତରାଂ ଇଂରାଜୀତେ ଲେଖ୍ୟର ଏବଂ

পড়ায় হেমন স্বাভাবিক প্রভের হইয়া উঠিছাই, বাঙ্গালার সেকপ হইবার আবশ্যকতা নাই। অপরদ্রু, ইংরাজী মেথায় এবং পড়ায় এইজন স্বাভাবিক প্রভেদ থাকিমেও কোনুই ইংলণ্ডীয় শিক্ষক, স্বজ্ঞাতীয় বর্ণ-মালার শিক্ষা অধিক সহজ হইবে বলিয়া বালকদিগকে ছাপার অক্ষর গুলিও প্রথম হইতে লিখাইয়া থাকেন। কি আশচর্য ! ইংরাজেরা আমাদিগের মধ্যে কোন সুরীতি দেখিলে তাহা অবলম্বন করিতে কালব্যাজ করেন না, কিন্তু আমাদিগের অনুচকীয়া সুরীতি কেমন বশবতী হইয়াছে আমরা আপনারদিগের প্রচলিত কোন সুরীতির গুণাগুণ বিবেচনা না করিয়াই ষাহাতে ইংরাজদিগের কোন গুরু আছে তাহা একেবারে গুরু করিয়া থাকি। কেহুই কহিয়া থাকেন যে, কোমল-মতি শিশুদিগকে একেবারে লেখা পড়া দুই ধরাইলে তাহাদিগের পক্ষে অত্যন্ত ভার বোধ হইবে। ইইঁরা এমন বলিলেও বলিতে পারেন যে একেবারে দুই পাত্রে চলা বড় কঠিন ব্যাপার, অতএব প্রথমতঃ এক পাত্রে চলাতে শিখাই ভাল। ব-স্তুতঃ বঁইরা একেবারে লিপিতে এবং পড়িতে শিখা এত বিষম ব্যাপার বোধ করেন, তাহার কথলই বালকদিগকে শিক্ষা আদান করেন নাই। মচে, আমিতেন যে অতি শেশবাবস্থাতেও কার্য্যানুরক্তি এমত অবল হয় যে, শঙ্গরা লিখিবার আদেশ পাইলে যেমত সহ্যের একাশ করে এবং তৎকর্ত্ত্ব যেমন মমঃসংযোগ করে, শুন্দ বহি-

শুলিয়া ক, থ, গ, প্রতিক্রি অঙ্কর শুলির প্রতি পুনঃ২  
প্রতিপাদ করিতে কদাচি তেমন সন্দৰ্ভ বা মনোধোগী  
হয় না। লিখিবার সময় বতশুলি ইস্তিয়ের এবং মনো-  
ক্রিয়ের পরিচালনা হয় কবল অঙ্করশুলির দিকে চাহিয়া  
থাকিতে গেলে কথমই উচ্চ হয় না। এই অন্যাই শিক্ষণ  
লিখিতে বত ভালবাসে প্রথমতঃ পড়িতে তেমন ভাল  
বাংশে না। অপর্যন্ত কেহু বলিয়া থাকেন মোকে আগে  
কথা কর পরে মেখে, অতএব মেখা শিক্ষা শেষেই  
অঙ্কিতিসিদ্ধ মিলম। তাহারা বিবেচনা করল ষে, মেখাৰ  
অত্যে কথা হয় বলিয়া লেখাৰ পূৰ্বে পাঠ কৰা  
হইতে পারে না।

কলশঃ এই বিষয় উপরকে অধিক বাঁকা ব্যায় কৰা  
অনাবশ্যক। একেবারে লিখম এবং পঠন শিক্ষা  
হেওয়াতে বে বিশেষ কল দর্শে তাহা পরীক্ষা কৰিয়া  
দেখিলেই প্রতীত হইবে।

বিদ্যালয়ে এই প্রণালী কৰ্তৃ শিক্ষা দিতে হইলে  
এক খাঁলি রুহু কাট কলক অত্যন্ত আবশ্যক। উহু  
পুরুক অঙ্কো সমধিক অযোজনীয়। শিক্ষক মেই  
কাট কলকে রুহু অকরে লিখিয়া একটী করিয়া  
অথবে ছুই তিমটী স্বরবর্ণ এবং তাহাব পৰ ছুই তিমটী  
হল বৰ্ণ লিখিতে এবং পাঠ করিতে শিখাইবেন। তৎ-  
পরে একসকল অকরেৰ যোগে ষে সকল শব্দ উৎপন্ন  
হয় তাহারও কতকগুলি লিখাইয়া পাঠ কৰাইবেন।

এই ক্লপে সমুদায় বর্ণমালা এবং ‘বালান’ ‘ফলা’ শিক্ষিত হইলে, তাহার পর বালকেরা পরম্পর কথোপকথনে যে সকল সরল বাক্য প্রয়োগ করে তাহা লিখাইতে এবং পাঠ করাইতে হইবে। অনন্তর বালকদিগের হস্তে পুষ্টক সমর্পণ করা যাইতে পারে। এই ক্লপে শিখাইলে লিখন পঠনে বিলম্বন আমোদ হইয়া অ-তাপ্ত কালেই সুন্দরজ্ঞপে অঙ্গর-পরিচয় হয়।

কিন্তু এই বিষয়ে সম্মতি ইউরোপ থেও আৱ একটী প্ৰথা অবৰ্ত্তিত হইয়াছে। ইহাকে ‘ধূনির-ধাৰা’ বলা যায়। যাহারা ঐ প্ৰথা সম্পূৰ্ণজ্ঞপে অবলম্বন কৰা নিষ্পয়োজনীয় জ্ঞান কৰেন, তাহারাও উহার কোনৰ অঙ্গ অতি উজ্জ্বল বলিয়া প্ৰহণ কৰিয়া ধাকেন। এই হেতু মানাবৰ মিসেনৱী ব্ৰহ্মান্দেশ সাহেব প্ৰণীত ইংৰাজী পৃষ্ঠক হইতে সকলন কৰিয়া ‘ধূনির-ধাৰা’ প্ৰবৰ্ত্তকদিগের কৰ্তৃপক্ষ প্ৰায় সমস্ত নিম্নে প্ৰকাশিত কৰা যাইতেছে।

ধূনির-ধাৰা প্ৰবৰ্ত্তকেৱা বলেন বে, ‘বে রৌতি অব-  
লম্বন দ্বাৰা ইউরোপীয় শিক্ষকেৱা আজৰ বধিৱদিগ-  
কে ও পুষ্টক পাঠ কৰাইতে শক্ত হন, সেই শিক্ষা-রৌতি ই-  
সৰ্বাপেক্ষ। উৎকৃষ্ট হইবে, তাহার সন্দেহ নাই। বধিৰ  
ছাত্ৰগণকে কোন বৰ্ণেৱ উচ্চাৱণ শিক্ষা কৰাইতে হইলে  
শিক্ষক মুখভঙ্গি দ্বাৰা ঐ বৰ্ণকি প্ৰকাৰে উচ্চাৱিত হয়  
অতি স্পষ্ট কৰিয়া দেখান্ত। তিনি সেই বৰ্ণেৱ ‘নাম’

বলেন না, তাহার 'ধূমি' কি একারে হয় তাহাই দেখা-ইয়া দেন। অর্থাৎ যদ্যপি 'অ' বর্ণের উচ্চারণ করিতে হয়, তবে 'অকার' বলেন না 'অ' মাত্র বলেন, 'ক' বর্ণের উচ্চারণ শিক্ষা করাইতে হল বর্ণের শেষে যে মুখ-মুখ্যার্থ 'অ' উচ্চারিত হয় তাহারও উচ্চারণ করেন না, 'ক' কি একারে উচ্চার্য হয় তাহাই প্রদর্শন করেন। অতএব যাহারা শিশুদিগকে বর্ণেচ্ছারণ করিতে শিক্ষা দিবেন তাহারা বেন জিহ্বা, ওষ্ঠ, দন্ত, ভালু প্রভৃতির কেমন অবস্থান হইলে কোন্ত ধূমি নির্গত হয় এইটী বিস্কুল-কল্পে আননেন। এইকল্পে দুইটী তিনটী স্বরবর্ণ এবং তিন টী বা চারিটী হল বর্ণের ব্যথার্থ উচ্চারণ শিক্ষা হইলেই শিশুদিগকে অনেক গুলি শব্দ পাঠ করাইতে পারা যাইবে। তাহারা সেই সকল পদের অর্থ বুঝিবে এবং অতাম্বু আচ্ছাদপূর্বক পাঠে ঘনোষাগ দিবে। ইহার আর একটী মতও মাত্র আছে। সমুদায় বর্ণের 'নাম' মাত্র অগ্রে শিক্ষা করাইয়া পুনর্কার তাহার 'বানান' 'কলা' শিক্ষা করাইতে হইলে পূর্বশিক্ষিত অনেক কুসং-স্কার ভুলাইবার ব্যুৎ করিতে হয়। তাহাতে অনেক সময় এবং অনেক পরিশ্রম বায় হইয়া থাকে। ইহ-রাজী তাব্য শিক্ষায় ডন্তাব্যার বর্ণমালা উত্তম নয় বলিয়া ধনি ও ত্রি একার সময় এবং তাম অপব্যয়ের অয়েজন হয় ইউক, কিন্তু বাঙ্গালা বর্ণমালা মেমন পরিপাটীকল্পে দিনান্ত, ইহার বর্ণ সমষ্টের উচ্চারণ যেমন সুপ্রশস্ত এবং

সর্ব জ্ঞানে একই বিধি, ইহাতেও যে যৎকিঞ্চিত্তে মনো-  
বোগ অভাবে শিক্ষক এবং শিশুদিগকে এত ব্যর্থ পরি-  
শ্রম করিতে হয়, ইহা উচ্চিত নহে”। ধূনির-ধারা  
প্রবর্তকদিগের এই সকল কথা কত দূর কার্যকালে  
সকল হয়, তাহা বিশিষ্টকল্পে পরীক্ষা করিয়া না দেখিয়া  
কেহই এই সকল কথা বুঝিতে পারিবেন না। এই প্রণালী  
যে সর্বত্র পরিগৃহীত হইবে এমত আশা ও অতি বিরল।  
অতএব এইরূপ পাঠনা প্রণালীর একটী মাত্র উদ্বাধরণ  
প্রদর্শন করিয়া নিম্নত হওয়া যাইবে। শিক্ষক, বালক  
শ্রেণীর মধ্যবর্তী হইয়া একটী বৃহৎ কাঠ-ফলকে অতি  
বৃহৎ অঙ্করে ‘আ’ এই স্বরবর্ণটী লিখিয়া কহিবেন ঐজী  
‘আ’। বালকেরা তাহার অনুবর্তী হইয়া উচ্চেষ্টেরে  
‘আ’ উচ্চারণ করিবে। তাহার পর, শিক্ষক ঐ কাঠ-  
ফলকে ষেখানে ‘আ’ লিখিয়াছিলেন তাহার কিন্তু দূরে  
‘ম’ লিখিয়া আপনার অধর এবং ওষ্ঠ ভিতরের দিকে  
উৎস সন্তুচ্ছিত করিয়া নাসিক দ্বারা বায়ু নির্গত করত  
হস্তে ‘ম’ ঘের উচ্চারণ করিবেন। বালকেরাও শিক্ষ-  
কের অনুকরণ করিয়া ‘ম’ কাঁরের ব্যার্থ উচ্চারণ করিতে  
পারিবে। শিক্ষক ঐ ছুইটী বর্ণের পুনঃ২ উচ্চারণ  
করাইয়া পরে ‘আ’ এবং ‘ম’ ছুইটী বর্ণই লিখাইবেন,  
কিন্ত একবারও ‘ম’ কে ‘ম’ বলিবেন না। তাহার পর  
তিনি ‘আ’য়ে হাত দিলেই বালকেরা ‘আ’ উচ্চারণ  
করিবে এবং শিক্ষক ঐ আঘাতের উচ্চারণ না কুরাইতে নই

‘ম’য়ে হাত দিবেন। বালকেরা অন্মি ‘ম’ উচ্চারণ কৰিবে। কতিপয় বার এইজুগ কৰিয়া, পরে শিক্ষক কিংবিধ শীঘ্ৰ ‘আ’ হইতে ‘ম’য়ে অঙ্গুলি নির্দেশকৰিবেন, তাহা কৰিলেই বালকবৰ্গ তন্মে ‘আম’ উচ্চারণ কৰিতে পাৰিবে। এই কল্পে আম্, আন্, আৱ্ আল্ আশ্ আষ্, আস্, প্ৰভৃতি কতকগুলি শব্দ উচ্চারণ কৰিতে এবং লিখিতে শিখাইয়া অধ্যাপক ষথন দেখিলেন যে, ঐ গুলি সমুদায় সম্পূৰ্ণ কল্পে শিশুদিগের হস্তান্ত হইয়াছে, তখন আৱ একটী ‘আ’ ঐ কাঠকলৰকে লিখিয়া কহিবেন, এইটী কি?—বালকেরা উত্তৰ কৰিবে ‘আ’। শিক্ষক বলিবেন এইটী ‘আ’ বটে কিন্তু ইহার এই পৰ্যান্ত পুঁচিয়া কেলিলে থাহা অবশিষ্ট থাকে তাহাও ‘আ’। এই বলিতেই শিক্ষক ‘আ’ য়ের ‘অ’ ভাগ পুঁচিয়া কেলিবেন। তাহার পৰ ‘ম’য়ে অঙ্গুলি নির্দেশ কৰিলেই বালকেরা পূৰ্ববৎ অনুনাসিক শব্দ কৰিতে থাকিবে, এবং শিক্ষক মেই শব্দ শেষ না হইতেই ই ‘+’য়ে অঙ্গুলি নির্দেশ কৰিবেন। কতিপয় বার এইজুগ কৰিয়া পরে কিংবিধ শীঘ্ৰ অঙ্গুলি নির্দেশ কৰিলেই ‘মা’ শব্দ উচ্চারিত হইবে। এইজুপে না, লা, রা, শা, ষা, সা, সকলগুলি লিখিতে এবং পড়িতে শিক্ষা হইবে। পূৰ্ব যে শব্দ গুলি শিক্ষা হইয়াছে এবং পরে যে গুলি হইল এই সমুদায়ে অনেক কথা হইতে পাৰে। মেই কথা গুলি শিখাইয়া এবং পড়াইয়া এই বৰ্ণসম-

ତେର ଉଚ୍ଚାରଣ ଏବଂ ଲିଖନ ସହକେ ଅମେକ ଶିକ୍ଷା ଦେଓଯା  
ଯାଇବେ । ପ୍ରଥମତଃ ଏହି ରୀତି ଜର୍ମେନ ଭାଷାର ପ୍ରଚଳିତ  
ହୁଏ । ଏକଗେ ଇହା ଇଉରୋପ ଖଣ୍ଡେର ଆୟ ସକଳ ଦେଶେଇ  
ପରିପୂର୍ଣ୍ଣ ହେବାରେ ଆୟ ବର୍ଣମାଳା ବର୍ଣମାଳା ।  
ଏହି ଅନ୍ତାଳୀ କ୍ରମେ ଶିକ୍ଷିତ ହେବାର ସେମନ ଉପରୁକ୍ତ  
କୋନ ଇଉରୋପୀୟ ବର୍ଣମାଳାଇ ଇହାର ତେମନ ଉପରୁକ୍ତ  
ଅଛେ ।

— \* \* : \* \* —

ଫର୍ଦ୍ଦ ଅଧ୍ୟାୟ ।

— \* \* \* —

। ଅଙ୍କ-ଶିକ୍ଷା—ଗଣମକ୍ୟାତ୍ମା—ଅଙ୍କ କଥନ ଏବଂ ଲିଖନ—  
ନାମତଃ—ଯୋଗାବଳୀ—ବିଯୋଗାବଳୀ—ପୂରଣ—ହରଣ—  
ତୈରାଶିକ—ପରିମାଣ—ଚତ୍ର—ଭିନ୍ନରାଶି ।

ସେମନ ଲେଖାପଢ଼ା ଶିକ୍ଷା ଦେଓଯାଯ ପ୍ରାକୃତିକ ନିୟମ  
ଅବଲମ୍ବନ କରା କର୍ତ୍ତବ୍ୟ, ଅଙ୍କ ଶିକ୍ଷା ଅନ୍ତରେ ଓ ମେହି ରୂପ  
କରା ବିଧେୟ । ଅତ୍ୟବେ ପୂର୍ବୋଲ୍ଲିଖିତ ପେଣ୍ଟାଲୋଜାଇ  
ମହାଶୟର ଅଦର୍ଶିତ ରୀତି ( ଯାହା ସକଳେଇ ପ୍ରାକୃତିକ  
ରୀତି ବଲିଯା ଦ୍ୱୀକାର କରେନ ) ତଦନୁଯାୟୀ ହେଯା କି ପ୍ରା-  
କାରେ ଅଙ୍କବିଦ୍ୟା ଶିକ୍ଷା କରାଇତେ ହୁଏ, ତାହାର ସବିଷ୍ଟାର  
ବର୍ଣନ କରା ଯାଇତେଛେ ।

- ( ৫ ) কাচ কঠিন এবং স্বচ্ছ বলিয়া উহা হইতে সাসি, লন্ঠন, সেজ, দেয়ালগিৰ, বাড় অস্তুত হইয়া থাকে।
- ( ৬ ) কাচেৱ পৃষ্ঠে পাৱা এবং রক্ষ মিঞ্জিত কৰিয়া মুখাইলে উহা অস্বচ্ছ হয় এবং কাচ স্বভাৱতঃই মুক্ত

এবং উজ্জ্বল আছে, সুতরাং উহার বিশেষত্বাত্ত্বিতা গুণ অঙ্গে ।

( ৭ ) কাচের বাসনের গুণ এই যে উহা অস্থগ ও উজ্জ্বল হয় এবং উহাতে কলক থারে না ।

( ৮ ) কাচের বাসনের দোষ এই যে উহা অতি অল্প আঘাত পাইলেই তাঙ্গিয়া যায় ।

ছাত্রবর্গ আরও বর্যোধিক এবং বুদ্ধিমান হইলে উঠিলে বিশেষতঃ অনেকানেক বিষয়ে তাহাদিগের জ্ঞান অশ্বিলে উপরিতি অনুমিতি প্রভৃতি মনোযুক্তি-দিগের সমৰ্পণ না র্থ বস্তু করা আবশ্যিক । তজ্জন্ম মৃচ্ছ-লিখিত আদর্শ প্রদর্শিত হইতেছে ।

শি । এক থেকে কাচ হাতে করিয়া তুলিলে উহাকে ভারী বা হালকী, গুরু কিম্বা লম্বু, কি বোধ হয় ? । বা । ভারী বোধ হয় । বা । হালকৌ বোধ হয় । শি । তোমরা কেহ ভারী কেহ লম্বু বলিতেছ, তবে আমি কি নিশ্চয় করিব ? দেখ, কাচ তুলা অপেক্ষা ? ।—বা । ভারী । শি । কিন্তু লোহ অপেক্ষা— ? । বা লম্বু । শি । তবে কোন জ্বায গুরু কিম্বা লম্বু বলিতে হইলে— ? । বা । অন্য জ্বয়ের সহিত তুলনা করিয়া বলিতে হয় । শি । এই জ্বয়, অর্থাৎ অন্যের অপেক্ষা করিয়া বলিতে হয় বলিয়া গুরু এবং লম্বু ইহাদিগকে ‘সাপেক্ষ’ শব্দ বলে । পশ্চিমেরা কোন জ্বয় গুরু এবং কেবা লম্বু তাহা নিশ্চয় করিতে হইলে সেই জ্বয়কে জনের সহিত— ? । বা । কু-

অনা কৰিয়া থাকেন। শি। কাচ অল অপেক্ষা ?। বা।  
গুৰু। শি। অল অপেক্ষা গুৰু কিৰুপে আমিলে ?। বা।  
কাচ জলে ডুবিয়া থাই। শি। কিন্তু কাচের শিশি—?।  
বা। জলে ভাসে। শি। তবে-- ?। বা। তেমন লৌহেৱ  
কড়া, লোহার ভাসাজও জলে ভাসে। শি। তবে অল  
অপেক্ষা ভাসী হইলেই ত কোন জ্বায় অলে ডুবে না ?  
বা। যদি নিৰেট হয় এবং অল অপেক্ষা ভাসী হয়  
ভাসা হইলেই জলে ডুবে। শি। তবে ‘নিৰেট’ কাচ  
জলে ডুবে এই জনাই — ?। বা। কাচকে অল অপেক্ষা  
ভাসী বলা যায়। শি। কাচ স্পাৰ্শ কঠিন কি কোমল ?।  
বা। কাচ অতিশয় কঠিন। শি। ই সচৰাচৰ আমৰা  
ৰে সকল জ্বা বাবহার কৰিয়া থাকি ভাসাদিগেৱ সক-  
লেৱ অপেক্ষা কাচ কঠিন বটে। কিন্তু কঠিন এবং কোমল  
এই ছুইটো— ?। বা। সাপেক শব্দ। শি। অৰ্থাৎ—  
বা। কোন জ্বয়কে কঠিন বা কোমল বলিতে হইলে অনা  
কাহার অপেক্ষা উহা কঠিন বা কোমল ভাসা ভাবিয়া  
বলিতে হয়। শি। কাচ লৌহ অপেক্ষা কঠিন বটে কি  
না ?। বা। কাচ লৌহ অপেক্ষা কঠিন। বা। না, কঠিন  
নহ, কাৰণ লৌহেৱ আঘাতে কাচ ভাসিয়া থাই, অতএব  
উহা লৌহ অপেক্ষা কোমল। শি। কাচ ইষ্টকেৱ  
আঘাতেও ভাসিয়া থাই কাপড়েৱ ছুটিৱ আঘাতেও  
ভাসিয়া থাই, হাতেৱ চাপড়েও ভাসিয়া থাই, কাচ কি  
ইষ্টক, কাপড় এবং হাতেৱ মাংস অপেক্ষাও কোমল ?

বা। মা, উহা কঠিন, উহা ভঙ্গ-অবণ বলিয়াই ভাস্তুয়া  
যায়। শি। তবে সৌহের আঘাতে ভাজে বলিয়া উহা-  
কে লোহ অপেক্ষা কোমল —? বা। বলা যাব না। শি।  
তোমাদের হাতের প্লেট, এই খড়ি, এবং এই ছুরি, এই  
তিনের মধ্যে কে সর্বাপেক্ষা কঠিন? বা। ছুরি সর্বা-  
পেক্ষা কঠিন। শি। তাহার নৌচে? বা। প্লেট। শি।  
তাহার নৌচে? বা। খড়ি। শি। প্লেটের উপর ছুরির  
অঁচড় দিলে প্লেটের গাত্রে —? বা। দাগ পড়ে। কিন্তু  
খড়ি দিয়া অঁচড় দিলে —? বা। খড়ি আপনিই  
ভাস্তুয়া প্লেটে লেপিয়া যায়। শি। অতএব বাহাস্তুরা  
অঁচড় দিলে দাগ পড়ে স্বয়ং লিপ্ত হইয়া যায় না  
সেই অব্যাহৃতি —?। বা। অধিক কঠিন। শি। লোহের হারা  
কাচের গাত্রে দাগ দেওয়া —?। বা। যায় না, কিন্তু  
কাচের হারা লোহের উপর দাগ দেওয়া যায়, অতএব  
কাচ লোহ অপেক্ষা কঠিন। শি। কিন্তু কাচের হারা ও  
কাচের গাত্রে —?। বা। দাগ দেওয়া যায়। শি। অত-  
এব সমান কঠিন ছাইটী ঝব্যের মধ্যে একটীর হারা  
অপরটীর উপর —?। বা। দাগ দেওয়া যাইতে পারে।  
শি। আবার সধার ইস্পাতের হারা ও কাচের উপর?।  
বা। দাগ দেওয়া যাইতে পারে। শি। অতএব বলি  
সধার হয় তবে কিপ্পিয়াত অল্প কঠিন ঝব্যের হারা ও  
কিপ্পিয়াত অধিক কঠিন ঝব্যের উপর?। বা। দাগ  
দেওয়া যাইতে পারে। শি। যে অব্য অধিক কঠিন

ତାହାର ଦୀରାଇ ଅଞ୍ଜଳିନ୍ଦ୍ର ପ୍ରକୃତ ହିଁଯା । ଥାକେ, କାରଣ—? ।  
ବା । ତାହାର ଦୀରାଇ ଅନ୍ୟ ସକଳେର ପାଇଁରେ ଅନ୍ୟାନ୍ୟମେ ଦାଗ  
ଦେଖୁଯା ବାର ବା ଅନ୍ୟ ସକଳକେ କାଟି ଦାଯ । ଶି । ହୀରକ  
କାଚ ଅପେକ୍ଷା କଠିନ, ଅତେବ ହୀରକେର ଦୀରାଇ—? ବା ।  
କାଚ କାଟିରା ଥାକେ ।

ଶି । କୋମ ଜ୍ଞାନକେ ତୁମିଯା ମେହିଟି ଗୁରୁ କି ଲୟୁ,  
ତାହାକେ ଟିପିଯା ଉହା କଠିନି କି କୋମଳ ତାହା ଜାନା ବାଯ,  
କିନ୍ତୁ କେବଳ ସ୍ପର୍ଶଘାତ କରିଲେ—? । ବା । ଉହା ଶୀତଳ  
ଅଥବା ଉଷ୍ଣ ଆନନ୍ଦ ବାହିତେ ପାରେ । ଶି । କାଚକେ ସ୍ପର୍ଶ  
କରିଲେ କି ବୋଧ ହୁଏ ? । ବା । ଶୀତଳ ବୋଧ ହୁଏ । ଶି ।  
ସଚରାଚର ଶୀତଳ ବୋଧ ହୁଏ ବଟେ ; କିନ୍ତୁ ଅତିଶ୍ୟ ଶୀତଳ  
ଜଳେ କିମ୍ବଙ୍କଳ ହାତ ଡୁରାଇଯା ରାଖିଯା ତାହାର ପର ଯଦି  
ସ୍ପର୍ଶ କର, ତବେ ଉହାକେ ଶୀତଳ ବୋଧ ହିଁବେ ନା । ବାନ୍ଧ-  
ବିକ, ସେ ଜ୍ଞାନ ଆମାଦିଗେର ଶରୀର ଅପେକ୍ଷା ଶୀତଳ  
ତାହାକେଇ ଆମରା ଶୀତଳ ବଲି ଏବଂ ସେ ଜ୍ଞାନ ଆମା-  
ଦିଗେର ଶରୀର ଅପେକ୍ଷା ଉଷ୍ଣ ତାହାକେଇ—? । ବା । ଉଷ୍ଣ  
ବୋଧ କରିଯା ଥାକି । ଶି । ଦେଖ ଶୀତଳ କାଳେର ରାତିତେ  
ଆମାଦିଗେର ଶରୀର ଅତ୍ୟନ୍ତ ଶୀତଳ ହୁଏ ବଲିଯା ପ୍ରାତଃ-  
କାଳେ କୁପେର ଜଳ—? । ବା ଉଷ୍ଣ ବୋଧ ହୁଏ । ଶି । କିନ୍ତୁ  
କିମ୍ବଙ୍କ ବେଳେ ହିଁଲେ ଶରୀର ଉଷ୍ଣ ହିଁଯା ଉଠେ, ଅତେବ  
ତଥିନ—? ବା । ମେହି କୁପେର ଜଳ ଶୀତଳ ବୋଧ ହିଁଯା  
ଥାକେ । ଶି । ଆମାର ଦେଖ, ମହଜ ଅବଶ୍ୟ ତୋମାର ହାତ  
ଆମାର ପାଇଁରେ ଦିଲେ ଉହା ଉଷ୍ଣ ବୋଧ ହୁଏ, କିନ୍ତୁ ଆମି

জৰিত হইয়া যদি স্বয়ং উষ্ণ হই তবে এই হাতই—? বা । শীতল বোধ হইবো । শি । অতএব শীতল এবং উষ্ণ ইহারা পরম্পরার সামগ্ৰে শব্দ, সূতৰাং কোন দ্রব্য কত উষ্ণ বা শীতল ইহা নিশ্চয় কৱিতে হইলে তাহাকে স্পৰ্শ কৱিয়াই—? বা । বলিতে পারা বাবে মা । শি । তাহা পৰীক্ষা কৱিবার নিমিত্ত এক একার ঘন্টা আছে, সেই ঘন্টের নাম তাপমান

ইত্যাদি ।

ইত্যাদি ।

এই পাঠ সমাপন হইলে শিক্ষক কাঠ ফলকে নিষ্পন্ন নিখিত রূপে ইহার তাংপর্যার্থ সংকেতে লিখিয়া দিবেন, ছাত্ৰেরা তাহা স্বীকৃতে লিখিয়া পরে বাক্য পূৰ্ণ কৱিয়া তাহাকে দেখাইবে ।

কাচ ।

কোন দ্রব্য গুৰু—ইহা নিশ্চয়—হাতে কৱিয়া—  
বুঝিতে হয় । গুৰু এবং লম্বু—শব্দ পরম্পরা—  
পশ্চিমেরা—সহিত ভূলন্মা কৱিয়াই দ্রব্য সমস্তকে গুৰু  
বা লম্বু— । যে জলে—বায় তাহাকে লম্বু—।—কাচ  
জলে ডুবিয়া যায়—উহা জল— গুৰু ।—যেমন  
পরম্পরার সামগ্ৰে শব্দ কঠিন এবং কোমল এই জুইটীও  
মেইঝেপ—! দ্রব্যের কাঠিন—বুঝিতে হয় । যে  
অধিক—তাহার দ্বাৰা—দ্রব্যের গাঁতে—। কাচে—  
লৌহের—দাগ দেওয়া যায় । অতএব কাচ—। <sup>কিন্তু</sup>

ହୋଇକ—କଠିନ । ଏହି ଅନ୍ୟ ହୋଇକେର—କାଟେ ।  
କଠିନ—ଅଜ୍ଞ ଶଜ୍ଞ—। ଶୈତା ଏବଂ—ପରମ୍ପର—  
ଶଜ୍ଞ । ସେ—ଆମାଦିଗେର—ଉଚ୍ଚ ତାହାକେଇ—ବୋଧ  
କରି । ସେ ଜ୍ଞବ୍ୟ—ଅପେକ୍ଷା ଶୀତଳ ତାହାକେଇ—  
ବୋଧ କରିଯା ଥାକି । କିନ୍ତୁ ଏକ ଅକାର—ଆହେ  
ତାହାର ଦ୍ୱାରା କୋମ୍ ଜ୍ଞବ୍ୟ ସାଙ୍ଗବିକ—କେ—ତାହା  
ନିଶ୍ଚଯ—ମେଇ ସତ୍ତ୍ଵର ନାମ— ।

ଇତ୍ୟାଦି :

ଇତ୍ୟାଦି ।

ବାଲକେରା ଏହି ପାଠେର ବାକ୍ୟ ସମ୍ପତ୍ତ ପୂର୍ଣ୍ଣ କରିଯା ଲି-  
ଖିଲେ ଉହା ନିମ୍ନ-ଲିଖିତ ରୂପ ହିଁବେ ।

କାଚ ।

କୋମ ଜ୍ଞବ୍ୟ ଶୁଣ କି ଲଘୁ ଇହା ନିଶ୍ଚଯ କରିତେ ହିଁଲେ  
ଉହାକେ ହାତେ କରିଯା ତୁଲିଯା ବୁଝିତେ ହୟ । ଶୁଣୁ ଏବଂ  
ଲଘୁ ଏହି ଦୁଇଟି ଶବ୍ଦ ପରମ୍ପର ସାପେକ୍ଷ । ପଣ୍ଡିତରା  
ଜଳେର ସହିତ ତୁଲନା କରିଯାଇ ଜ୍ଞବ୍ୟ ସମ୍ପତ୍ତକେ ଶୁଣ ବା ଲଘୁ  
ଅବଧାରିତ କରିଯା ଥାକେନ । ସେ ନିରେଟ ଜ୍ଞବ୍ୟ ଜଳେ ଡୁବିଯା  
ଥାଯ, ତାହାକେ ଶୁଣ ବଲେନ । ସେ ନିରେଟ ଜ୍ଞବ୍ୟ ଜଳେ ଭାବେ  
ତାହାକେ ଲଘୁ ବଲ୍ଲ ଥାଯ । ନିରେଟ କାଚ ଜଳେ ଡୁବିଯା  
ଥାଯ ଅତ୍ରବ ଉହା ଜଳ ଅପେକ୍ଷା ଶୁଣ ।

ଯେବେଳ ଶୁଣ ଏବଂ ଲଘୁ ପରମ୍ପର ସାପେକ୍ଷ ଶବ୍ଦ, କଠିନ, ଏବଂ  
କୋମଳ ଏହି ଦୁଇଟିଓ ମେଇ ରୂପ ପରମ୍ପର ସାପେକ୍ଷ ଶବ୍ଦ ।  
ଜ୍ଞବ୍ୟର କାଠିନ୍ୟ ତତ୍ତ୍ଵର ଦ୍ୱାରା ଟିପିଯା ବୁଝିତେ ହୟ । ସେ  
ଅଧିକ କଠିନ ତାହାର ଦ୍ୱାରା ଅଳ୍ପ କଠିନ ଜ୍ଞବ୍ୟ ଗାତ୍ରେ

বাগ দেওয়া থায় । কাচের দ্বারা লোহের গাঁটে কাপ  
দেওয়া যায় । অতএব কাচ লোহ অপেক্ষা কঠিন !  
কিন্তু হীরক কাচ অপেক্ষাও অধিক কঠিন । এই জন্ম  
হীরকের দ্বারা কাচ কাটে । কঠিন দ্রব্য দ্বারাই অস্ত্র  
শস্ত্র প্রস্তুত করা থায় ।

শৈত্য এবং উষ্ণতা ও পরম্পর সাপেক্ষ শব্দ । যে  
দ্রব্য আমাদিগের শরীর অপেক্ষা অধিক উষ্ণ তাহাকেই  
আমরা উষ্ণ বেঁধ করি । যে দ্রব্য আমাদিগের শরীর  
স্বপেক্ষ শীতল তাহাকেই শীতল গোধ করিয়া থাকি ।  
কিন্তু এক প্রকার যন্ত্র আছে তাহাব দ্বারা কোন দ্রব্য  
বাস্তুবিক কত উষ্ণ কে কত শীতল তাহা নিশ্চয় নিরূ-  
পিত করা থায় । সেই যন্ত্রের নাম তাপমান যন্ত্র ।

### সপ্তম অধ্যায় ।

[ব্যাকরণ—পদ এবং বাক্যের অস্য করিবার রীতি-  
শব্দের বৃৎপত্তি—বিদ্যালয়ের ব্যবহৃত পুস্তক কতিপয়  
হইতে উদাহরণ প্রদর্শন ।]

—○○—

‘অচরৎ ভাষা মাত্রেই বাক্যরণ অসম্পূর্ণ হয় ।’ বে

সাধু ব্যবহাৰ এজং সাধুপ্ৰয়োগকে মূলস্বরূপ কৰিয়া  
বৈয়াকৰণেৱা শব্দশাস্ত্ৰেৱ নিয়ম সমস্ত অবধাৰিত কৰেন,  
অচলস্থাৰ পক্ষে সেই সাধুব্যবহাৰ এবং প্ৰয়োগ  
সৰ্বদা পৱিবৰ্জনশীল থাকাতে বৈয়াকৰণদিগেৱ নিয়ম  
গুলিও সুতৰাং অবাণ্ণি দোষে দৃষ্টিত হইয়া থাকে।  
বাঙ্গালা একশণকাৰ অচলিত ভাষা। অতএব ইহাৰ ব্যা-  
কৰণ ও যে অসম্পূৰ্ণ হইবে তাহা অন্তৰাদেই বোধ হ-  
ইতে পাৰে। বিশেষতঃ বাঙ্গালা ভাষাৰ এই প্ৰথম উপ-  
তিৰ সময়। একশণে যে ইষ্টাৰ কত দূৰ পৰ্যন্ত হৃদি হইয়া  
উঠিবে, তাহাৰও নিশ্চয় নাই। অতএব এ পৰ্যন্ত  
বাঙ্গালাৰ ব্যাকৰণ মে সৰ্ববাদিসম্মত হইয়া উঠে নাই  
তাহাৰ কোন প্ৰকাৰে আশ্চৰ্যেৰ বিষয় হইতে পাৰে  
না। অপিতু, কোন ভাষায় ব্যাকৰণ শিক্ষাৰ মুখ্য-  
উদ্দেশ্য এই সে, তদুৱা সেই ভাষায় বাঁকা রচনাৰ  
জ্ঞান অংগো। পৰস্ত অচলিত ভাষায় কথোপকথন  
কৰিতে পাৰা সেই ভাষাভাষী বাক্তিবৰ্গেৱ সহিত সৰ্বদা  
সম্পৰ্ক রাখিলেই অন্যায়াসে সিদ্ধ হইয়া থাকে। বিশে-  
ষতঃ মাতৃভাষাতোয় ভাষায় কথোপকথন কৰিবাৰ নি-  
মিত ব্যাকৰণ শাস্ত্ৰেৱ উপদেশ আৰশাক কৰে না। এই  
জনাই বাঙ্গালিৰ ছেলেৰ পক্ষে বাঙ্গালিৰ ব্যাকৰণ  
শিক্ষা কৰা জনসাধাৰণেৱ বিশেষ ফলোপধাৰক বলিয়া  
বোধ হয় না। অতুত কোনৰ স্থলে ব্যাকৰণেৱ স্থূল  
সমস্ত এনত নিতান্ত নিষ্পত্তিযোজনীয় বোধ হয় নে,

লোকের নিকট তাহা পাঠকরিতে গেলে একান্ত উপ-  
হাসান্নদ হইতে হয়। ফলতঃ এই সকল নানা কারণে  
বাঙ্গালার ব্যাকরণ এপর্যন্ত জনসাধারণের নিকট অধিক  
সমাদৃত হয় নাই। আর যাহারা সংস্কৃত ব্যাকরণ  
জানেন, তাহারা বাঙ্গালার বৈয়াকরণদিগের ‘শুভ্রাপ’  
‘ক্রিয়ারাপ’ প্রভৃতি সংস্কৃত ব্যাকরণের অনুকৃতি দর্শনে  
‘ছাতারের নৃতা’ মনে করিয়া নিতান্ত অবজ্ঞা করিয়া  
থাকেন। কিন্তু এই সকল নানা প্রতিবন্ধক মন্ত্রেও  
বঙ্গবিদ্বালয়ের সমষ্টের ছাত্রবর্গকে কিঞ্চিং কিঞ্চিং বাঙ্গা-  
লার ব্যাকরণ শিক্ষা প্রদান করা আবশ্যিক দোধ হয়।  
কারণ যদিও কেবল মাত্র অনুকৃতি দ্বারাই বাক্য  
রচনা করিবার ক্ষমতা অঙ্গে, তথাপি সেই রচনাটি  
বিশুদ্ধ হইয়াছে কি না, বাক্যরূপ ড্রান বাস্তীত ত্বরিষয়ে  
দৃঢ় প্রতীতি হইবার সম্ভাবনা নাই। বিশেষতঃ ব্যাকরণ  
জ্ঞান না থাকিলে উত্তম আর্থিকতাও হয় না, সুতরাং  
সাহিত্য শাস্ত্রের সম্যক অর্থ গ্রহ হইতে পারে না।  
আর ব্যাকরণ শিক্ষার্থীন উপরিতি, অনুগতি প্রভৃতি  
মুখ্য বৃদ্ধি-রূপি সমষ্টের সুস্থরকৃত্বে পরিচালনা হইয়া  
তাহাদিগের সামর্থ্য বৃদ্ধি হইতে পারে। অতএব ব্যাকরণ  
শাস্ত্র সে শিক্ষার অতি অধান অঙ্গ তাহার সম্বেদন নাই।  
কিন্তু বিশেষ বিবেচনা করিয়া ব্যাকরণ শিক্ষা প্রদান করা  
আবশ্যিক। শিক্ষাদিগের কোম্বল মুখে কেবল নিয়মসমূহ  
অঙ্গসার-সর্বাঙ্গ-ব্যাকরণ লিঙ্ঘেপ করা নিতান্ত অক-

কৃত্বা বোধ হয়। অথবা তাহারা হেই পুস্তক পাঠ করিবে সেই সকল পুস্তকের প্রাত্যহিক পাঠ হইতেই ব্যাকরণের শিয়মগুলি ক্রমশঃ শিক্ষা করাইতে হয়। স্বর এবং বাঞ্ছন, স্থূল, এবং অসংযুক্ত, ত্রুট্য ও দীর্ঘ, বর্ণগত এই সকল প্রভেদ সর্বাত্মে শিক্ষণীয়। তাহার পর বিশেষা এবং বিশেষণের ভেদ করিপ এবং সর্বমাত্ম কাহাকে বলে আর কোন্তুলি ক্রিয়া পদ, কাহারা ক্রিয়া বিশেষণ এবং সম্মোধন পদ তথা সম্বন্ধ এবং কর্তৃ-কর্ম-অধিকরণাদি কারক সকলের পরম্পর প্রভেদ যে একারে বোধ হয় তাহা ক্রম্য ২ শিক্ষা করাইতে হইবে। এই সকল শিক্ষার উপর্যোগী কতিপয় পাঠ নিম্নে প্রদর্শিত হইতেছে।

—  
\* ম পাঠ।

অথ, অক, ইহ, উভ,

এই চারিটী শব্দের অধো কোন্তুলি স্ব? , কোন্তুলি বাঞ্ছন বর্ণ ?। থ, ফ, হ, ভ, এই চারিটী হল বর্ণের পরে কোন্তু স্বরবর্ণের উচ্চারণ হয় কি না ?। যদি ঐ স্বরবর্ণটীর উচ্চারণ না করা ষায় তবে ঐ চারিটী শব্দ করিপ শুনাই ?। ইত্যাদি—ইত্যাদি।

—  
—

২ অংশ পাঠ।

আর, অংস, ইড, উঢ়, এখ, ঐৱ, ওজ, ঝঁজ, এই

সাতটা শব্দের মধ্যে কোন্ গুলি স্বর, কোন্ গুলি হল্?। আ, ই, উ, এ, ও, ঔ, ইহারা কিন্তু স্বর?। ই—এবং ইর উচ্চারণ বিশেষ কিন্তু?। ইত্যাদি—  
ইত্যাদি—

—○—

## ৩ র পাঠ।

অউ, আত, ইচ্ছ, ইশ্ব, উষ্ণ, উর্ক, এশ, এশ, ওত, এধৃ।

এই সকল শব্দের মধ্যে কোন্ গুলি স্বর, কোন্ গুলি হল্? এই সকল স্বরের মধ্যে কোন্ গুলি দ্রুত এবং কোন্ গুলি বা দীর্ঘ স্বর?—সংযুক্ত হল কোন্ গুলি?—‘উ’ কোন্ হলবর্ণের ঘোগে হইয়াছে?—‘ত’ কাহারু ঘোগে হইয়াছে ইত্যাদি—ইত্যাদি। ‘ধ’ এর মধ্যে যে ‘ধ’ এবং ‘ব’ আছে যদি তাহাদিগের মধ্যে একটী ‘অ’ থাকিত তবে উহার উচ্চারণ কিন্তু হইত? তাহা হইলে সংযোগ হইত কিমা? ইত্যাদি—ইত্যাদি।

অনুমাসিক বর্ণ কি কি?—অনুমাসিক বর্ণের মধ্যে কাহার সহিত কবর্ণের যোগ হয়?—কাহার সহিত চৰ-র্গের যোগ হয়?—বর্ণমালায় স-কংটী?—কোন্ স-এর সহিত কবর্ণের সংযোগ হইয়া থাকে?—কাহার সহিত ট-বর্ণের?—যেসকল যুক্ত অক্ষর বহিতে দেখিলে খাক তাহার মধ্যে কোথাও থ-এ থ-এ, বা ছ-এ ছ-এ,

সংবোধ দেখিতে পাও কি না ?— ইত্যাদি—ইত্যাদি।

---

### ৪ র্থ-পাঠ।

‘মুশীল ও মুরোধ বালক সর্বদা লেখা পড়া করে।’

(শিশুশিক্ষা।)

‘বালক’ এই শব্দটী একটা বস্তুর নাম। জ্বোর নামকে ‘বিশেষ’ বলে—অতএব ‘বালক’ ?। আরও দুই একটী বিশেষ শব্দ বল ?। মে শব্দ অন্যার গুণ বা দোষ বুজায় তাহাকে ‘বিশেষণ’ বলে, অতএব ‘মুশীল’—?। এই পাঠের মধ্যে আর কোন বিশেষণ শব্দ আছে কি না ?। ‘ভাল অভ্র’—এইচুইটীর মধ্যে কোন টী বিশেষণ, কোন টী বিশেষ ?—‘ভাঙ্গা প্লেট’—এই দুইয়ের মধ্যে কেবা বিশেষণ, কে বিশেষ ?। বিশেষ এবং বিশেষণ দুই থাকে এমত কতকগুলি বাক্য রচনা করিয়া প্লেটে সিখ।

ইত্যাদি—ইত্যাদি।

---

### ৫ ম পাঠ।

করা বা ছওয়া ষে সকল শব্দের দ্বারা বোধহৱ তাহা—  
দিগকে ক্রিয়া পদ কহে এবং ষে করে বা হয় সেই  
কর্তৃ, উক্ত পাঠে কোন টী ক্রিয়া পদ এবং কোন টী বা—  
কর্তৃ পদ ?—তাহা হয় বা ঘাহা করে সেইটী কর্ম পদ  
উক্ত পাঠে কোন টী কর্ম পদ ?—ক্রিয়ার গুণ বা দোষ

যে শব্দের ছাইয়া বোধ হয় তাহাকে ‘ক্রিয়া-বিশেষণ রচনে  
উক্ত পাঠে কোন্টী ক্রিয়া বিশেষণ ?। “লোকী রাম  
শীঘ্ৰ ২ পাঠকা আগুটী থাইল”। এই বাঁকুর মধ্যে কে-  
ন্টী বিশেষণ, কোন্টী বিশেষ্য, কোন্টী ক্রিয়া বিশে-  
ষণ, কেবা কর্ম পদ এবং কে ক্রিয়া ?।

কর্তা কর্ম ক্রিয়া-বিশিষ্ট কতকগুলি বাক্য রচনা ক-  
রিয়া স্বত্ব প্লেটে লিখ । ইতাদি ।— ইতাদি ।

—○—

## ৬ ষষ্ঠ পাঠ ।

“গোপাল ! তুমি ঘোষালদের শ্যামকে দেখিয়াছ ?”  
. (শিশু-শিক্ষা ।)

একপ পাঠ নিবার সময় সহ্যোধন এবং সম্ভক্ত ও কর্ম  
পদের চিহ্ন সমুদায় আৰি সৰ্ব নামের অক্ষতি বুনাইয়া  
দিতে হইবে এবং তাহার পৱ ঈক্ষণ পদ বিশিষ্ট বাক্য  
রচনা করাইতে হইবে ।

এই ঈক্ষণ প্রথম ২ পদ সমস্তের নাম এবং প্রকৃতি  
শিক্ষা হইয়া গোলে তৎপরে বাক্য সমস্তের অন্তর করা-  
ইয়া পাঠ দেওয়া আবশ্যিক । তাহার একটা উদাহরণ  
অদর্শিত হইতেছে ।

—  
৭ ম পাঠ ।

“উঠ শিশু মুখ ধোও পরি নিজ বেশ ।

আপন পাঠতে মন করহ নিবেশ ॥”

(শিশু শিক্ষা ।)

ଶ । ‘ଉଠ’ ଏହିଟି କିଳପ ପଦ ? । ଉହାର ‘କର୍ତ୍ତା’ କେ ? । ଉହାର କର୍ମ ମାଛି ଅତରେ ଏହି ରୂପ ପଦକେ କିଳପ କ୍ରିଯା ପଦ ବଲେ ? । ମୁଖ କିଳପ ପଦ ? ଉହା କୋନ୍‌କ୍ରିଯାର କର୍ମ ପଦ ହିଁରା ଆହେ ? । ‘ଗର’ ଏହି କ୍ରିଯାର କର୍ତ୍ତା ପଦ କେ ? ‘ନିଜ’ କିଳପ ପଦ ? । ‘ବେଶ’ କୋନ୍‌କ୍ରିଯାର କର୍ମ ? । ‘ଆପନ’ କାହାର ବିଶେଷଣ ? । ‘ପାଠେତେ’ କୋନ୍‌କାରକ ? । ‘କରହ’ ଏହି କ୍ରିଯାର କର୍ମ ପଦ କେ ? — ଅର୍ଥାତ୍ କି କରହ ? ଏହି ଅଶ୍ଵେର ଉତ୍ତରେ କୋନ୍‌ଶବ୍ଦଟି ବଲିବେ ? । କାହାର ନିବେଶ କରିବେ ? । ତବେ ‘ମନ’ କିଳପ ପଦ ? । ଏହି ଏକାରେ ଅଭ୍ୟ କରିଯା ଅବଦି ଏହି କବିତାଟି ଲିଖି ଯାଏ, ତବେ କିଳପ ହିଁବେ ତାହା ଲିଖିଯା ଦେଖାଓ ।

ଶୋଭାଙ୍କ ଏହି ପ୍ରଶ୍ନର ଉତ୍ତରେ ବାଲକେରା ନିମ୍ନ-ଲିଖିତ ରୂପେ ଝାଁଢି ପଂଜି ଲିଖିବେ । ସଥା,

“ହେ ଶିଶୁ ! ତୁମ ଉଟ, ମୁଖ ଧୋଓ, ନିଜ ବେଶ ପର ଏବଂ ଆପନ ପାଠେତେ ମନେର ନିବେଶ କରହ” ।

— — —

ଏହି ରୂପ ଅନୁଯାୟୀ ହିରାଇଯା ‘କଥାମାଳା’ ‘ବୋଧୋଦୟ’ ଏବଂ ‘ଚରିତାବଳୀ’ ପ୍ରଭୃତି ସରଳ ପୁଣ୍ୟକଣ୍ଠର ପାଠ କରାଇଲେ ବ୍ୟା-କରଣେର ଅନେକ ବିଷୟେ ସୁପରିଶ୍ଫୁଟ ଜ୍ଞାନ ଅନ୍ତିତେ ପାରେ କମଳତଃ ଝାଁଢି କବିତାର ନ୍ୟାୟ ସରଳ ଏବଂ ଭାବ ପରିଶ୍ରଦ୍ଧ ହୁଏ ଏକ ଖାଲି କବିତାର ପୁଞ୍ଜକ୍ଷେତ୍ର ପାଠ କରାଇତେ ପାରା ଥାଏ, ଆହା

ହଇଲେ ବିଶେଷ ଫଳ ଦର୍ଶେ । ବାଲକହୁନ୍ତ ପ୍ରଭାବତିଇ କାବୀ—  
ଚୂରାଗୀ ହର । ତାହାରା ଛନ୍ଦୋବନ୍ଧ-ବିଶିଷ୍ଟ ପାଠ ଗୁଲିକେ  
ମେଞ୍ଚାପୂର୍ବକ କଟ୍ଟାଇ କରେ ଏବଂ ଉଚ୍ଚେଷ୍ଟରେ ତାହାର  
ଆହୁତି କରିତେ ଭାଲ ବାସେ । ବାଲକ କାଳାବଧି କିଷ୍ଟିଃ୨  
କବିତା ପାଠେର ଆରାୟେ ଶୌଘ୍ନୀ ଭାଷା ବୋଧ ଏବଂ ବାକରଣ  
ବୋଧ ଉତ୍ତମ ହୟ ତାହା ନିଃସମ୍ବେଦ ଏବଂ କବିତା ପାଠ ନିବୁ-  
ନ୍ଦନ ଯେ ମାନସିକ ଅନେକାନ୍ତେ ହୁଣିର ସମ୍ଯକ ଉପକାର ଦର୍ଶେ  
ଇହା ବିବେଚକ ବାଜି ମାତ୍ରେଇ ସ୍ଵିକାର କରିଯା ଥାକେନ ।  
ଅତ୍ୟନ୍ତ ତାଦୃଶ ଦୁଇ ଖାଲି କବିତାର ପୁଣ୍ଡକ ବଞ୍ଚିଭାବର ନି-  
ତାନ୍ତ ପ୍ରାଣୋଜନୀୟ ହଇଯାଇଁ ବୋଧ ହୟ । ଏକଳକାର ପାଠ୍ୟ  
ପୁଣ୍ଡକ ସକଳେ କେବଳ ବିଷୟ-ଜ୍ଞାନ, ଅଥବା ମୌତି-ଜ୍ଞାନ  
ମାତ୍ର ହୁଣି କରିତେ ପାରେ, ସାହାତେ ଘମେର ମାଧୁତା ସର-  
ଳତା ଏବଂ ତ୍ରୈଦୀର୍ଘ ସମ୍ବନ୍ଧିତ ହୟ ବାଲକହୁନ୍ଦେର ପାଠୋପ-  
ବୋଗୀ ଏମତ କୋଣ ପୁଣ୍ଡକିଇ ବାଙ୍ଗାଲାର ଦେଖିତେ ପାଞ୍ଚମୀ  
ଦୟାମା ।

ମେ ଯାହାହିୟକ, ମଞ୍ଚ-ଭାଷାର ପ୍ରଚଲିତ ସେ-  
କତିପଥ ପୁଣ୍ଡକେର ମାମୋଲ୍ଲେଖ କରା ଗିଯାଇଁ ତତ୍ତ୍ଵାବ୍ଳାନ୍ତିରୀ  
ବ୍ୟାକରଣେର ଏଇ ପର୍ଯ୍ୟାନ୍ତ ଶିଳ୍ପା କରାଇଯା ପରେ ଛାତ୍ରବର୍ଗ  
ସେମନ ଅଧିକ ଦୁନ୍ତହ ପୁଣ୍ଡକ ପାଠ କରିତେ ଆରାନ୍ତ କରିବେ  
ମେହି ସମୟ ଅବଧି ତାହାଦିଗତେ ମଂକୁତ ବ୍ୟାକରଣାନ୍ତରୀ  
ଆମାନ୍ୟାର ପୂର୍ବ ସମ୍ବନ୍ଧ ଶିଳ୍ପା ଏନ୍ଦାନ କରା ଆବଶ୍ୟକ । ଉପ-  
ସର୍ଗ ଏବଂ ପ୍ରଚଲିତ ଅଧ୍ୟାୟଦିଗେର ନାମ ତେ ପରେ ଏହି ଏହି  
ସମ୍ବନ୍ଧ ବିଷୟାନ୍ତେ ହୁନ୍ତି ନିମ୍ନମ ଶିଳ୍ପା କରାଇଯା ପରେ ଶେଷମେ

ସନ୍ଧିର ପ୍ରତି ସମ୍ମତ ଶିକ୍ଷା କରାଇତେ ହିଲେ । ‘ସଂସ୍କୃତ ବା—କରଣେ ଉପକ୍ରମନିକା’ ନାମକ ଅନ୍ତର୍ଭାବରେ ଶିକ୍ଷକଙ୍କାଏହି ବିଷୟେ ସମ୍ମତ ସାହାଯ୍ୟ ଆଶ୍ଚର୍ମା ହିଲେ ପାରିବେ । ତାହାତେ ସେଇପାଇଁ ପ୍ରତି ସକଳ ବିଜ୍ଞାତ କରିଯା ଲିଖିତ ହିଲାଛେ ମେହି ଅଗାମୀ କ୍ରମମେହି ପାଠ ଦେଉଯା କର୍ତ୍ତବ୍ୟ । ମୂଳ ସଂସ୍କୃତ ବ୍ୟାକରଣେ ଥେ ଏକାର ବ୍ୟାପକ ନିଯମ ସମ୍ମତ ନିର୍ଦ୍ଦିଷ୍ଟ ଆଛେ, ଅର୍ଥମେ ମେହି ଅଗାମୀ ଅବଲମ୍ବ କରା ବିଧେର ବୋଧ ହେଲା ନା । ଆର ଶ୍ରୀରାମଙ୍କର ଉଦ୍‌ଧରଣ ବାଜାଳୀ ହିଲେ ବିଶେଷତଃ ପାଠିତ ପୁନ୍ତ୍ରକ ସମ୍ମତ ହିଲେ ଦେଉଯା ଆବଶ୍ୟକ ।

ଝି ଉପକ୍ରମନିକା ହିଲେ ସଂଗ୍ରହ କରିଯା ଏବଂ ଉଲ୍ଲିଖିତ ଅଗାମୀ ଅବଲମ୍ବନ ପୂର୍ବକ ହଲ ସନ୍ଧିର ଶିକ୍ଷା ଦେଉଯାଓ ଥାଇତେ ପାରିବେ । ‘ଶର୍ଦୁଳପ ଶିକ୍ଷା କରାଇବାର ନିମିତ୍ତ ବାଜାଳାୟ ଅଧିକ ପ୍ରୟାମ ପାଇତେ ହିଲେ ନା । ବିଶେଷତଃ ଯଦି ପୂର୍ବେ ବାକୋର ଅନ୍ତର୍ଭାବରେ ଶିକ୍ଷା ହିଲ୍ଲା ଥାକେ, ତବେ ‘ଶର୍ଦୁଳପ’ ଶିକ୍ଷା ସମ୍ପୂର୍ଣ୍ଣ ହିଲେ ଗିଯାଛେ । ଏହିଟେ କେବଳ ମାତ୍ର ସହୋଦନେ ସେ କୋନ୍ତେ ଶର୍ଦୁଳର କ୍ରମାନ୍ତର ହର ତାହାର କର୍ତ୍ତବ୍ୟ ଉଦ୍‌ଧରଣ ପ୍ରଦର୍ଶନ କରିଲେ ହିଲେ ପର୍ଯ୍ୟାପ୍ତ ହିଲେ । ଶର୍ଦୁଳର ଉତ୍ତର ସେ ସକଳ ଜ୍ଞାନବିହିତ ଅତ୍ୟାନ୍ତ ତାହାର ପିଲାମ ‘ଉପକ୍ରମନିକା’ ହିଲେ ଆଶ୍ଚର୍ମା ଦେଉଯା । ‘କାରକ’ ଶିକ୍ଷା ବିଷୟେ ଏହି ମାତ୍ର ବ୍ୟାକ୍ରମବ୍ୟସେ, ବାଜାଳାୟ କ୍ରତ୍କଣ୍ଠିକାରକ ନାହିଁ ମେହି ସକଳ କାରକର ଅର୍ଥ ଅବଳମ୍ବନ କରିବାକୁ ପାଇବାର ଅବଶ୍ୟକ ।

রাদির ঘোগে “অতিপঞ্চ” হইয়াছাকেন? অতএব মেই  
সকল কারকের নাম শিক্ষা কিবার বিশেষ আবশ্যিকতা  
বোধ হয় না কিন্তু বনি সংস্কৃত বাকচনের অনুসারী  
বট্ট কারকের নাম এবং তাহাদিগের বিশেষ অর্থ শি-  
খাইয়া দেওয়া হয় তাহাতেও কোন হালি বোধ হয় না।  
প্রত্যুত কিঞ্চিং উপকার দর্শিলেও দর্শিতে পারে।  
পরম্পর সকল কারক গুলির নাম শিখাইয়া দেওয়া হউক  
বা না হউক বাকোর অন্ধ করাইতে করাইতেই  
কারকার্থ গুলি সুস্পষ্ট হইয়া আইসে, সুতরাং এই  
প্রকরণে কোন নিয়ম শিক্ষা করিতে হয় না।

বাঙ্গালায় সমাসের ব্যবহার বথেষ্ট হইয়া থাকে,  
অতএব প্রধানৰ কতিপয় সমাসের নাম এবং সংজ্ঞণ ও  
তাহার প্রত্যোক অকারের অনেকানেক উদাহরণ  
বালক দিগের অবগত করিয়া দেওয়া আবশ্যিক। বাল-  
কেরা আপনা হইতেই সমাসের অনেক উদাহরণ সং-  
গ্রহ করিতে পারে। তক্ষিতে ব্যবহারও বাঙ্গালায় অ-  
মেক হইতেছে। অতএব তক্ষিত অকবণের কতক গুলি  
“নিয়ম দেখাইয়া দেওয়া আবশ্যিক বোধ হয়। কৃৎক্রিতায়  
বিষয়েও ক্ষেত্র ব্যক্তিবৰ্তা।” কিন্তু ক্ষেত্রিত প্রত্যায় সমস্ত  
শিক্ষা করিবীর সময় আরম্ভ না হইতে হইতেই ‘ধাতুর’  
নাম এবং তাহাদের উন্নত উচ্চারণ, প্রেরণার্থে, অতি-  
শীঁর্ষে বেসকল প্রত্যয় হইয়া কল্পাস্তুর হয় তাহা শিক্ষা-

কৰিবাৰ অযোগ্যন হইবে। কৰিব সময়ৰ এবং  
বাচ্য বাচকের বিষয় শিক্ষা দেওয়া আবশ্যক।

কিন্তু অন্তত সংস্কৃত ধাতু সকলের নাম শিক্ষা দেও-  
য়াই বিধেৱ। ‘হোচট্ থাই’ বা ‘ধৱা পড়ি’ অথবা  
‘হড়কান’ অভৃতি ধাতুৰ রূপ শিক্ষায় কোন বিশেষ  
কল হয় ইহা অভিধেত নহে! উল্লিখিত কতিপয়  
বিষয়ৰ শিক্ষা দ্বিবার অণালী অদৰ্শনির্বার্থ নিম্নে এক  
একটী উদাহৰণ স্বৰূপ কতিপয় প্রশ্নমাসী সংবিশিত  
হইতেছে।

—

### স্বরসঙ্ক্ষি।

“অপৰাপৰ জন্ম ষেকুপ স্বেচ্ছামুসারে ‘গমনাগমন’  
কৰিতে পাৰে”—(চাকপাঠ, ১ম ভাগ)।

শি। এই বাটকোৱ মধ্যে ‘অপৰাপৰ’ গমনাগমন,  
“স্বেচ্ছামুসারে” এই তিনটী পদ কিন্তু?। ইহাৱা  
গ্রন্তকে কোনুৰ পদেৰ ষেগে উৎপন্ন হইয়াছে?।  
ঐ সকল পদেৰ পৰম্পৰ মিলনেৰ নামকি?। এই  
সকল ছলে কোনু নিরমানুসারে সংক্ষি হইয়াছে?।  
এই প্ৰকাৰ সুন্দৰিৰ আৱণ কতিপয় উদাহৰণ পুস্তকেৰ  
অধম পাঠ হইতে বাহিব কৰিব। লিখ।

এই শেষোক্ত প্ৰশ্নুৰ উত্তৰ বালকেৱা স্বৰ শ্ৰেষ্ঠ  
চিখিয়া দেখাইবে। এই কল্পে স্বর-সংক্ষিৰ অকৰণ  
উক্তম কল্পে শিক্ষা কৰাইতে পাৱা যাব।

হল-সঙ্কির উদাহরণ বাজ্জালায় অপেক্ষাকৃত অন্ধা ।  
অতএব তাহা শিক্ষা করাইবার নিমিত্ত নিম্ন-লিখিত  
গোলমী অবলম্বিত হইতে পারে ।

— ০০ —

হল-সঙ্কি ।

শিক্ষক কাঠ ফলকে নিম্ন-লিখিতরূপে কএকটী সঙ্কির  
উদাহরণ লিখিয়া জিজ্ঞাসা করিবেন, এই কএকটী উদা-  
হরণ দেখিয়া সঙ্কির কিঙ্গপ নিয়ম নিশ্চয় করা যায় ?

জগৎ + অষ্ট=জগদষ্ট,

জগৎ + আদি=জগদাদি,

জগৎ + ইত্ত্ব=জগদিত্ত্ব,

জগৎ + ঈশ=জগদীশ,

আজিকার পাঠ হইতে এই কপ সঙ্কির সকল উদা-  
হরণ শুলি সং প্রাপ্ত কৰ ।—ইতাদি ।—ইতাদি ।

শ্রীবিহিত প্রত্যয় সমস্ত শিক্ষা করাইবার নিমিত্তও  
এই গোলমী অবলম্বন করা আবশ্যাক, স্থা,

পুঁলিঙ্গ	ছির	শ্রীলিঙ্গ	ছিবা
‘,	ফুশা	“	ফুশা
“	শূড়া	“	শূড়া
“	বদ	“	বদী
“	হংস	“	হংসী

গ্ৰন্থ । এই সকল উদাহরণ দেখিয়া অকারাক্ষুণ্ণ শব্দ

ସମ୍ବନ୍ଧର ଶ୍ରୀଲିଙ୍ଗେ କି କି କୁଳ ହଇଯା ଥାଏକେ , ସେଥି  
ହର ।

ଏହିକୁଳ ହଇବାର ଅନ୍ୟାନ୍ୟ ଉଦ୍‌ଦେଶ୍ୟ ସଂପ୍ରାପ୍ତ କର ।

—୦୦—

ସମ୍ବନ୍ଧ ।

“ ଯରୁଧ୍ୟେରୀ ପଣ୍ଡିତଙ୍କୁ କିମ୍ବା ଶିତର ପ୍ରାଣୀର ମାର ଅ-  
ବତ୍ର ମନ୍ତ୍ରିତ ଅନ୍ତର୍ଚାଦନ ଓ ସ୍ଵଭାବଜୀବ ବାସ କ୍ଷାନ ପ୍ରାପ୍ତ  
ହନ ନାହିଁ ”—(ଚାରପାଠ, ଦ୍ୱିତୀୟ ଭାଗ । )

—୦୦—

ଶି । ଏହି ବାକୋର ମଧ୍ୟେ ଅନେକ ଗୁଲି ସମ୍ବନ୍ଧିତ ପଦ  
ଆହେ, ଏକଟି କରିବା ମେହି ଗୁଲି ସମ୍ବନ୍ଧୀୟ ଦେଖାଇଯା  
ଦାଓ ? । ‘ଅବତ୍ର ମନ୍ତ୍ରିତ’ ଏହି ପଦଟି କାହାରଙ୍କ ସମ୍ବଲନେ  
ଅଭିଯାହେ ? । ‘ଅ’ ଏର ଅର୍ଥ କି ? । ଉହା କେମନ ସୌକଳ  
ଛଲେ ‘ଅନ୍’ ହୟ ? । ‘ଅମନ୍ତ୍ର’ ଏବଂ ‘ମନ୍ତ୍ରିତ’ ଏହି ଦୁଇ  
ପଦେର ମଧ୍ୟେ କୋନ୍ତିବିନ୍ଦୁ ଛିଲ ? । ଇହାକେ କି ସମ୍ବନ୍ଧ  
ବଲେ ? । ‘ସ୍ଵଭାବ’ ଏବଂ ‘ଜୀବ’ ଏହି ଦୁଇରେବ ମଧ୍ୟେ କୋନ୍ତି  
ଶବ୍ଦ ବିବେଶିତ କରିଲେ ଏହି ପଦେର ଅର୍ଥ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ହୟ ? ।  
‘ବାସ ଏବଂ କ୍ଷାନ’ ସମ୍ବନ୍ଧ ହଣ୍ଡାତେ ପ୍ରଥମ ପଦେର କି ଜୁଣ୍ଡ  
ହଇଯାହେ ? । ଏ କ୍ଷାନେ ସେଇସେ ସମାବେଶ ମୂଳ୍ୟରେ  
ତାହାର ପ୍ରତେକ ଶ୍ରକାରେର ଦୁଇଟିର କରିବା ଉଦ୍‌ଦେଶ୍ୟ  
ଦାଓ ।

ଇତିବିଦ୍ଵାନ୍ । — ଇତ୍ୟାଦି ।

• এই পর্যন্ত শি ক্ষা হইলে সাধারণতে, অর্থাৎ খণ্ড, তদ্বিতীয় প্রত্যক্ষ সকল অকার' অত্যয় এবং বাচ্যবাচক সমস্ত বলিয়া দিয়া ব্যাকরণ পাঠ করাইতে আরম্ভ করা আবশ্যিক। তাহারই মধ্যেই পুত্র সমস্ত নিরূপিত ক-রিয়া লিখাইয়া দেওয়া কর্তব্য। তচুপর্যোগী দুইটি পাঠ ও অশুমালা নিম্নে অদর্শিত ছাইতেছে।

— — —

“চূর্ণ নিম্নে তেজোময়, চম্র ও পৃথিবী নিজে তেজোময় নহে, ইহা চাকপাঠের দ্বিতীয় ভাগে লিখিত হইয়াছে।”—(চাকপাঠ, দ্বিতীয় ভাগ।)

‘দ্বিতীয়—কতকগুলি পুরণ বাচকের উত্তর ‘তীয়’ কাহার উত্তব ‘মট্’ এবং কাহার উত্তর ‘খট্’ হয়। মটের ‘ম’ ও খটের ‘খ’ থাকে। ইহার উদাহরণ দেও? ‘ভাগ’ কিরূপে সিদ্ধ হইয়াছে বল? যে কএকটী মৃতন মিয়ম শুনিলে তাহা লিখিয়া দেখাও।

শি। ‘চূর্ণ’ শব্দটী ‘ন’ ধাতু হইতে সিদ্ধ—‘ন’ ধাতুর অর্থ কি?। ‘তেজোময়’—অর্থে তেজঃ স্বরূপ; ‘স্বরূপ’ কিম্বের অর্থ?। উহাকে ‘মষ্ট’ অভায় বলে—যে অত্য-  
রেব ‘ট’ বায় তাহার স্তুলিঙ্গে কিরূপ রূপ হয়?।  
‘তেজোময়’ এই শব্দে ‘জ’-এর ‘ও’ কার কি প্রকারে  
আসিল?। ‘চম্র’ ‘চদি’ ধাতু হইতে সিদ্ধ ‘চদি’  
অর্থে আচ্ছাদ, ‘চদি’-র ‘ই’ যায় ‘চদ্’ থাকে যে সকল  
ধাতুর ‘ই’ ধায় তাহাদিগের পূর্বে ‘ন’ হয়। ‘পৃথিবী’—

‘পৃষ্ঠা’ শব্দ হইতে সিদ্ধ ‘পৃষ্ঠা’ অর্থে শুক। ‘পাঠ’  
কি রূপে সাধ্য ?। ‘ঘণ্টা’ প্রত্যয়ের ‘ঘ’ ষায় অতএব  
যে ধাতুৰ উত্তর হয় তাহার শেষে ‘চ’ থাকিলে উহা  
‘ক’ এবং ‘জ্ঞ’ থাকিলে উহা ‘গ’ হয় এবং ‘ঝ’ বাৰ ব-  
লিয়া উপান্তিম ‘অ’ ‘আ’ হয় এবং অন্তিম ইকাৰাদিৰ  
মুদ্দি হয়। ইত্যাদি।—ইত্যাদি।

“তাহার পিতা মাতা অতি দীন আম-পুরোহিত  
ছিলেন। লিনিয়স অত্যন্ত দরিদ্র ও অগণ্য হইয়াও  
অনেক সামাজিক বৃদ্ধিশক্তি যথোৎসাহ শীলতা ও  
অবিচলিত অধ্যবসায় প্রভাবে বিজ্ঞান-শাস্ত্র ও অন্যান্য-  
বিদ্যা বিষয়ে মনুষ্য সমাজে অগণ্য হইয়াছেন।”  
(জীৱন চরিত।)

শি। ‘পিতা’ ‘মাতা’ এই দুইটী পদ কোনুৰ শব্দ  
হইতে হইয়াছে ?। ‘পিতা ঠাকুৰ’—‘মাতা ঠাকুৰাণী’—  
এইরূপ বলা হাইতে পারে কি না ?। ‘দীন’ কি প্রতা-  
য়ের বোঁগে সিদ্ধ হইয়াছে ?। ‘দী’ ধাতুৰ অর্থ ক্ষম  
অতএব ‘দীন’ পদের অর্থ কি হইবে ?। ‘আম-পুরো-  
হিত’ এই পদে কিম্বগ সমাস আছে ?। ‘পুষ্যোহিত’  
পদটী কি রূপে সিদ্ধ হইয়াছে ?। ‘পুরস্ক’ শব্দের অর্থ  
কি ?। ‘ধা’ ধাতুৰ অর্থ কি ?। ‘ধা’ ধাতুৰ উত্তর ‘ক্ত’  
প্রত্যয় হইয়া অনেক গুলি শব্দ বাঙালীৰ চলিতেছে,  
তাহার কতকগুলিৰ নাম বল। ‘দরিদ্র’ শব্দটী ‘দরিদ্রা’  
ধাতু হইতে উৎপন্ন। ‘দরিদ্রা’ ধাতু ‘ছৰ্গতি’ বুৰায়

অতএব ‘দীন’ এবং ‘দরিদ্র’ এই দুই শব্দের অর্থের  
ভেন কিন্তু ?। ‘দরিদ্রদশা’ এই পদটী শব্দ কি মা ?।  
‘অগণ’ এই পদটী কোন্ ধাতু হইতে কি প্রকারে সিদ্ধ  
হইয়াছে ?। আলোক সামান্য এই পদে কি সমাস  
আছে ?। কোন্ শব্দের উত্তর কোন্ তদ্বিত প্রত্যয়  
করিয়া ‘সামান্য’ এই পদটী সিদ্ধ হইয়াছে ?। ‘অ-  
লোক সামান্য’ এই পদটীর বৃৎপত্তাধীন অবিকল অর্থ  
কিন্তু হইবে ?। ‘বুদ্ধি’ এই শব্দটী কোন্ লিঙ্গে  
ব্যবহৃত হয় ?। উহা কি প্রত্যার করিয়া সিদ্ধ হইয়াছে ?।  
এই বাকোর মধ্যে আর কোন্ শব্দ এই প্রত্যায়ের যোগে  
সিদ্ধ ?। ‘মহোৎসাহশীলতা’ এই পদে কিন্তু সমাস  
আছে ?। ‘মহৎ’ শব্দ যে সমাসে ‘মহ’ হইয়া যাই  
তাহার আর দুই একটী উদাহরণ দেও ?। ‘তা’ প্রত্যয়  
কি অর্থে হয় ?। ‘অধ্যবসায়’ এই পদটী—‘সো’ ধাতুর  
উত্তর ‘ঘঞ্জ’ প্রত্যয় করিয়া সিদ্ধ—‘অধ্যবসায়’ শব্দের  
অর্থ কি ? তাহার সংকর্ম মন যাই কিন্তু অধ্যবসায়  
থাকে না, এই বাক্যের অর্থ কি ? ‘প্রভাব’ ছু ধাতুর  
উত্তর ‘ঘঞ্জ’ প্রত্যয় করিয়া সিদ্ধ ‘অল’ করিলে কিন্তু  
পদ হইত ? ‘বিজ্ঞান’ কি প্রত্যার করিয়া সিদ্ধ হই-  
যাচ্ছে ?। ‘শাস্ত্র’—‘শাস’ ধাতুর উত্তর ‘ত্র’ প্রত্যয়  
করিয়া সিদ্ধ—শাসন করা যায় বাহি ভারা তাহাকে  
‘শাস্ত্র’ বলে—‘ত্র’ প্রত্যয় কোন্ কারক বাচো হই-  
যাচ্ছে ? ‘নেত্র’ ‘পুত্র’ ‘বন্দু’—এই সকল শব্দগুলি এই

‘ত্ৰ’ প্ৰতাৱ দ্বাৰা সিদ্ধ হয়। ‘বিদ্যা’ ‘বিদ’ ধাৰু হইতে কিৱিপে হইবে?। ‘মনুষ্যা’ মানুষ ‘মানৰ’ তিনটী শব্দেই মনুৱ অপত্য বুৰাব। ‘সমাজ’ মনুষ্যোৱ এবং ‘সমজ’ পশুদিগেৱ সভাকে বলে—ঞ্চ দুইটী পদ কোনু প্ৰতাৱ দ্বাৰা সিদ্ধ হইয়াছে?। ‘অগ্ৰগণ্য’ এই পদে কিৱিপ সমাস হইয়া আছে?।

—○—

এইকপে বাঙালীৱ ব্যাকরণ শিক্ষা কৱাইলে মূল সংস্কৃত ব্যাকরণ পাঠে উত্তম অধিকাৱ হয় এবং যাহাৱা স্বয়ং বজ্জ ভাষার শিক্ষক হইবেন তাহাদিগেৱ পক্ষে মূল ব্যাকরণ পাঠ কৱা সম্যক প্ৰকাৰেই বিধেয় ভাষার সন্দেহ নাই।

— — —

## অষ্টম অধ্যায় ।

—o—

[ক্ষেত্রত্ব—কাণ্ঠিকাপাঠ—অধামু প্রতিজ্ঞা কভি-  
পথের কার্য্যাপমোগিতা প্রদর্শন—দূরত্ব এবং উচ্চতা  
পরিমাণের স্থূল—বর্গপরিমিতি—ঘন পরিমিতি । ]

— —

অতি বালক কালাবধি কিঞ্চিত্তেই ক্ষেত্র বাবহার শিক্ষা  
করাইতে পারা যায়, এবং বাল্যাবধি মেই ক্লপ শিক্ষা  
প্রদান কয়িবার চেষ্টা করিলে এই অতি অযোজনীয় র  
বিদ্যা নিতান্ত লৌরস অথবা ব্যর্থ বলিয়া ছাত্রবর্গের বোধ  
হয় না; প্রত্যুত ইহার শিক্ষাধীন বুদ্ধি বৃত্তি সমস্তের  
ব্যাবৎ শুভ ফল ফলিবার সম্ভাবনা করা ষাট সকলেই  
নির্বিস্মে কলিতে পারে। প্রথমে কতকগুলি ক্ষুদ্রীক কা-  
ণ্ঠিকা লইয়া দুইটীর কাণ্ঠিকা এবং টী বালকের হস্তে স-  
মর্পণ করত তাহাদিগকে স্বতন্ত্র করিয়া বসাইয়া দিতে  
হয়। তাহারা যে যত প্রকারে পাবে ঐ কাণ্ঠিকাগুলিকে  
ঘরের মেজায় অবস্থিত করিবে, এবং যেখানে কাণ্ঠিকা-  
গুলি অবস্থৃত হইবে শেষে তাহার অবিকল অনুকূলি  
অঙ্গিত করিবে। এইক্লপ করা অভাস্ত হইয়া আসিলে  
বালকবর্গকে তিনটীর করিয়া কাণ্ঠিকা প্রদান করিতে  
হয়। ঐ কাণ্ঠিকাদিগকে লইয়াও বালকেরা শূরুবু

বিবিধ প্ৰকাৰে অবস্থিত কৱিবে এবং স্বৰ খেটে তা-  
হার অবিকল অনুকৃতি লিখিবে। এই রূপে চারিটী,  
পাঁচটী কাঠিকার বিবিধৰূপ অবস্থাম এবং তদনুকৃতি  
অঙ্গিত কৱা অভ্যন্ত কৱাইতে হইবে।

ইহার পৰ সৱলৱেখা, লম্বৱেখা, সমান্তরালৱেখা প্ৰ-  
ভৃতি রেখা সমস্ত কাঠ-ফলকে অঙ্গিত কৱিয়া তাহা-  
দিগের নাম শিক্ষা কৱাইতে পারা ষাইবে। কিন্তু শিক্ষক  
ষেন ঐ সকল সংজ্ঞা মাত্ৰ শিখাইয়াই নিৱৃত্ত না হয়েন।  
ষাহাতে বালকেৱা স্বয়ং ঐ সকল রেখাৰ নাম এবণ  
মাত্ৰ অঙ্গিত কৱিতে পারে এবং তাহার প্ৰত্যোকেৱ  
নানা উদাহৰণ প্ৰদৰ্শিত কৱিতে পারে এমত কৱিয়া  
শিক্ষা দেওয়া আবশ্যিক। যথা, পুস্তক, প্লেট, বোড  
এবং ঘৱেৱ মেজ্যার ধাৰ সকলই সৱল রেখা; আচীৱ  
এবং দৱজা, ঘৱেৱ মেজ্যার উপৰ লম্বভাৱে অবস্থিত;  
ছাদেৱ কড়িকাঠগুলি এবং বৱগা সমস্ত পৱন্পৰ সমান্ত-  
রাল হইয়া থাকে ইত্যাদি নানা উদাহৰণ প্ৰদৰ্শিত  
কৱা বিধেয়।

ইহার পৰ ত্ৰিভুজ, চতুৰ্ভুজ, পঞ্চভুজ প্ৰভৃতি ক্ষেত্ৰ  
সকলেৱ নাম এবং উদাহৰণ ও তাহাদিগকে অঙ্গিত  
কৱিবাৰ প্ৰণালী শিক্ষা প্ৰদান কৰণ আবশ্যিক। তৎ-  
পৱে হৃত অঙ্গিত কৱিবাৰ প্ৰণালী এবং হৃত পৱিধি  
ষে কোণেৱ সহিত নিত্য বন্ধনশীল প্ৰযুক্ত তাহার প-  
দি সৌপক ছইয়াছে; এবং স্বয়ং ৩৬০ 'অংশ' বিভক্ত

বলিয়া কোণের ও পরিমাণ ঘে ক্রি সকল ‘জংশ’ দ্বারা হইয়া থাকে, এই সকল বিষয় ক্রমশঃ শিক্ষা দেওয়া আবশ্যিক। পরে প্রোট্রাস্টিং স্কেইল প্রস্তুত করিবার রীতি শিক্ষা করাইয়া প্রত্যোক বালককে একই খালি ক্রি স্কেইল প্রস্তুত করাইতে হয়। অনন্তর যুক্তিভেদের প্রথমাধ্যায়ের ৩২ এবং ৪৭, প্রতিজ্ঞার তাঁৎপর্য পরিষ্কার করিয়া বুঝাইয়া দেওয়াও আবশ্যিক। যদিও যুক্তিভেদের মতানুষায়ী প্রমাণ সমুদায় অথবে বালকবর্গের হৃদয়ঙ্গম না হয় তাহাতে অধিক হালি নাই। প্রতুত পুনঃ ২ গজ্জ ও প্রোট্রাস্টিং স্কেইলের দ্বারা মাপিয়া উচ্চাদিগের প্রমাণ প্রয়োগ বুঝাইয়া দেওয়াই সৎপরামর্শ। বুদ্ধিমান শিক্ষকেরা কিঞ্চিৎ বিবেচনা বরিস্কেই ক্রি প্রতিজ্ঞা দ্বয়ের শত২ প্রয়োগ স্থল দর্শাইয়া ছাত্রবর্গের আনন্দ উন্নাবন করণে সমর্থ হইবেন, এবং সেই সময়ে অন্যান্য অধান অধান প্রতিজ্ঞার তাঁৎপর্য এহণ করাইতেও পারিবেন। এই স্থলে তাদৃশ উদাহরণের কতিপয় স্থল অদর্শিত হইতেছে।

(১) পাঠশালার কোন গৃহের একটী দ্বারের উপরিত এবং বিস্তার পরিমাণ করিয়া বালকদিগকে সেই দ্বারের সম্মুখবর্তী কোণ দ্বয়ের পরস্পর দূরত্ব নিশ্চয় করিতে বল, এবং তাঁচাদিগের উভয় ঠিক হয় কি না তাহা দড়ি ধরিয়া মাপিয়া দেখিতে বল।

ঘরের এক কোণ হইতে তাহার সম্মুখবর্তী কোণ

ପର୍ଯ୍ୟନ୍ତ କତ ଦୂର ? ଲୋଟେର ଏକ କୋଣ ହିତେ ତାହାର ମୟୁଖବର୍ତ୍ତୀ କୋଣ ପର୍ଯ୍ୟନ୍ତ କତଦୂର ? ବହିର ଏକ କୋଣ ହିତେ ତାହାର ମୟୁଖବର୍ତ୍ତୀ କୋଣ ପର୍ଯ୍ୟନ୍ତ କତ ଦୂର ? ଏହି ସକଳ ଅଶ୍ୱେରେ ପୁର୍ବୋଜ୍ଜଳପେ ୪୭ ଅତିଜ୍ଞାର ସାହାଯ୍ୟ ଉତ୍ତର କରାଇତେ ପାରା ଥାର ।

( ୨ ) ଏହି କାଗଜେ ସେ ତ୍ରିଭୁଜ ହିଇଯାଛେ ତାହାର ଏକଟି କୋଣ ୧୦ ଅଂଶ ଅଗରଟୀ ୪୫ ଅଂଶ, ଅବଶିଷ୍ଟ କୋଣଟୀ କତ ଅଂଶ ହିବେ । ଉହାର ତିନଟି ବାହୁରାଇ ବା ପରମ୍ପର ସମସ୍ତ କିଳପ ? ଏହି ଆର ଏକଟି ତ୍ରିଭୁଜେର ତିନଟି ବାହୁ ସମାନ ୨ ଆହେ ଉହାର କୋଣ ଗୁଣିର ପରମ୍ପର ସମସ୍ତ କିଳପ ଏବଂ ତାହାରା ଅତ୍ୟୋକହି ବା କତ ଅଂଶ କରିଯା ହିଇଯାଛେ ? ।

ବାଲକେରା ଇତ୍ୟାଦି ବିବିଧ ଅଶ୍ୱେର ଉତ୍ତର ପ୍ରଦାନ କରିବା ପ୍ରୋଟ୍ରାଟିଂ କ୍ଷେତ୍ର ଏବଂ ଗଜେର ଦ୍ୱାରା ମାପିଯା ମେଇ ସକଳ ଉତ୍ତରେର ଯାଥାର୍ଥ୍ୟ ବୁଝିଯା ଲାଇବେ ।

ରେଖା ଏବଂ କୋଣ ପରିମିତିର ପ୍ରଥମ ୨ ଚତୁର୍ଦ୍ର ସମ୍ମାନ ଏହି ରୂପେ ଛାତ୍ରବର୍ଗେର ହନ୍ଦଯଙ୍ଗମ ହିଲେ ତାହାର ପର ଧରାତଳ ପରିମାଣେର ନିଯମ କତିପର ଶିକ୍ଷା କରାଇତେ ହିବେ । ତତ୍ତ୍ଵନ୍ୟ ଏକଟି ଧାରାତଳିକ ଇଞ୍ଚି ବା ଅନ୍ତୁଳି ଅନୁତ କରିବା ଦୁଲ୍ଲିଙ୍କିତର ବିଭିନ୍ନାଧ୍ୟାୟେର ସଂଜ୍ଞାତେ ଆସନ୍ତ କ୍ଷେତ୍ରେର ନିକଟବର୍ତ୍ତୀ ଭୁଲ୍ଲରୁଯେର ଶୁଣ କଲେ ଯେ ଆସୁତେର କ୍ଷେତ୍ରକଳ ଅବଧାରିତ ହୁଏ ଇହା ସ୍ପଷ୍ଟ କରିଯା ଦେଖାନ ଆବଶ୍ୟକ । ତ୍ୱରିତରେ ଆସନ୍ତ କ୍ଷେତ୍ରକଳେର ଦ୍ୱାରାଇ ଯେ ସମାନରାତଳ ଚନ୍ଦୁଚନ୍ଦୁର୍ଜମାତ୍ରେର କ୍ଷେତ୍ରକଳ ଅବଧାରିତ ହିଇବା ଥାକେ, ଇହା

বুঝাইতে হইবে এবং তাহার পর ত্রিভুজের ক্ষেত্রফল  
যে তাহার সমান উন্নতি এবং, ভূমি বিশিষ্ট সমান্তরাল  
ক্ষেত্রের অর্দ্ধেক মইলেই পাওয়া যাব ইহা স্পষ্ট করিয়া  
দেখাইতে হইবে। এই সকল বিষয় শিক্ষা করাঁ-  
ইবার উপর্যোগী কতিপয় প্রশ্নের আদর্শ নিম্নে প্রদর্শিত  
হইতেছে।

( ১ ) কোন ক্ষেত্র বদি আয়তের আকার থাকে এবং  
তাহার এক দিকে ৫টী এবং ত্রিকটবর্তী অন্য দিকে ৬টী  
হক্ক থাকে তবে ঐ ক্ষেত্রে সর্বশুল্ক কতগুলি হক্ক  
আছে ? ।

( ২ ) এই কাগজটী সামান্য সমান্তরাল চতুর্ভুজের  
আকার হইয়া আছে, ইহাকে একটী মাত্র ছেদ দিয়া  
অবিকল আয়তের আকার কর।

( ৩ ) এই কাগজ থানি ত্রিভুজের আকারে আছে  
ইহাতে আর কত বড় একটী ত্রিভুজ সংযুক্ত করিলে  
উহা সমান্তরাল চতুর্ভুজের আকার বিশিষ্ট হইবে ? —  
তাহা সংযুক্ত করিয়া পুনর্বার ঐ সমান্তরাল ক্ষেত্রকে  
আয়তের আকারে পরিবর্ত্তিত কর।

এই ক্লপ বিবিধ প্রশ্নের দ্বারা পূর্ণোক্ত বিষয় সমস্ত  
ছাত্রবর্গের জ্ঞানসম হইয়া গেলে, পরে নানা আকার  
সমূহ ত্রিখণ্ডক ক্ষেত্রের ফল নিশ্চয় করিতে বলা বিধেয়।  
তাহা হইলেই ক্ষেত্র সমস্তকে ত্রিভুজে বিভক্ত করিবার  
যোগ্যতা রীতি ছাত্রবর্গের বোধগম্য হইবে। \*

এই পৰ্যন্ত হইলেই শুল্কিভের ষষ্ঠ অধ্যায়ের চতুর্থ প্রতিজ্ঞা যে ‘সমপ্রকৃতিক ত্রিভুজদিগের বাহুগুলি সমানু-পাতিক হয়’ ইহা শিক্ষা করাইতে হইবে এবং তাহা শিক্ষা হইলেই ভূমি সমস্ত জরিপ করিয়া তাহার অনু-কৃতি কাগজে ভূলিয়া পরে সেই কাগজ হইতেই যে উহা দিগের ক্ষেত্ৰ-ফল নিৰূপিত কৰা যাব তাহার কাৰণ স্পষ্ট বোধ হইবে।

ফলতঃ গজ-এবং প্রোটু-ফিট-ক্ষেত্ৰ দ্বাৰা জামিতি এবং সৱল-ত্রিকোণ-মিতি এই উভয় শাস্ত্ৰেই প্ৰধান প্ৰধান প্ৰয়োজন সমস্ত মুসিদ্ধ হইতে পাৰে। বিশেষতঃ দেবদাক অথবা অন্য কোন কাঠের একটী ষষ্ঠ প্ৰস্তুত করিয়া তাহার পৰিধি ৩৬০ অংশে বিভক্ত এবং ঐ সকল অংশ চিহ্নে চিহ্নিত কৰত তাহার কেন্দ্ৰে একটী শূলুক ক্ষু দ্বাৰা একটী ললিকা বিজ্ঞ কৰিয়া এবং সেই ক্ষু হইতে একটী ওলন দড়ি ঝুলাইয়া বদি একটী রুক্ত ষষ্ঠ প্ৰস্তুত কৰিয়া লওয়া বাব তবে অন্যান্যসে হৃক্ষ, গৃহ, আচীৰ অভূতিৰ উন্নতি পৰিমাণ কৰাইয়া বালক-বৰ্গেৰ বিশিষ্ট কৌতুহল এবং আমোদ জন্মাইতে পাৰা বাব সন্দেহ নাই।

এই ঘন্টেৰ প্ৰয়োগ যে রূপে কৰিবুক হয় তাহা একটী উদাহৰণ দ্বাৰা স্পষ্ট কৰা যাইতেছে।

কোন তাল হৃক্ষেৰ মূল হইতে ৬০ হাত দূৰে আসিয়া উক্ষ রুক্ত ঘন্টেৰ ললিকা দ্বাৰা ঐ হৃক্ষেৰ শিরোদেশ

দেখিতে গেলে ওলন দড়ি হইতে নলিকাটি ১৫০ অংশ উপর হইয়াছে দেখা গেল; এক্ষণে হস্তটী কত উচ্চ হইবে ইহা নিশ্চয় করিতে গেলে গজ দ্বারা কাগজে ৬০ হন্তের পরিবর্তে ৬ ইঞ্চি পরিমিত একটী রেখা অঙ্কিত করিয়া তাহার এক আন্ত হইতে (১৫০-৯০) ৬০ অংশ পরিমিত কোণ অঙ্কিত কর, পরে অথবা রেখার অপর প্রান্ত হইতে লম্ব উভোলন কর। সেই লম্বে এবং উক্ত ৬০ অংশ কোণ-জনক-রেখায় সম্পূর্ণ হইবে। এক্ষণে ঐ লম্বকে গজ দ্বারা মাপিয়া দেখ উহা ১০ ইঞ্চির অধিক হইবে। সুতরাং যেমন ৬০ হন্তের পরিবর্তে ৬ ইঞ্চি লওয়া গিয়াছে সেই ক্লপ লইলে দর্শকের চক্ষুর উপর হস্তের উচ্চতা ২০৩ হাত অবধারিত হইবে।

যদি ঐ তাল হস্তের মূলদেশ হইতে পরিমাণ করিতে না পারা যায় তবে প্রথমে কোন এক স্থান হইতে হস্ত-ষন্ত্ব দ্বারা উহার শিরোদেশ কত উপর হইয়া আছে তাহার কোণ মাপিয়া লও; পরে সেই স্থান হইতে ঐ হস্তের ঠিক মূলদেশকে লক্ষ্য করিয়া যত দূর পার অগ্রসর হও, সেই স্থলে গিয়া আবার হস্ত-ষন্ত্ব দ্বারা হস্তের শিরোদেশ দর্শন করত কোণ মাপিয়া লও, পরে কতদূর অগ্রবর্তী হইয়াছ তাহা নিশ্চয় করিয়া গজ ধরিয়া সমুদায় চিত্রটী কাগজে অঙ্কিত করিলেই হস্তের উপর্যুক্ত এবং দূরত্ব উভয়ই নিশ্চিত হইবে।

ବସ୍ତୁତଃ କେତେ ତତ୍ତ୍ଵ ଶାସ୍ତ୍ରକେ ଅଧିକାରି ନାମ ମର୍ମମେର ଭୁଲ୍ୟ କଠିନ ନା କରିଯା ଏହି ସକଳ କ୍ଲପେ ଉହାର କାର୍ଯ୍ୟାପାବଧିଗତି ଦେଖାଇଲେ ଏବଂ ଇହାର ନାମ ବିଷୟେ ଅଭିକଚ୍ଛା ଜୟାଇତେ ପାରିଲେ ଉତ୍ତମ ହୟ । ପରେ ବୁନ୍ଦିଲେର କେତେ ତତ୍ତ୍ଵ ପଡ଼ାଇଲେ ଉହା ଦୁରହ ବା ନୌରୁସ ବୋଧ ନା ହଇଯା ବିଲାଖନ ଶହଜ ଏବଂ ଅତୀବ ଔତ୍ତିକର ବୋଧ ହଇତେ ପାରିବେ ।

ଧାରାତଳିକ ପରିମାଣେର ନିୟମ ଶିକ୍ଷା ସମାପନ ହଇଲେଇ ସନ ପରିମାଣେର ନିୟମ ଅବଗତ କରାଇତେ ହୟ । କୁଞ୍ଜନ୍ୟ କତକ ଶୁଳ୍କ ସନ-ଚତୁର୍କୋଣ ଇହିଓ ବା ଅଙ୍ଗୁଲିପରିମାଣ ପ୍ରସ୍ତତ କରିଯା ଲାଗୁ ଆବଶ୍ୟକ । ଉହା ଶୂନ୍ୟ-ଗତି କାଠେର ବା ଟିଲେର ହଇଲେଇ ଉତ୍ତମ ହୟ, ମଚେଇ ମମ ଅଥବା ମୃତ୍ତିକା ଦ୍ୱାରା ଅନ୍ତତ କରିଯା ଲାଇଲେଓ ହଇତେ ପାରେ । ବସ୍ତୁତଃ ମମେର ହଇଲେ କୋନ କୋନ ହଲେ ବିଶେଷ ଉପକାର ଦର୍ଶେ । ସନ ଦୁଇ ଇହିଓତେ ସେ ୮୮୍ ଏକ ୨ ସନ ଇହିଓ ଥାକେ, ସନ ତିନ ଇହିଓତେ ସେ ୨୭୮୍ ଏକ ୨ ସନ ଇହିଓ ଥାକେ, ଏହି ସକଳ ବିଷୟ ଅଥବେ ସ୍ପାଷ୍ଟିକଲ୍ ଦେଖାଇଯା ପରେ ବିଷୟ ସନ ଚତୁର୍କୋଣ ସକଳେର ସନ-ଫଳ ସେ ମୈର୍ସ, ପ୍ରତ୍ୟ, ଏବଂ ବେଧେର କ୍ରମିକ ଶୁଳ୍କରେ ଦ୍ୱାରା ଲକ୍ଷ ହୟ ତାହା ଦେଖାଇତେ ହଇବେ ଏବଂ ନାମ ଉଦ୍‌ବହନ ଦ୍ୱାରା ଏହି କେତେର ଅଯୋଗ ହୁଲ ବୁଝାଇଯା ଦିତେ ହଇବେ । ତାହାର ପର ତ୍ରିକୋଣ ଚତୁର୍କୋଣ ଅଭ୍ୟତି ଦ୍ୱାରୀ ମଧ୍ୟ ନିର୍ମାଣ କରାଇଯା ତାହାମିଗେର ସନ-କଳ ପରିମାଣେର ବ୍ୟୋତି ଶିକ୍ଷା କରାଇତେ ହଇବେ ।

এই পর্যন্ত হইয়া আসিলে হস্ত, হস্তাভাস, কেপণী অভ্যন্তি রেখা সমন্বের পুরির্ধি এবং ক্ষেত্রফল পরি-মাণের পৃষ্ঠা সমন্ব অভ্যন্তি করিয়া দিবাৰ আবশ্যকতা হইবে। তৎপরে স্তুতি, বর্জুল, হস্তচূটী প্রভৃতি ঘন-পদার্থ সমন্বের পৃষ্ঠফল ও ঘন-ফল আমিবাৰ লিয়ম এবং ঐ সকল আকারেৱ পদার্থ প্রস্তুত কৱিবাৰ শুণালী বুৰাইয়া দেওয়া আবশ্যক। ঐ সকল পদার্থেৱ চিৰ সমুদায় এবং এই সকল পৃষ্ঠা গুলি হহুৰ অকৱে লিখিয়া বিদ্যালয়েৱ ভিতৱ স্থানে স্থামে ঝুলাইয়া রাখিলে ভাল হয়।

পুরুষ যদি ও পুরোজু বিষয় সমন্বের সূত্ৰমাত্ৰবালক-বৰ্গকে অভ্যন্তি করিয়া রাখিতে হয়, তথাপি বত দুৰ শাৱা যায় পৱীক্ষা দ্বাৱা। উহাদিগেৱ প্ৰমাণ সমন্ব বালক-হন্দেৱ সন্দাত কৱিবাৰ চেষ্টা কৱা যুক্তি সিদ্ধ।

---

## ନବର୍ତ୍ତାଧ୍ୟାବ୍ଦ ।

[ ବାଚନିକ ଶିକ୍ଷା—ପରୀକ୍ଷାବିଧାନ—ସାମାଜିକ ବିଷୟ  
ସଂଚିତ ଅଶ୍ଵମାଳା—ଆକ୍ରମିକ-ବିଜ୍ଞାନ—ଆକ୍ରମିକ ଇତି-  
ହତ । ]

ବଙ୍ଗ ଭାଷାର ବାଲକଦିଗେର ପାଠୋପରୋଗୀ ଅନ୍ତ ଏ-  
ପର୍ଯ୍ୟନ୍ତ ଅଧିକ ହୁଏ ନାହିଁ । ଅତିଏବ ଶିକ୍ଷକଦିଗେର କର୍ତ୍ତବ୍ୟ  
କଥୋପକଥନ ଦ୍ୱାରା ଛାତ୍ରବର୍ଗକେ ମାନା ବିଷୟେର ଶିକ୍ଷା  
ପ୍ରଦାନ କରିବାର ସ୍ତର କରେନ । ପୁଣ୍ୟକ ଅଧିକ ନାହିଁ ବଲି-  
ଯାଇଁ ବଲି, ବସ୍ତୁତଃ ସମ୍ମିଳିତ ବଙ୍ଗ ଭାଷାର ରାଶିର ପୁଣ୍ୟକ ପ୍ରଦାନ  
ହାତୀରୁ ଉଠେ ତଥାପି ବାଚନିକ ଉପଦେଶ ପ୍ରଦାନେର ପ୍ରୋଜେ-  
ନ୍ଯୀଯତା ସେ କିମ୍ବିନ୍ଦୀତ ହୁଏ ହାତୀରୁ ଏହିବେ ଏହିତ ବୋଧ ହେଯ ନା ।  
ଇଂରାଜୀ ଭାଷାଯ ସକଳ ବିଷୟେଇ ଅସଂଖ୍ୟ ପୁଣ୍ୟକ ଆହେ,  
କିନ୍ତୁ କୁତକର୍ମ୍ୟ ଇଂରାଜୀ ଶିକ୍ଷକଙ୍କରେ ବାଚନିକ ଉପଦେଶ  
ପ୍ରଦାନେର ସମ୍ପୂର୍ଣ୍ଣ ଆବଶ୍ୟକତା ହୌକାର କରିନା ଥାକେନ ।  
ତୋହାଦିଗେର ଅନୁମୋଦିତ ଶିକ୍ଷା ପ୍ରଗାଳୀର ଏକଟି ଭାବନର୍ଥ  
ନିମ୍ନେ ପ୍ରଦର୍ଶିତ ହାତେହେ ।

୧ ଶିକ୍ଷକ । ଆଜି ତୋମାଦିଗେର ନିଷ୍ଠାମତ ପାଠ ସକଳ  
ଲମ୍ବାପରି ହାତୀରୁ । କିନ୍ତୁ ଏହି କ୍ଷଣେଓ ବାଟି ଯାଇବାର ସମ୍ଭାବ୍ୟ

হয় নাই। আর অর্জন্ত। বিলম্বে ছুটি হইবে। মেথ, আজি পাঠাভ্যাস উত্তম করিয়াছিলে বলিয়া এতক্ষণ অবকাশ পাওয়া গেল। যদি অত্যহ এইক্রম কর তবে আজি যেমন গল্প করিতেছি অত্যহ এইক্রম করিতে পারিব। আজি কে কি থাইয়া পাঠশালার আসিয়াছ, বল।

বালক। ভাত, চাউল, মাছের খোল, ছুঁফ, চিনি, গুড়। শি। তোমারা ভাত, সূপ, প্রভৃতি বেসকল জ্বরা ভোজন করিয়াছ, তাহার কোনটি কি প্রকারে অস্তুত হয়, জান ?। বা। ইঁ—আনি, চেসে, জল দিয়া জ্বাল দিলেই ফুটে এবং কেম গড়াইয়া নামাইলেই ভাত হয়। শি। চাউল হইতে ভাত হয় এবং তাহা থাইয়া আমরা প্রাণ ধারণ করি। কিন্তু সেই চাউল কি প্রকারে তয় ?। বা। ধান্য হইতে চাউল হয়। শি। ধান্যকে অথবে সিঙ্ক করে, সিঙ্ক করিয়া রৌজো দেয়, তাহার পর চেঁকিতে ফেলিয়া ঝুটে, ঝুটলেই ধান্যের খোসা আলাদা এবং চাউল আলাদা হয়। শি। ধান্যকে সিঙ্ক করিতে হয় কেম ?। বা। সিঙ্ক না করিলে ধান্যের খোসু ছাড়ে না। শি। তবে কি সিঙ্ক চাউল বই আর অন্য কোন চাউল নাই। বা। ইঁ। আছে—আমাদের বাটিতে ঠাকুরের ঈমবেদেয়ার অন্য আলো চাউল আইসে—সে চাউলকে সিঙ্ক চাউলের সাহিত

ମିଶାଯ ନା—କିନ୍ତୁ ତାହାକେ କି ସିନ୍ଦ୍ର କରିତେ ହୟ ନା ? । ଶି । ଧାନ୍ୟକେ ସିନ୍ଦ୍ର କୃବିଯା ସେ ଚାଉଳ ପ୍ରକ୍ଷତ ହୟ ତାହାକେଇ ସିନ୍ଦ୍ର ଚାଉଳ ଏଲେ—ଅନ୍ୟ ପ୍ରକାର ଚାଉଳେର ନାମ କି ବଲିଲେ ? । ବା । ଆଲୋ ଚାଉଳ । ଶି । ଉହାର ନାମ ଆଲୋ ନାହିଁ । ବା । ଆତୋବ ଚାଉଳ । ଶି । ଆତୋବ ନାହିଁ—ଆତପ ଚାଉଳ । ଆତପ ଶବ୍ଦେର ଅର୍ଥ କି ?—କୋ-ଥାବୁ କି ପଡ ନାହିଁ, ‘ସୂର୍ଯ୍ୟର ଆତପେ ତାପିତ’ ? । ବା । ଆତପ ମାନେ ରୋତ୍ରେ । ଶି । ସେମନ ସିନ୍ଦ୍ର ଚାଉଳକେ ଜାଣିତେ ସିନ୍ଦ୍ର କରିତେ ହୟ ତେମନି ଆତପ ଚାଉଳକେ—? । ବା । ରୋତ୍ରେ ସିନ୍ଦ୍ର—ଶୁକାଇତେ ହୟ । ଶି । ଠିକ୍ ବଲିଯାଛ । ରୋତ୍ରେ ସିନ୍ଦ୍ର କରିଯାଓ ଆତପ ତଗୁଳ ପ୍ରକ୍ଷତ ହୟ ଆର ଶୁଦ୍ଧ ଶୁକାଇଯା ଲଈଲେଓ ଆତପ ଚାଉଳ ପ୍ରକ୍ଷତ ହେଯ । ଥାକେ । ବା । ଶୁକାଇଲେ ତ କଠିନ ହେବେ, ତାହାତେ ଖୋସା ଛାଡ଼ିବେ କେଳ, ଚେକିତେ ଫେଲିଯା କୁଟିତେ ଗେଲେ ଅକଳ ଚାଉଳଇ ଭାଜିଯା ଗୁଡ଼ା ହେବେ । ଶି । ସାହାରା ଧାନ୍ୟକେ କେବଳ ରୋତ୍ରେ ଶୁକାଇଯା ଚାଉଳ ପ୍ରକ୍ଷତ କରେ ଅଧ୍ୟେତ୍ର ଅଲେର ଛିଟା ଦେଇ ନା, ତାହାଦେର ଚାଉଳ ଅମେକ ଭାଜିଯା ଖୁଦ ହୟ । କିନ୍ତୁ କେବଳ ରୋତ୍ରେ ଶୁକାଇଲେଓ ଯେ ଖୋସା ଛାଡ଼େ ତାହାର ତାତ୍ପର୍ୟ ଆଛେ । ଧାନ୍ୟର ଖୋଶାଯ ସତ ରୁସ ଥାକେ ଡାଙ୍ଗେକ୍ଷା ତାହାର ଶ୍ରେଷ୍ଠ ଅଧିକ—ଏହି ଅନ୍ୟ ଅଧିମତ୍ତଃ ଚାଉଳ ସ୍ଫୀତ ହେଯା ଭୁର୍ବୀଂ ଫୁଲିଯା ଥାକେ । ରୋତ୍ରେ ଦିଲେ ଉପରୁକ୍ତାର ଖୋସାର ରୁସ ଅଣ୍ପ ଏବଂ ଦେଇ ଖୋସା ଚାଉଳେର ଚତୁର୍ଦ୍ଦିଶ୍ଵରେ ବେଣ୍ଟିଛ, ଅତରେ

তাহা অধিক সঙ্গচিত হইতে পারে না—ভিতরকার চাউলের রস শুষ্ক হইলেই সেই চাউল সঙ্গচিত হয়—মুতরাং ধানের খোসায় এবং তাহার শস্যে যে বন্ধন থাকে তাহা শুধু হইয়া পড়ে। এই হেতু শুষ্ক শুকাইয়া লইলেও ধানের খোসা ছাড়িয়া যায়। তোমরা এক জন মিকটে আইস, বিশেষ করিয়া দেখাইতেছি। আমি আপনার হস্তের সমুদায় অঙ্গুলি বিস্তার করিয়া রাখিলাম, তুমি দুই হাতে আমার হাতকে বেষ্টন করিয়া ধর—ধরিবাচ্ছ ? দেখ এখন আমি কিপ্পিং বল না করিলে আপনার হাত ছাড়াইয়া লইতে পাবি না। কিন্তু এই একেবারে সমুদায় অঙ্গুলি সঙ্গচিত করিলাম, তোমার হাত, যেমন চতুর্দিক বেষ্টন করিয়াছিল তাহাই রহিল, এবং তুমি টেরও পাইলা না আমি আপনার হাত বাহির করিয়া লইলাম, চাউলেরও—?। বা। এই রূপ হব, উহা প্রথমে বসে কুলিয়া থাকে, কিন্তু বোঝে দিলে সেই রস শুকাইয়া যায়, এবং চাউল ছোট হইয়া ধানের ভিতরে আলগা হইয়া পড়ে। শি। তবে মনুষেরা মানা হইতে যে দুই প্রকারে চাউল প্রয়োজন করেন তাহার এক প্রকারের নাম—?। বা। সিঙ্গ চাউল, এবং অন্য প্রকারের নাম আতপ চাউল। শি। মনুষের কৃত সামগ্ৰীকে কি সামগ্ৰী বলে ?—পুত্ৰমেশৰ বাহার স্মৃতি করিয়াছেন, তাহার নাম স্বাক্ষৰিক, অকৃতিম। মনুষ কৃত সামগ্ৰী—?। বা। ফুটিম। শি। তবে চাউ-

মেৰ কৃতিম প্ৰত্যেক ? ৰা । ছই ; সিঙ্গ এবং আতপ ;  
শি । ইহার স্বাভাৱিক প্ৰত্যেক—? ধান্যের প্ৰত্যেক ছই-  
তেই হইবে, ধান্য কৰ অকাৰ কিছু বলিতে পাৰ ? ৰা ।  
এক প্ৰকাৰ ধান্যকে হৈমন্তিক বলে । ৰা । এক রুকম  
আউশ ধান আছে । ৰা । আৱ এক রুকমেৰ মাঘ  
বোৱো । শি । এই তিনি প্ৰকাৰ ধান্যেৰ আৱণ বিশেষ  
আছে । ইহাদিগেৰ চাশ ভিন্নৰ সময়ে ভিন্নৰ কল্পে  
ভিন্নৰ ভূমিতে হয় । এক্ষণে বল দেখি, যাহাকে হৈম-  
ন্তিক বলে তাহা কখন অয়ে তাহার চাষ কি প্ৰকাৰ  
এবং অন্যান্য ধান্য হইতে তাহার বিশেষ কি ? ।  
অনুমান হয়, তোমৰা ইহার কিছুই জান না । কাৰ্ত্তি-  
কেৰ ১৫ই হইতে পৌষেৰ ১৫ই পৰ্বান্ত হেমন্ত খতু ।  
হেমন্তে যে ধান্য পাকে তাহাৰই নাম—? । ৰা । হৈম-  
ন্তিক । হৈমন্তিক ধান্যেৰ রোপণ এবং বৰ্জন সময়েৰ  
ক্লষকদিগেৰ ছইটী কাৰিকা আছে । চাষাদিগেৰ ভাৰা  
উৎকৃষ্ট সাধুভাৱ নয়, কিন্তু তাহারা এই সকল বিষয়েৰ  
তথ্য উত্তম জানিলে । অতএব তাহাদিগেৰ ছান্মে অনু-  
সন্ধান কৱিলে কৃষিকাৰ্যৰ অনেক বিষয় শিখিতে  
পাৰা হায় । গ্ৰহীটী কাৰিকাৰ একটী এই” ।

“আৰাড়ে রোঝ দলকে । আৰণে রোঝ ফলকে ।  
তাজে রোঝ ভুক্ষে । আশ্বিনে রোঝ কিকে ?”

অৰ্ধীৰ আৰাড়মাসে হৈমন্তিক রোপণ কৱিলে অনেক  
দৰ্শক পাতা অয়ে ; ফল উত্তম হয় না । আৰণে

রোপণ করিলে ? । বা । ফল উত্তম হয় । বা । কাজে  
কইলে ভূস অধিক হয় । বা । আশ্রিতে কইলে কিছুই  
হয় না । শি । অপর কারিকার্ট এই ।

“কোর্টিকের বিশে না থাকে অঙ্গুলা ।

অগ্রহায়ণের বিশে না থাকে অপাকা ।”

ইহমন্তিক ধানোর কর্তৃম পৌষ মাসে হয় । এই জন্ম  
ঐসময়ে সকলের বাটীতে লক্ষ্মী পূজা হইয়া থাকে ।  
লক্ষ্মী, ধানোর দেবতা । বৎসরের মধ্যে ষত বার লক্ষ্মী  
পূজা হয় ততবার ধানা বিষয়ক কোম কারণ-বশতঃ  
হইয়া থাকে । ধানা পাকিলেই সোকে লক্ষ্মী পূজা  
করে । ধানা-সম্বক ব্যতিরেকে লক্ষ্মী-পূজা নাই ।

শি । ইহমন্তিক ধানোর ষে চাউল সে অন্য সর্ব  
চাউল অপেক্ষা উত্তম । তাহার গুঁড়া শীঘ্ৰ উঠে, তা-  
হার ক্ষীর শীঘ্ৰ মনে অর্থাৎ রস দ্বারা শুষ্ক হয় । অত-  
এব তাহার ভাতও দিব্য সত্ত্ব সত্ত্ব হয় এবং কদাপি  
চলচ হয় না । ইহইস্তিকের প্রকার ভেদও অনেক  
আছে । তাহার গুটিকতকের নাম বলিতেছি ; অধিক  
বলিলে মনে থাকিবে না । রামশালী, লক্ষ্মীবিলাস,  
মধুমাধ্য, কনকচূর ইত্যাদি । ইহমন্তিক ধানোর মধ্যে  
কতকগুলি অতি সুগন্ধ । সেই সকল ধানোর ক্ষেত্রে  
বেড়াইতে বড়সুখ হয় ; এবং সুষক লোককে জিজ্ঞাসা  
করিলে তাহাদিগের বিশেষ নাম ও লক্ষণ অনেক জা-  
নিতে পারা যায় ।

শি। ঈমন্তিক ধান্মোৰ বিষয় কিৰ্তিৎ শুনিলে, আৱ  
কোন্ ধান্মোৰ নাম কৱিয়াছিলে পুনৰ্বার বল। বা।  
আউশ। শি। আউশ নয়—আশ। আশ শব্দেৱ  
অর্থকি—?—“এই কৰ্মটি আশ সমাপন কৱিতে হইবে”  
বলিলে কি বুৰাই ?। বা। শীঘ্ৰ কৱিতে হইবে বুৰাই—  
আশ অৰ্থে শীঘ্ৰ—। শি। তবে ইহার নামেই বোধ  
হইতেছে যে এই ধান্ম ?—। বা। অতি শীঘ্ৰ কলে।  
শি। কৃষকেৱা কহে।

“আউশ ধান্মেৰ চাশ।

লাগে তিন মাস।”

ইহার রোপণ জৈষ্ঠে এবং কৰ্তৃন ভাত্তে হইয়া  
থাকে। এই ধান্ম ঈমন্তিক অপেক্ষা কিৰ্তিৎ উচ্চ  
ভূমিতে জন্মে। ইহার প্রকারণ অনেক, সখা বেনা-  
ফুল, বেউডঝাড়, মুমালতী ইত্যাদি।

শি। দুই প্রকার ধান্মোৰ বিবরণ শ্ৰবণ কৱিলে।  
আৱ এক প্রকার কি ?। বা। বৌৱো। শি। নোৰে।  
ধান্ম সৰ্বাপেক্ষা অপৰুষ। ইহার বৰ্ণ ৪।। মল, চাউল  
ভাৱী এবং সুসিঙ্ক হইতে অনেক বিলম্ব দৰ। বৌৰে।  
ধান্মোৰ সময় নিৰ্দিষ্ট নাছ। অন পাইলেই বৌৱো  
অগো। ভূমিভৈনে ইহার কিৰ্তিৎৰ কেদ ও আছে।  
ফলতঃ এই সকল বিষয় কথায় শুনিয়া সম্পূৰ্ণ ভূমিতে  
পাৰা যায়না, চক্ষে দেখিতে হয়, এবং যাহাৱা এই  
স্তুকল কৰ্মেৱ কস্তী তাৰাদিগকে জিজ্ঞান। কৱিয়া আমি-

তে হয়। আজিত কেবল ভাঁড়ের বিবরণেই সময় শেষ হইল; তবু সমুদায় কথার শেষ হইল না। না হউক, যদি কালি শীঘ্ৰ শীঘ্ৰ পাঠ সমাপন হয় তবে ব্যঙ্গনের কথা হইবে। কিন্তু কালি কে কি চাউলের ভাত খাও, বাটীতে জিজ্ঞাসা করিয়া আসিও।

এবস্ত্রাকার কথোপকথন দ্বারা পদাৰ্থবিদ্যা সমূহীয় বিবিধ বিষয়েরও শিক্ষা প্রদান কৰা যাইতে পারে। পদাৰ্থবিদ্যা শিক্ষা কৰিতে হইলে যে গণিত এবং ক্ষেত্রতত্ত্বে সমধিক ব্যুৎপত্তিৰ প্রয়োজন হয় এই কথা সামান্যতঃ অছণ কৰা কৰ্তব্য নহে, বিবেচনা কৰিয়া দেখিলে স্পষ্টই মোখ হইবে যে, পদাৰ্থ-তত্ত্বঘটিত অতি প্রধান ২ নিয়ম গুলি গণিত সাপেক্ষ হয় না। বাল্যাবধি আমুরা স্বৰ স্বত্ত্বাবধীন আপনা হইতেই পদাৰ্থবিদ্যা শিক্ষা কৰিয়া থাকি এবং প্রক্রিগত বিশেষ ২ ব্যাপা-বের পৱীক্ষা দ্বারা সাধাৰণ নিয়ম সমস্তও অনুমান কৰিয়া লাই। বস্তুতঃ ঈশ্বৰের প্রথম দুই তিন বৎসৱের মধ্যে যে কত বিষয়ের কেমন সহজে শিক্ষা হইয়া থাকে তাৰা ভাবিয়া দেখিতে গেলে আশৰ্য্য জ্ঞান কৰিতে হয়। একটী ভাষা সমুদায় শিক্ষিত হইয়া থায়—কাল, আকাশ, সংখ্যা জ্ঞাতি প্রকৃতি যে সকল বিষয়ের লক্ষণ মির্দেশ কৰা এবত কঠিন তথ সমুদায়েরও অতি ঈশ্বৰে অব-বোধ হয়, অনেকানেক জ্বৰের দোষ গুণ কার্য্যাপু-মোগিজা এবং ব্যবহার প্রণালীও ঈশ্বৰে অবগত

হওয়া বাব, আর মেই সময় মধ্যে অন্যের মন বুঝিবার ক্ষমতা অল্পেকাংশে জয়িয়া থাকে। ফলতঃ শ্রদ্ধম ছাই তিনি বৎসর বয়সের মধ্যে আমরা যত বিষয় শিখি এবং অধিক বয়সে উদ্বিজ্ঞ হইবার উপর্যোগী যত প্রকার জ্ঞানের বৌজ এই সময় মধ্যে আমাদিগের জ্ঞানের ক্ষেত্রে উপ হইয়া থায়, তাহা বিবেচনা করিয়া দেখিলে অবশিষ্ট বাবজীবনের মধ্যে এত পুষ্টক পাঠ করিয়াও তাহার সমান হইয়া উঠে কি না তত্ত্বাবলৈ বিলক্ষণ সংশর আছে। বালের শিক্ষায় কোন কাণ্পমিক নিয়ম শিক্ষা নাই—প্রবলতর কৌতুহল পরিপূরণের আশ্চর্যে শিশুরা নিরস্তর দ্রব্য সমস্ত লইয়া পরীক্ষা-বিধান করিতে করিতেই বিষয় শিক্ষা এবং মনো-যুক্তির উজ্জ্বল করিয়া লয়। অতএব এই প্রাক্তিক নিয়মানুবায়ী হইয়া পদাৰ্থ-তত্ত্বের শিক্ষা প্রদান করিতে পারিলে ষে সমস্ত শুভকল দর্শিবার সম্ভাবনা হয় তাহাতে কোন সন্দেহ নাই। ষেই বিষয়ের উপদেশ দিতে হইবে তাহা পরীক্ষা দ্বারা প্রত্যক্ষ করাইয়া শিশুদিগের জ্ঞানে করাইলেই পদাৰ্থ-তত্ত্বের শিক্ষা হইবে। ত্রুটি ছাত্রবর্গ বয়োধিক হইলে পদাৰ্থ-তত্ত্বগত নিয়ম সকলে গণিতের অয়োগ দেখাইয়া তাহাদিগের মনে পূর্বৰ্ণার অভিমুখ আসলের আবির্ভাব করিতে পারা থাইবে।

কিঞ্চ পদাৰ্থ-তত্ত্বের বিষয় সমস্ত পরীক্ষা করিয়া দেখা-ইতে হইলে বিবিধ প্রকার ঘজ্জের অয়োজন হয়।

যাহারা এইরূপ মনে করেন, তাহাদিগের প্রতিবক্তব্য এই যে, বিজ্ঞান সহজীয় ষন্ট্ৰ'সমস্ত থাকিলে শিক্ষা দেওয়া সহজ হয় বটে, কিন্তু তাহা না থাকিলেও পরীক্ষা-বিধান করা নিতান্ত অসাধ্য ব্যাপার হয় না। সচরাচর যে সকল ব্যাপার ঘটিয়া থাকে তাহা হইতেই অনেকানেক স্থলে পরীক্ষা-বিধান করা যাইতে পারে।

কতিপয় উদাহরণ দ্বারা এই কথার তাৎপর্য একটুম করা যাইতেছে।

(১) বাস্তু ছিতিষ্ঠাপক। একটী শিশির তল ভাগকে ছিঁড় করিয়া পরে সেই ছিঁড় কিঞ্চিৎ মম দিয়া বন্ধ করিয়া লও এবং একটী গামলায় অলঙ্কৃত দ্বারা রঞ্জিত করিয়া কিঞ্চিৎ জল রাখ।

এফগে, শিশিটীকে বিপর্যস্ত ভাবে ঝঁ গামলার অলে মগ্ন করিতে গেলে উহা সমুদায় মগ্ন হইয়া যাইবে না, শিশির অভ্যন্তরস্থ বায়ু কতক স্থান অবরোধ করিয়া থাকিবে। শিশির উপরে কিঞ্চিৎ অধিকচাপ দিলে উহা পুরুষাপেক্ষা অধিকদূর পর্যন্ত মগ্ন হইবে, কিন্তু সেই চাপ তুলিয়া লইলে উহা পুনর্বার ভাসিয়া উঠিবে, এবং পরিশেষে শিশির তলভাগের মম খুলিয়া লইলে উহা আপনার ভারেই ডুবিয়া যাইবে, আর সেই সময়ে হিঁচ হাঁড়া বায়ু ও নির্গত হইয়া যাইবে। এই সকল ব্যাপার শুনি দেখাইয়া বায়ুর ছানাবরোধকতা, সতোচ্যজ্ঞ,

## ১৬২ শিক্ষাবিধানিক প্রস্তাৱ।

এবং বিস্তাৰ্য্যতা তথা হিতিশাপকতা এততি সমুদায় গুণ অতি স্পষ্টভাবে অনুভূত কৰা যাইতে পাৰে।

(২) বায়ুৰ চাপ আছে। একটী পেঁপেৰ ডাল সইয়া তাহার একদিক সমৃদ্ধায় জলে ঘং কৰিয়া অপৰ প্রাণ্যে মুখদিয়া শোষণ কৰিলে অল উঠিয়া মুখের ভিতৱ্বে আইসে, কিন্তু ঈ মলেৰ মধ্যাভাগে কোল একছালে ছিন্ন কৰিয়া দিলে আৱ উঠে না।

(৩) পৱৰীক্ষা বিধালে বে প্ৰকাৰ শিশিৰ বিবৰণ কৰা গিয়াছে সেই প্ৰকাৰ শিশিকে শ্ৰথমতঃ জলে ডুবাইয়া পৰে বিপৰ্য্যক্ত ভাবে অল হইতে ভুলিতে গেলে প্রাণ্যই দেখা বায় যে, বতক্ষণ শিশিৰ মুখভাগটী জলেৰ ভিতৱ্বে থাকে ততক্ষণ শিশি হইতে অল বাহিৰ হইয়া পড়ে না ; কিন্তু শিশিৰ পশ্চাস্তাগেৰ মম খুলিয়া সই-বামাত, সমুদ্ধায় অল উহা হইতে বহিৰ্গত হইয়া যায়।

(জল ৩৪ কুট পৰ্য্যন্ত এই একাৱে উচ্চ হইয়া থাকিতে পাৰে, পাৱা জল অপেক্ষা ১৩ গুণ অধিক তাৰী উহা কত দূৰ উন্নত হইয়া থাকিবে ?।) এই সকল ব্যাপ্তিৰে কাৱল উত্তৰ কৰণে হস্তান্ত হইলে বায়ুমাল এবং বেঁমাকলেৰ প্ৰকৃতি সূচ্পষ্ট হইবে।

(৪) একটী গ্লাস জলে পৱিপূৰ্ণ কৰিয়া তাহার উপৰ এক থালি মস্তক প্ৰস্তুত কলক বসাইয়া দেও, পৰে সাৰ-মস্তক পূৰ্বক শীঘ্ৰে ২ ঈ গ্লাস এবং প্ৰস্তুত ফলককে উলটাইয়া ধৰ, তাহাতে অলপূৰ্ণ গ্লাসটী পাতালৰে উপৰ-

ଉପର ହଇୟା ବନ୍ଦିବେ, ଏକଣେ ଝାମେର ତଳଭାଗ ଧାରଣ କରିୟା ସମ୍ମାନ ତାବେ ଭୁଲିଲେ ଅନ୍ତର ଫଳକ ଶୁଦ୍ଧ ଉଠିଯା ଆସିବେ ।

ସମଚତୁର୍କୋଣ ଏକ ଥଣ୍ଡ ଚର୍ଚେର ମଧ୍ୟଭାଗେର ଏକଟି ରଙ୍ଜୁ ବନ୍ଧନ କବ, ପରେ ମେଇ ଚର୍ଚୀ ଥଣ୍ଡକେ ଉତ୍ତମ ରୂପେ ଅନ୍ତର କରିୟା ତାହାକେ ଏକଟି ମହନ କାଢ଼ ଫଳକେର ଠିକ ମଧ୍ୟଭାଗେ ବସାଇୟା ଦେଓ, ଏକଣେ ରଙ୍ଜୁ ଖବିୟା ଭୁଲିଲେ ଝାମେର ବାଟୁ ଫଳକ ସମେତ ଉଠିଯା ଆସିବେ । ଝାମେତ ଫଳକେର ଉପର ଭାରୀ ବାଟଖାରା ସକଳ ବସାଇୟା ସମୁଦ୍ରାବେର ଭାବ ପରିମାଣ କରିୟା ଦେଖିଲେ ବିଲଙ୍ଘଣ ଅତୀତି ହଇବେ ସେ ଚର୍ଚୀ-ଥଣ୍ଡେ ସତ ବର୍ଗ ଇଞ୍ଚି ଛାନ ଆହେ ତତବାବ ସାତଦେର ଭାର ଝାମେ କପେ ଉପର ହଇତେ ପାରେ । ( ସେ ଚର୍ଚୀ ଥଣ୍ଡେର ବ୍ୟାସ ୩ଇଞ୍ଚି ତାହାର ହାବା କତ ତାର ଏହି ରୂପେ ଉଦ୍ଦକ ହଇତେ ପାରେ ? । )

( ୪ ) ତାପ ମଂଧ୍ୟୋଗେ ବାୟୁ ବିଷ୍ଟ ତ ହୟ । କାଗଜେର ଏକଟି ଠୁଲୀ ଅନ୍ତର କରିୟା ତାହାକେ ଅନ୍ପେ ୨ ଟିପିଯା ପବେ ଯୁଦ୍ଧ ଘାର ବାହିଯା ତାହାର ମୁଖ ବନ୍ଧ କର, ଏକଣେ ଝାମେ ଝାମେର କୁଣ୍ଡଳ କାମ କରିବାର ପରିମାଣ କରିଲେ ଦେଖା ଯାଇବେ ସେ, ଉତ୍ତାବ ମେ ସକଳ ଭାଗ ସର୍ବଚିତ ହଇୟାଛିଲ ତାହା ସମୁଦ୍ରାଯ ପୁରୁଷାର ବିଷ୍ଟ ହଇୟା ଉଠେ ।

